




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 8 April, 2023 ■ আগরতলা ৮ এপ্রিল, ২০২৩ ইং ■ ২৪ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## ডাইনি সন্দেহে চাম্পাহাওয়রে মহিলাকে নৃশংসভাবে খুন

### স্বীকারোক্তি দিল ধৃত আট অভিযুক্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।।** ডাইনি সন্দেহে এক মহিলা নৃশংসভাবে খুন হয়েছেন। তাঁকে খুনের অপরাধে ত্রিপুরা পুলিশ আটজনকে গ্রেফতার করেছে। ওই ঘটনায় খোয়াই জেলায় চাম্পাহাওর উদ্ধার করেছে। পুলিশ জানিয়েছে, ওই ঘটনায় কাজল কন্দ(৬৫), চরিত্র কন্দ(৪০), চন্দন তাঁতি(৩৫), অজিত কন্দ(২৫), সঞ্জিত কন্দ(২০), বিমল কন্দ(১৯), মিঠুন কন্দ(১৮) ও আকাশ কন্দ(১৮)-কে গ্রেফতার করা হয়েছে।

থানাধীন পূর্ব বেহালবাড়ি নেংটিবাড়ি কন্দ বস্তি এলাকায় পরিস্থিতি থমথমে হয়ে রয়েছে। পুলিশ জানিয়েছে, পরিত্যক্ত শৌচাগারের গর্তে ওই মহিলার মৃতদেহ উদ্ধার হয়েছে। ওই ঘটনায় আটজনকে আটক করা হয়েছিল। খুনের ঘটনার স্বীকারোক্তি মূলে ওই আটজনকে গ্রেফতার করা হয়েছে।



ডাইনি সন্দেহে মহিলাকে খুনের মামলায় গ্রেপ্তার করা হয়েছে আটজনকে। ছবি নিজস্ব।

এ-বিষয়ে মৃতের স্বামী রঞ্জন কন্দ বলেন, তাঁর স্ত্রী কৌশল্যা ঘাটুয়ালকে আত্মীয়রা অপহরণের পর খুন করেছে। তিনি বলেন, তাঁদের এক বড় ভাইয়ের মৃত্যু হয়েছিল। ওই মৃত্যুর জন্য তাঁর আত্মীয়রা তাঁদেরকে দোষারোপ করেন এবং মারধরে এগিয়ে গেছিলেন। তাঁকে কোন ক্ষতি না করলেও তাঁর স্ত্রীকে অপহরণ করে নিয়ে যান আত্মীয়রা। এরপর থেকে স্ত্রীকে খুঁজে পাচ্ছিলেন না তিনি। তাই বিষয়টি পূর্ব বেহালাবাড়ি পঞ্চায়েতে জানানোর পর চাম্পাহাওয়র থানার দ্বারস্থ হন তিনি।

তিনি বলেন, পুলিশ তাঁর স্ত্রীর অপহরণের বিষয়টি জানার পর কন্দ বস্তিতে গিয়ে জিজ্ঞাসাবাদের পর সন্দেহভাজন আটজনকে আটক করেছে। তাঁদের স্বীকারোক্তিতেই পুলিশ পরিত্যক্ত শৌচাগারের গর্ত থেকে কৌশল্যার মৃতদেহ

পুলিশ আধিকারিকের কথায়, গতকাল সন্ধ্যা সাড়ে পাঁচটা নাগাদ মহিলা নিখোঁজের খবর পেয়ে কন্দ বস্তিতে গেছে পুলিশ। সেখানে অভিযুক্তদের জিজ্ঞাসাবাদের পর মহিলার হদিস মিলেছে। তাঁরা ওই মহিলাকে খুন করার পর পরিত্যক্ত শৌচাগারের গর্তে ফেলে দিয়েছিল। সেখান থেকে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। ওই পুলিশ আধিকারিক বলেন, ধৃত আটজন ওই মহিলাকে খুন করেছেন বলে স্বীকারোক্তি দিয়েছে। আজ তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

## ১৯ দিন যাবৎ উদয়পুরের যুবক নিখোঁজ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** কাজের সন্ধানে বেরিয়ে ১৯ দিন যাবৎ বাড়িতে ফিরে আসেনি ছেলে।নিখোঁজ ছেলেকে ফিরে পাওয়ার আর্জি নিয়ে পুলিশের দ্বারস্থ হয়েছেন অসহায় মা।

এ বিষয়ে অনিতা দেব মালাকার জানিয়েছেন, ১৯ দিন আগে তাঁদের বড় ছেলে রাজ মালাকার কাজের সন্ধানে বাড়ি থেকে বেরিয়ে ছিল। কিন্তু আজ পর্যন্ত বাড়িতে ফিরে আসেনি ছেলে। তাঁরা উদয়পুর মহকুমায় গঙ্গাছড়া এলাকার বাসিন্দা।

অনেকদিন ধরে ছেলের সাথে মোবাইলেও যোগাযোগ করা যাচ্ছে না বলে জানিয়েছেন তিনি। তাঁর খোঁজ না পেয়ে অবশেষে আজ তিনি রাধাকিশোরপুর থানায় ছুটে গিয়েছেন। থানায় ছেলের নিখোজঁ ডায়েরি করেছেন তিনি।

## বিশালগড়ে দুই গাড়ির সংঘর্ষে গুরুতর আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** দুই মারুতি গাড়ির সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন দুই জন। ঘটনা শুক্রবার সকালে সেকেরকোট দারোগাবাড়ি এলাকায় ঘটেছে। খবর পেয়ে ছুটে গেছে দমকল বাহিনী।দমকল কর্মীরা আহতদের উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গেছেন।

জনৈক দমকল কর্মী জানিয়েছেন, সেকেরকোট দারোগাবাড়ি এলাকায় একটি মারুতি গাড়িকে পেছনে দিক থেকে এসে অন্য একটি মারুতি গাড়ি সজোড়ে ধাক্কা দিয়েছে, তাদের কাছে এমনই খবর আসে। ওই ঘটনায় পেছনের গাড়িতে থাকা দুই জন পায়েল সাহা এবং পদ্ম ভট্টাচার্যের মাথায় গুরুতর আঘাত লাগে। দুর্ঘটনার খবর পেয়ে বিশালগড় অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে গিয়েছেন। আহতদের উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গেছেন।

## বিজেপি কর্মীর পুকুরে বিষ দিয়ে প্রচুর মাছ নিধন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** পুকুরে বিষ দিয়েছে দুর্বৃত্তরা। অভিযোগ, কংগ্রেস দলে যোগদান না করার ফলে রাতের আঁধারে বিজেপি কর্মীর পুকুরে বিষ দেওয়া হয়েছে। তাতে পুকুরের প্রচুর মাছের মৃত্যু হয়েছে। কংগ্রেসের বিরুদ্ধে এই অভিযোগ তুলে দক্ষিণ মধুপুর ত্রিশ কাঠ এলাকার বাসিন্দা রতন সরকার প্রচন্ড ক্ষোভ প্রকাশ করেছেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গেছেন মৎস দফতরের কর্মী সহ স্থানীয় গ্রাম প্রধান।

পুকুরের মালিক রতন সরকার জানিয়েছেন, বৃহস্পতিবার গভীর রাতে ☞ ৬ এর পাতায় দেখুন

## সিট বেল্ট বাধা নিয়ে রাজপথে সাড়াশি অভিযান ট্রাফিক পুলিশের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** গাড়ির চালক ও সামনে বসা সহযাত্রীর সিট বেল্ট বাধ্যতামূলক বাধার জন্য অভিযানে নেমেছে ট্রাফিক পুলিশ। আইন অমান্য করার দায়ে ৫০০ টাকা করে জরিমানা আদায় করা হয়েছে। শুক্রবার ওই অভিযান আগরতলায় উত্তর গেইট সংলগ্ন এলাকায় চলেছে।



আগরতলায় উত্তর গেইটে ট্রাফিক পুলিশ অভিযান চালিয়েছে শুক্রবার। ছবি নিজস্ব।

জনৈক ট্রাফিক পুলিশ জানিয়েছেন, প্রতি নিয়ত যান দূর্ঘটনার বলি হচ্ছেন বহু মানুষ। তাই দূর্ঘটনাজনিত মৃত্যু রোধে বিশেষ অভিযানে নেমেছে ট্রাফিক পুলিশ। ট্রাফিক দপ্তর থেকে কিছুদিন পূর্বে বিজ্ঞাপন দিয়ে গাড়ি চালকদের সতর্ক করা হয়েছিল। গাড়ি চালানোর সময় সিটবেল্ট অবশ্যই বাঁধতে হবে। কারণ দিন দিন রাজ্যে দূঘটনা বেড়ে চলছে। কিন্তু দেখা গেছে প্রায় ৭০ শতাংশ চালক ও যাত্রীরা সিট বেল্ট ব্যবহার করছেন না। তাই আজ থেকে শুরু হয়েছে সিট বেল্ট বাধার জন্য অভিযান।

তিনি আরও জানান, আইন অমান্যকারীদের কাছ থেকে ৫০০ টাকা করে জরিমানা আদায় করেছে ট্রাফিক পুলিশ। শুক্রবার রাজধানীর উত্তর গেইট এলাকায় ওই অভিযান চলেছে। আগামী দিনেও এই অভিযান জারি থাকবে বলে তিনি জানিয়েছেন।

## চিন্তা বাড়াচ্ছে করোনা, রাজ্যকে সতর্ক থাকার বার্তা কেন্দ্রের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** ভারতে নতুন করে চিন্তা বাড়াচ্ছে করোনাভাইরাস। এই অবস্থায় শুক্রবার কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া সব রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করলেন। বৈঠকে প্রত্যেককে সতর্ক থাকার বার্তা দেওয়া হয়েছে।

বৈঠকে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী পরামর্শ দিয়েছেন, সমস্ত রাজ্যগুলি যাতে কোভিড উপযুক্ত আচরণবিধি পালন করে। আগামী ১০ এবং ১১ তারিখ যেন সমস্ত হাসপাতালে মকড্রিল করা হয় এবং সেইসঙ্গে স্বাস্থ্য পরিকাঠামো ঠিক আছে কিনা তা দেখতে অবশ্যই যেন স্বাস্থ্যমন্ত্রীরা সশরীরে হাজির থাকেন। পাশাপাশি কোভিড পরীক্ষা ও জিনোম সিকোয়েন্সিং বাড়ানোর ওপর গুরুত্ব দিতে বলেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী। বৈঠকে কোভিড পরীক্ষা বাড়াতে বলা হয়েছে। হটস্পটগুলি জরুরি ভিত্তিতে চিহ্নিত করার জন্য পরামর্শ দেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী।

স্বাস্থ্যমন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে করোনা সংক্রমিত ৬ হাজারেরও বেশি। ২০৩ দিন পর এই প্রথম দৈনিক আক্রান্তের সংখ্যা এত বেশি। মহারাষ্ট্র কিংবা কেরলের মতো পরিস্থিতি উদ্বেগজনক না হলেও পশ্চিমবঙ্গেও আগের তুলনায় বাড়ছে সংক্রমণের হার। গত ২৪ ঘণ্টায় বাংলায় আক্রান্ত ৪৪ জন। যার মধ্যে শুধু কলকাতাতেই সংক্রমিত ১৪ জন। দ্বিতীয় স্থানে রয়েছে বর্ধমান। সে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিলোনীয়ায় রক্তাক্ত অবস্থায় যুবক উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৭ এপ্রিল।।** রক্তাক্ত অবস্থায় এক যুবককে উদ্ধার করা হয় শুক্রবার সকালে। বিলোনিয়া থানাধীন থৈছামা এলাকার ঈশ্বান চন্দ্র নগর গ্রাম পঞ্চায়েতের বনন্ত পাড়া রাস্তার পাশ থেকে উদ্ধার হয় যুবকটি। তাঁর মাথায় দায়ের কোপের চিহ্ন রয়েছে।

জানা গেছে উদ্ধার হওয়া যুবকের নাম মান্টু সরকার (৩২)। বাড়ি বিলোনিয়া থৈছামা এলাকার বাবুরাম টিলাতে। পথ চলতি জনগণ দেখতে পেয়ে খবর দেয় বিলোনিয়া অগ্নি নির্বাপক দফতরে। খবর পেয়ে দফতরের কর্মীরা ঘটনাস্থলে ছুটে এসে থৈছামা রাস্তার পাশে পরে থাকা মান্টু সরকারকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে নিয়ে আসে বিলোনিয়া হাসপাতালে। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসার পর আশঙ্কাজনক অবস্থায় মান্টুকে বিলোনিয়া হাসপাতালে থেকে স্থানান্তরিত করে দেয় আগরতলা জিবি হাসপাতালে। মাথায় দায়ের কোপের চিহ্ন রয়েছে। জানা যায়, গতকাল রাতে চৈত্রের ঢাকি পালা দেখতে বাড়ি থেকে বের হয় মান্টু। ঘটনার সাথে কারা যুক্ত এবং কি কারনে মান্টু সরকারকে রক্তাক্ত করা ☞ ৬ এর পাতায় দেখুন

## রেলে কাটা পড়ে ব্যাঙ্ক কর্মীর মৃত্যু, মিলল সুইসাইড নোট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।।** রেলে কাটা পড়ে মর্মান্তিক মৃত্যু হলো ৬০ বছর বয়সী এক ব্যাংক কর্মীর। সাধুটিলা রেল ব্রিজ সংলগ্নে রেলে কাটা পড়ে মৃত্যু হয়েছে এই আগরতলা স্টেট কম্পারেটিভ ব্যাংকের কর্মী শিবু দে -র। বাড়ি যোগেন্দ্রনগর এলাকায়।

পুলিশ জানায় শুক্রবার সকালে স্টেশন মাস্টারের কাছ থেকে খবর পায় সাধুটিলা রেল ব্রীজ সংলগ্নে এক ব্যক্তি রেলে কাটা পড়েছে। সে মোতাবেক পুলিশ ছুটে গিয়ে দেখে দমকল কর্মীরা ব্যাংক কর্মী শিবু দে -কে নিয়ে এসেছে জিবি হাসপাতালে। পুলিশ জিবি হাসপাতালে ছুটে আসার পর কর্তব্যরত চিকিৎসক জানান, মৃত্যু হয়েছে ব্যাংক কর্মীর। ব্যাংক কর্মীর কাছ থেকে একটি সুইসাইড নোট উদ্ধার করেছে পুলিশ।

ঘটনার অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত করছে বলে জানায় পুলিশ। ঘটনার খবর পেয়ে হাসপাতালে ছুটে আসে পরিবার পরিজন। কি কারণে আত্মহত্যা সে বিষয় নিয়ে মুখ খুলতে চাইছে না কেউ। মৃতদেহ ময়না তদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

## যোগ ভুলে গিয়েছিলাম, প্রধানমন্ত্রী মনে করিয়ে দিয়েছেন ঃ মুখ্যমন্ত্রী



ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় ময়দানে যোগ কর্মসূচীতে অংশ নিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসার (ডাঃ) মানিক সাহা।

**ডিব্রুগড়, ৭ এপ্রিল(হি. স.)।।** দেশ যোগ মহোৎসব পালনের পথে এগিয়ে চলেছে। অমৃতকালে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় ময়দানে আজ থেকে আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন পর্যন্ত ৭৫দিন ব্যাপী শিবিরের সূচনা হয়েছে। এদিন যোগ মহোতবে বড় ঘোষণা দিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সানোয়াল। তাঁর ঘোষণা, ডিব্রুগড়ে শীঘ্রই ১০০ শয্যা বিশিষ্ট যোগ এবং ন্যাচারোপ্যাথি হাসপাতাল স্থাপন করবে আয়ুষ মন্ত্রক।

এদিকে, ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা বহু যোগ আবারও মানুষের জনপ্রিয় করে তুলার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দিয়েছেন। তাঁর কথায়, ভারতের ঐতিহ্য যোগ আমরা ভুলতে বসেছিলাম। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্য আজ সারা বিশ্বে যোগ খুবই জনপ্রিয় হয়ে উঠেছে।

মেগা যোগ শিবিরে আজ কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সানোয়াল ছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা:) মানিক সাহা, অরুণাচল প্রদেশের উপমুখ্যমন্ত্রী চোনা মইন, কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের রাষ্ট্র মন্ত্রী তথা ডিব্রুগড়ের সাংসদ রামেশ্বর তেলি, বিদেশ মন্ত্রকের রাষ্ট্র মন্ত্রী ড় রাজকুমার রঞ্জন সিং, অসমের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী কেশব মহন্ত, মণিপুরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সপম রঞ্জন সিংহ, মেঘালয়ের বিদ্যুৎ মন্ত্রী এ টি মন্ডল, ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জিতেন হাজারিকা সহ অন্যান্যরা।

এদিন কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সানোয়াল বলেন, ডিব্রুগড়ের প্রাচীন পরিবেশে এই যোগ মহোতবের আয়োজন খুবই আনন্দের এবং গর্বের বিষয়। তাঁর কথায়, আজ এই যোগ শিবিরের সহস্রাধিক মানুষের অংশগ্রহণ যোগকে স্বাস্থ্যকর ও উন্নত ভবিষ্যতের দিকে ☞ ৬ এর পাতায় দেখুন

## টেট'র প্রশ্নপত্রে মারাত্মক ভুল হয়েছে বিবেচনার দাবি জানাল পরীক্ষার্থীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** টেট পরীক্ষার প্রশ্নপত্রে মারাত্মক ভুল থাকার বিষয়টি উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরীক্ষার্থীদের তরফ থেকে জোরালো দাবি জানানো হয়েছে। ফাইনাল আনসার শিট প্রকাশের সময় সমস্যা গুলি নিরসন করার দাবি জানিয়েছে পরীক্ষার্থীরা। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে এই কথা জানান টিআরবিটির পরীক্ষার্থীরা।

টি আর বি টি-র মাধ্যমে ২০২২ সালের ২৯ ও ৩০ ডিসেম্বর টেট পরীক্ষা গ্রহণ করা হয়। সেই প্রশ্নপত্রে বানান ও প্রশ্নপত্রে একাধিক ভুল ছিল। পরীক্ষা প্রদানের শেষে টি আর বি টি-র নজরে একাধিকবার বিষয়টি নেয় পরীক্ষার্থীরা। এই সমস্ত বিষয় গুলি বিশেষজ্ঞদের মাধ্যমে যাচাই করা হবে বলে টি আর বি টি-র পরীক্ষা নিয়ামক তাদের আশ্বস্ত করেন। টেট ওয়ানে ২২ টি এবং টেট - টুতে ৩১ টি প্রশ্ন নিয়ে চ্যালেঞ্জ জানানো হয়। বৃহস্পতিবার টি আর বি টি ফাইনাল আনসার শীট প্রকাশ করে। এতে টেট- ওয়ানের পরীক্ষা পত্রে একটি প্রশ্নে স্টার মার্ক দিয়েছে। আর টেট - টু তে ৩১ টি প্রশ্ন পত্রের মধ্যে কলা বিভাগে চারটি প্রশ্ন পত্রে স্টার মার্ক দিয়েছে। এই অবস্থায় সিলেবাস বহিঃভূত প্রশ্ন পত্র গুলিতে স্টার মার্ক দেয়নি টি আর বি টি। এরপর উত্তর পত্রের মধ্যে রয়েছে বানান ভুল।

তাতেও স্টার মার্ক দেওয়া হয়নি। এই তিনটি সমস্যার সমাধান না করেই ফাইনাল কি প্রকাশ করেছে টি আর বি টি। ফাইনাল আনর কি প্রকাশের সময় এই সমস্যা গুলি নিরসন করার দাব জানান পরীক্ষার্থীরা। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে এই কথা জানান তারা। ২০১৮ তে ৮ টি এবং ২০২১ এ ৯ টি ☞ ৬ এর পাতায় দেখুন

## উৎসবের চেহারা নিয়েছে চৈত্রের হাট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** সেল সেল সেল- সুর বেঁধে এই চিৎকার এখন চৈত্রের হাটে। সকাল থেকে রাত পর্যন্ত এই আওয়াজে ভারী হয়ে উঠছে শকুন্তলা রোড শিশু উদ্যান সহ কামান চৌমুনি র বিস্তীর্ণ এলাকার আকাশ বাতাস। কাঠফাঁটা রোদ উপেক্ষা করে দিনভর মানুষ হাটের বেচাকেনায় ব্যস্ত। সকাল থেকে গভীর রাত পর্যন্ত চলে এই বেচাকেনা। কী নেই এই হাটে। সুই সুতো থেকে শুরু করে আপনার প্রতিদিনের ব্যবহার যে জিনিসপত্র ঘর সাজানোর জিনিস প্রসাধনী সামগ্রী জামা কাপড় খাতা কলম কাগজ এমনকি মনোহারা জিনিসও এই হাটে পাওয়া যায়। রবি ঠাকুর , জসীমউদ্দীন সহ বহু কবি হাট নিয়ে কবিতা লিখেছেন। তবে চৈত্রের হাটের সঙ্গে কবিদের লেখা মুন্সিপাড়া হাটের তফাৎ রয়েছে। কারণ এই হা ট ১১ দিন ব্যাপী। চৈত্র মাসের শেষ দিন পর্যন্ত চলে এই হাট।



শুধু শহরেই নয় গ্রামে পাহাড়ে এই হাট বসে। তবে শহরের হাটের মধ্যে থাকে বৈচিত্রে ভরা। দীর্ঘ সময় ধরে চলে এর কেনাবেচা। লাভ ক্ষতির হিসাব নিকাশ হয় একেবারেই শেষে। কার লাভ ক্ষতি কত হলো তার চেয়েও বেশি বড় হল চৈত্রের হাটের হরেক রকম জিনিসের সম্ভারে ভরে ওঠা এক বৈচিত্রের মেলবন্ধন। শারদ উৎসবের মতো কেনাকাটার এই উৎসব প্রচলিত রীতি মেনে চলে আসছে বহুকাল ধরে। মানুষ এই দিনটির জন্য অপেক্ষা করে থাকেন। ব্যবসায়ীরাও সারা বছরের প্রতীক্ষার অবসান ঘটে এই হাটে। ব্যবসার সারা বছরের হিসেব-নিকেশ হয় চৈত্রের এই হাটে। তাই চৈত্র হাট বহু দিক দিয়ে অন্য হাটের চেয়েও একটু আলাদা। কারণ এই হাটে মানুষ যে কোন জিনিস কেনাকাটা করতে পারে পাইকারি দরে। যা বছরের অন্য দিন গুলিতে পাওয়া যায় না। এবার শোনা যাক ১১ দিনের এই চৈত্র হাটের বাস্তব অভিজ্ঞতা।

শুক্রবার ছিল চৈত্র হাটের চতুর্থ দিন। শিশু উদ্যান থেকে শুরু করে ওরিয়েন্ট চৌমুহনি ও শকুন্তলা রোডের দুপাশে কামান চৌমুহনি সূর্য, চৌমুহনি হয়ে মহারাজগঞ্জ বাজার ছাড়া ও পোস্ট অফিস চৌমুহনি পর্যন্ত রাস্তায় হরেক রকম জিনিসের পসরা সাজিয়ে বসেছেন দোকানিরা। তীব্র দাহণের মধ্যেও ঘাম ঝরছে ক্রেতা বিক্রেতার। তবু থেমে নেই কেনাকাটার। ☞ ৬ এর পাতায় দেখুন

## শীঘ্রই খুলবে বন্ধ থাকা রাজ্যের দুটি বর্ডার হাট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** শীঘ্রই খুলবে রাজ্যে বন্ধ থাকা দুটি বর্ডার হাট। কমলাসাগর এবং শ্রীনগর বর্ডার হাট পুনরায় খোলা নিয়ে বাংলাদেশের সাথে খুব শীঘ্রই আলোচনা করা হবে বলে বাণিজ্য ও শিল্প মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী অনুপ্রিয়া পাটিল রাজ্যসভার সাংসদ বিপ্লব কুমার দেবকে চিঠি দিয়ে জানিয়েছেন।

কোভিড পরিস্থিতির কারণে বন্ধ হয়ে যাওয়া সিপাহীজলা জেলার কমলাসাগর এবং দক্ষিণ ত্রিপুরা জেলার শ্রীনগরের সীমান্ত হাট দুটি পুনরায় চালু করার লক্ষ্যে রাজ্যসভায় উত্থাপিত বিষয়টি অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করায় কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া পাটিল জি ও কেন্দ্রীয় সরকারের প্রতি অসংখ্য ধন্যবাদ জ্ঞাপন করেন রাজ্যসভার সাংসদ বিপ্লব কুমার দেব। এই সীমান্ত হাট গুলি পর্যটকদের আকর্ষণের কেন্দ্র বিন্দু এবং বহু মানুষের জীবন-জীবিকার উৎস।

প্রসঙ্গত উল্লেখ্য যে এই দুটি বর্ডার হাট চালু হওয়ার পর দুই দেশের প্রচুর পর্যটক এবং স্থানীয় ব্যবসায়ীরা নান ধরনের পণ্য সামগ্রী নিয়ে বর্ডার হাটে বিকিকিনি করছেন। তাতে জনসাধারণের মধ্যে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা গিয়েছে। কিন্তু, করোনার প্রকোপ বৃদ্ধি হওয়াই এই বর্ডার হাটগুলি বন্ধ রাখা হয়েছিল।

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৯ ◻ সংখ্যা ১৭৭ ◻ ৮ এপ্রিল ২০২৩ ইং ◻ ২৪ চৈত্র ◻ শনিবার ◻ ১৪২৯ বঙ্গাব্দ

## মুদ্রাস্ফীতি দুশ্চিন্তার কারণ

বর্তমান সময়ে দেশজুড়ে মুদ্রাস্ফীতি সকলের কাছেই এক চিন্তার কারণ হইয়া দাঁড়াইয়াছে। যাহার জন্য বৃদ্ধি পাচ্ছে পাইয়াছে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দামও। তবে, এবার এক গুরুত্বপূর্ণ তথ্য সামনে আসিয়াছে। যেটি থেকে জানা গিয়াছে, ভারতে মুদ্রাস্ফীতির হার এবার কমিবার সম্ভাবনা রহিয়াছে। এই প্রসঙ্গে আইএমএফ-এর প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, চলতি অর্থবর্ষে ভারতের মুদ্রাস্ফীতির হার ৬.৮ শতাংশ থেকে নামিয়া আসিতে পারে ৫ শতাংশে। পাশাপাশি, ২০২৪ সালে এটি ৪ শতাংশে নামিয়া আসিতে পারে বলিয়া অনুমান করা হইতেছে। মূলত, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের তরফে একটি রিপোর্টে এই তথ্য জানানো হইয়াছে। বিভাগের বিভাগীয় প্রধান ড্যানিয়েল লেহ বলিয়াছেন যে, অন্যান্য দেশের মতো ভারতে মুদ্রাস্ফীতির হার ২০২২ সালে ৬.৮ শতাংশ থেকে ২০২৩ সালে ৫ শতাংশে নামিয়া আসিবে বলিয়া অনুমান করা হইতেছে। ২০২৪ সালে, এটি আরও কমিয়া ৪ শতাংশে নামিয়া আসিতে পারে। তিনি বলিয়াছেন যে, এটি আংশিকভাবে কেন্দ্রীয় ব্যাঙ্কের পদক্ষেপকে প্রতিফলিত করে।এই প্রসঙ্গে তথ্যের মাধ্যমে আই এম এফ জানাইয়াছে, "বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি" নিয়া একটি রিপোর্ট জারি করা হইয়াছে। যেখানে বলা হইয়াছে, প্রায় ৮৪ শতাংশ দেশে উপভোক্তা মূল্য সূচক-ভিত্তিক মুদ্রাস্ফীতি ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে কমিবে। বলা হইয়াছে, বিশ্বজুড়িয়া মুদ্রাস্ফীতি ২০২২ সালের ৮.৮ শতাংশ থেকে ২০২৩ সালে ৬.৬ শতাংশে এবং ২০২৪ সালে ৪.৩ শতাংশে নামিয়া আসিবে। এমতাবস্থায়, করোনার আগে অর্থাৎ ২০১৭-১৯ সালে এটি প্রায় ৩.৫ শতাংশে ছিল। মুদ্রাস্ফীতির কম হওয়ার যে অনুমান করা হইতেছে সেটি আংশিকভাবে আন্তর্জাতিক জ্বালানির দাম হ্রাস এবং বিশ্বজুড়িয়া দুর্বল চাহিদার কারণে জ্বালানি বহির্ভূত দামের উপর ভিত্তি করে বলা হইতেছে। আই এম এফ জানাইয়াছে যে, মূল মুদ্রাস্ফীতি ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিকের ৬.৯ শতাংশ থেকে বার্ষিক ভিত্তিতে ২০২৩ সালের চতুর্থ ত্রৈমাসিকের মধ্যে ৪.৫ শতাংশে নামিয়া আসিবে। এপ্রসঙ্গে একটি ব্লগ পোস্টে, গবেষণা বিভাগের নির্দেশক এবং আইএমএফ-এর প্রধান অর্থনীতিবিদ পিয়ের-অলিভিয়ের গোরিঞ্চেস বলিয়াছেন যে, বিশ্বব্যাপী মুদ্রাস্ফীতি এই বছর হ্রাস পাইবে বলিয়া আশা করা হইতেছে। তবে ২০২৪ সালের মধ্যে ৮০ শতাংশেরও বেশি দেশে প্রাক-মহামারী মাত্রার স্তর ছাড়াইয়া যাইবে। সামান্য কমিলেও ২০২৩ সালেও স্থিতিশীলই থাকিবে ভারতীয় অর্থনীতির বৃদ্ধির হার। এমনই পূর্বাভাস দিল আন্তর্জাতিক অর্থ ভান্ডার বা আইএমএফ। সংস্থার পূর্বাভাসে বলা হইয়াছে, ২০২৩ সালের ভারতের বৃদ্ধির হার ৬.১ শতাংশ হইতে পারে। ২০২৩ সালের মার্চ মাসে শেষ হতে চলা অর্থবর্ষে ভারতের বৃদ্ধির হার ৬.৮ শতাংশ থাকিবে বলিয়া গত অক্টোবর মাসেই জানাইয়াছিল আইএমএফ।গোটা বিশ্বের অর্থনীতির অবস্থা নিয়া মঙ্গলবারই নিজেদের জানুয়ারি মাসের আপডেট প্রকাশ করিয়াছে আইএমএফ। তাহাতে দেখা যাইতেছে, ২০২৩ সালে বিশ্ব জুড়িয়াই আর্থিক বৃদ্ধির হার ৩.৪ শতাংশ থেকে কমিয়া ২.৯ শতাংশ হইতে পারে। আবার ২০২৪ সালে তাহা বাড়িয়া ৩.১ শতাংশ হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

## প্রাকৃতিক চাষবাসের উপর কৃষি বিজ্ঞান কেন্দ্রের কর্মসূচি



**আগরতলা,৭ এপ্রিল।।** কৃষি বিজ্ঞান কেন্দ্র, সিপাহীজলা, কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় (ইম্ফল),লাটিয়াছেরার উদ্যোগে ডঃ মুকেশ মুকেশ সেহগাল প্রধান বিজ্ঞানী, আইসিএআর- NCIPM নয়াদিল্লি প্রযুক্তিগত নির্দেশনায় সম্প্রতি ৩০শে মার্চ, ২০২৩ ইং বিশ্রামগঞ্জে স্থিতিশীল প্রযুক্তি রোডম্যাপের মাধ্যমে পরিবেশ রক্ষা করা: প্রাকৃতিক চাষ বিষয়ক ওয়ার্কশপ সহ প্রশিক্ষন কর্মসূচী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি ডঃ অনুপম মিশ্র, মাননীয় ভাইস-চ্যান্সেলর, কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়, ইম্ফলের নির্দেশনায় পরিচালিত হয়। এই কর্মসূচির উদ্দেশ্য ছিল রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার কমানো, নির্বিচারে ব্যবহার যা পরিবেশকে দূষিত করে, এবং ভাল কৃষিবিদ্যার চর্চাকে উন্নত করা।

প্রফেসর (ডঃ) রতন কুমার সাহা, ডিন, কলেজ অফ ফিশারিজ, লেম্বুচেরা, ত্রিপুরার নির্দেশনায় এবং এই কেভিকে-এর সিনিয়র বিজ্ঞানী ও প্রধান ডঃ শতভীষা সরকারের তত্ত্বাবধানে অনুষ্ঠানটি আয়োজিত হয়েছিল। অনুষ্ঠানের উদ্বোধন করেন শ্রী কৃষ্ণধন সাহা, ডেপুটি ডিরেক্টর, কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ, সিপাহীজলা, ত্রিপুরা সরকার, কৃষকদের প্রাকৃতিক চাষাবাদ গ্রহণ করতে উৎসাহিত করেছেন এবং রাসায়নিকমুক্ত চাষের মাধ্যমে কৃষকদের আয় দ্বিগুণ করার বিভিন্ন উপায় তুলে ধরেছেন। শ্রী শংকর বিশ্বাস, সহকারী পরিচালক, কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ, সিপাহীজলা, ত্রিপুরা সরকার, স্বাস্থ্যকর খাবারের জন্য এবং রাসায়নিক সার/কীটনাশক ব্যবহারের বিরূপ প্রভাব থেকে বাঁচতে প্রাকৃতিক চাষের গুরুত্ব তুলে ধরেন। শ্রী পিনাকী শংকর দে, সহকারী পরিচালক, কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ, সিপাহীজলা, ত্রিপুরা সরকার, প্রাকৃতিক চাষের গুরুত্ব, প্রাকৃতিক চাষের বিভিন্ন নীতির উপর জোর দিয়েছিলেন এবং রাসায়নিক মুক্ত চাষের বিভিন্ন উদাহরণ তুলে ধরেন। ডঃ উৎপল দে, উদ্ভিদ রোগ এবং কীটশত্রু বিশেষজ্ঞ, কেভিকে, সিপাহীজলা, ত্রিপুরা মাটি রক্ষা এবং সুস্থ সমাজের জন্য নিরাপদ খাদ্য পণ্য সরবরাহের জন্য রাসায়নিক মুক্ত চাষের গুরুত্ব সম্পর্কে একটি অন্তর্দৃষ্টি দিয়েছেন। সিপাহীজলা জেলার মোট ২১ কৃষি সম্প্রসারণ ব্যক্তি এই কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং বিশেষজ্ঞদের সাথে মতবিনিময় করেন।

# নিরাপদ চেতনানাশক ক্লোরোফর্ম

সজিব-উজ-জামান

উনিশ শতকের মাঝামাঝি সময়ে যেসব ওষুধ মানুষ ব্যবহার করত, তার সব কটিই মূলত কোনো না কোনো উদ্ভিদ থেকে তৈরি। আফিম, মরফিন থেকে শুরু করে জীবন বাঁচানোর সব ধরনের উপাদান তৈরিতেই বিজ্ঞানীরা প্রাকৃতিক উপাদানের ওপর নির্ভরশীল ছিলেন। কিন্তু প্রকৃতির ওপর এই নির্ভরশীলতা তাঁরা ধীরে ধীরে কমাতে চাইলেন। গবেষণাগারে কীভাবে উদ্ভিদ বা অন্য কোনো জীবিত প্রাণীর সাহায্য ছাড়া ওষুধ বানানো যায়, এ নিয়ে শুরু করলেন গবেষণা।

এ সময়ই বিজ্ঞানের যে শাখাকে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ এবং যুগান্তকারী হিসেবে ধরা যায়, সেটি রসায়ন। সহজ ভাষায় রসায়ন বলতে আমরা বুঝি, কীভাবে পরমাণু একত্র হয়ে অণু গঠন করে এবং অণুগুলোর আচরণ কেমন হয়। কিন্তু তখনকার রসায়ন আজকের মতো এতটা আধুনিক ছিল না।

একটা নির্দিষ্ট সময় পর্যন্ত মানুষ মনে করত, জীবিত প্রাণীর মধ্যে বিশেষ কোনো শক্তি আছে, যেটা কোনো জড় বা মৃত বস্তুর মধ্যে নেই। সেই শক্তির ফলেই জীবের বৃদ্ধি ঘটে, জড়ের ঘটে না। শুধু সাধারণ মানুষই নয়, অষ্টাদশ শতাব্দীর শুরুর দিকে অনেক বিজ্ঞানীও ভাবতেন, জীবিত প্রাণীর দেহে যে অণু বা পরমাণু পাওয়া যায়, সেগুলো জড় বস্তু থেকে পাওয়া, তা অণু বা পরমাণু থেকে সম্পূর্ণ আলাদা। তাঁরা তাঁদের এই তত্ত্বের পেছনে বেশ কিছু যুক্তিও দাঁড় করিয়েছিলেন। গবেষণাগারে যদি দুটি মৌলের মধ্যে বিক্রিয়া ঘটিয়ে নতুন আরেকটি যৌগ বানানো হয়, তাহলে সেই যৌগকে ভাঙলে আবার আগের মৌল দুটি ফিরে পাওয়া যায়। তখনকার বিজ্ঞানীরা মনে করতেন, প্রাণীর দেহে যেসব অণু বা পরমাণু থাকে, তারা এ নিয়ম মেনে চলে না। একটি ভাজা ডিমকে আবার নিশ্চয়ই আগের সাধারণ ডিমে রূপান্তর করা যাবে না! তা—ই না? এই ধারণা থেকে বিজ্ঞানীরা ধরে নেন, জড় বস্তুতে আছে, এমন কোনো পরমাণু দিয়ে জীবদেহে বিদ্যমান কোনো অণু তৈরি করা সম্ভব নয়।

কিন্তু এ ধারণা বেশি দিন টেকেনি। বিজ্ঞানীরা দুই ভাগে বিভক্ত হয়ে গেলেন। এক দল বিশ্বাস করত, প্রাণীর দেহের পদার্থগুলো জড়বস্তুর মতো নয়, আলাদা। আরেক দল বিশ্বাস করত, প্রাণী হোক বা জড়সবাই একই ধরনের পরমাণু দিয়ে তৈরি। আমরা এখন জানি, সবকিছুইসেটা জীবিত হোক বা জড়, একই ধরনের পরমাণু দিয়ে তৈরি। এ ধারণা প্রমাণের প্রথম ধাপ শুরু করেন জার্মান রসায়নবিদ ফ্রেডরিখ ভোলার। নিজের গবেষণাগারে তিনি দুটি মৃত কোষ, অর্থাৎ জীবদেহের নয়, এমন দুটি কোষ দিয়ে ইউরিয়া প্রস্তুত করতে সক্ষম হন, যেটি জীবদেহে পাওয়া যায়। তাঁর হাত ধরেই মূলত আধুনিক জৈব রসায়নের সূচনা।

এর পরের কাজটি করেন ভোলারের বন্ধু জুস্টস ভন লেইবিগ, যাঁকে ভোলারের থেকেও বড় বিজ্ঞানী হিসেবে অনেকে মনে করেন। একটি জীবের কোনো কোষের সঙ্গে জড়ের কোনো কোষ কীভাবে বিক্রিয়া করে, এ নিয়ে তিনি খুবই কৌতূহলী ছিলেন। নানা পরীক্ষার মাধ্যমে তিনি একটি যুগান্তকারী আবিষ্কারও করে ফেলেন। তিনিই প্রথম লক্ষ করেন, কীভাবে বিভিন্ন খনিজ, যেমন নাইট্রোজেন, ফসফরাস ইত্যাদি প্রয়োগের ফলে উদ্ভিদের বৃদ্ধি ত্বরান্বিত হয়। এককথায়, তিনি কৃষিকাজের জন্য একটি অপরিহার্য উপাদান 'সার' আবিষ্কার করে ফেলেন। এর মাধ্যমে প্রমাণ করে দেন যে জীবের গঠন, বেড়ে ওঠা ইত্যাদি রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে হয়।

এ রকম নানা বিষয় নিয়ে গবেষণা করার সময় লেইবিগ অনেক অদ্ভুত জিনিস তৈরি করেছেন। এ রকম একটির নাম ক্লোরাল হাইড্রেট। ১৮৩২ সালে তিনি এটি প্রথম আবিষ্কার করেন। এর আগে এই যৌগ কোথাও ছিল না, কেউ তৈরিও করেননি, প্রকৃতিতেও এই যৌগের কোনো অস্তিত্ব ছিল না। লেইবিগ যদিও তখন সেটা বুঝতে পারেননি। তিনি শুধু পরীক্ষা-নিরীক্ষা করে যাচ্ছিলেন। একসময় তিনি এই ক্লোরাল হাইড্রেটকে মিষ্টি গন্ধযুক্ত একধরনের তরলে পরিণত করেন এবং অবাক হয়ে দেখেন, এই তরলের বাষ্প দিয়ে সহজেই একজন মানুষকে অজ্ঞান করে ফেলা যায়! এভাবে নিজের অজান্তেই তিনি আবিষ্কার করে ফেলেন মানুষকে সাময়িকভাবে অচেতন করার এক অব্যর্থ অস্ত্রক্লোরোফর্ম!

১৮৫০ সালের দিকে এসে অস্ত্রোপচারের আগে রোগীকে অজ্ঞান করার জন্য ক্লোরোফর্ম ব্যবহার করা শুরু হয়। কিন্তু তখন এটি ব্যবহার করা ছিল খুবই কঠিন এবং বিপজ্জনক। কারণ, একটু বেশি পরিমাণ ক্লোরোফর্মের বাষ্প ভেতরে গেলে অপারেশন কক্ষেই রোগীর মৃত্যু হতে পারে। ফলে গবেষকেরা এর পরিবর্তে আরেকটু নিরাপদ কিছু খুঁজতে লাগলেন। লেইবিগ আগেই ক্লোরোফর্মের তরল অবস্থাক্লোরাল হাইড্রেট গবেষণাগারে বানিয়ে দেখিয়েছেন। ফলে গবেষকেরা ক্লোরোফর্মের পরিবর্তে মানবদেহে ক্লোরাল হাইড্রেট ব্যবহার করা যায় কি না, সেটি পরীক্ষা করা শুরু করলেন। ক্লোরাল হাইড্রেট কক্ষ তাপমাত্রায় কঠিন হলেও অ্যালকোহলের সঙ্গে মিশিয়ে সহজেই একে তরলে রূপান্তর করা যায়। তরল হোক বা কঠিন, ১৮৬০ নাগাদ প্রমাণিত হয়ে গেল, ক্লোরাল হাইড্রেট দিয়ে মানুষকে কিছু সময়ের জন্য ঘুম পাড়িয়ে দেওয়া সম্ভব।

আফিমের মতো প্রাকৃতিক ওষুধ দিয়ে হয়তো মানুষকে সহজেই কিছু সময়ের জন্য তন্দ্রাচ্ছন্ন করা যায়, তবে এর অনেক পার্শ্বপ্রতিক্রিয়া আছে। কিন্তু কৃত্রিমভাবে বানানো এই ক্লোরাল হাইড্রেটতর্ক সাপেক্ষে যাকে ইতিহাসের প্রথম ঘুমের ওষুধ বলে ধরে নেওয়া হয়, এর কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নেই। একটুখানি ক্লোরাল হাইড্রেট গ্রহণে মানুষ শান্ত হয়ে যাবে, আরেকটু গ্রহণ করলে দ্রুত ঘুমিয়ে পড়বে এবং আরেকটু বেশি গ্রহণ করলে সরাসরি অচেতন।

তবে এত ভালো গুণের পাশাপাশি এই রাসায়নিকের কিছু অপব্যবহারও ইতিহাসে কম হয়নি। সেগুলো ব্যবহার করে বেশ কিছু অপরাধও সংঘটিত হয়েছে বিভিন্ন দেশে। তবে সেগুলো জানাজানি হওয়ার পর অপরাধীরা শাস্তিও পেয়েছেন।

অপরাধের সঙ্গে নাম জড়িয়ে পড়লেও চিকিৎসায়, বিশেষ করে মানসিক রোগীদের চিকিৎসায় ক্লোরাল হাইড্রেটের গুরুত্ব ছিল অপরিসীম। ক্লোরাল হাইড্রেট আবিষ্কারের আগে মানসিক রোগীদের নিয়ন্ত্রণ করার জন্য হাসপাতালের ওয়ার্ডেনরা শিকল ব্যবহার করতেন এবং তাদের শান্ত করার জন্য আফিম, মরফিন এমনকি গাঁজাও ব্যবহার করতেন। কিন্তু ক্লোরাল হাইড্রেট ব্যবহার করে খুব দ্রুত এবং সহজেই রোগীদের শান্ত করা যেত, তাই আবিষ্কারের পর থেকে শুধু এটিই ব্যবহার করতেন ওয়ার্ডেনরা।

ক্লোরাল হাইড্রেটের এই বহুল ব্যবহার চলে ১৯০৫ সাল পর্যন্ত। রসায়নবিদেরা এর চেয়েও কার্যকর এবং নিরাপদ চেতনানাশক আবিষ্কারের পর ধীরে ধীরে এর ব্যবহার কমতে থাকে। কিন্তু কমে গেলেও মাঝেমধ্যেই খবরের শিরোনাম হতে থাকে ক্লোরাল হাইড্রেট।

ক্লোরাল হাইড্রেটের ব্যবহার এখন শূন্যের কোঠায় হলেও এখনো গুরুত্বসহকারে উচ্চারিত হয় এর নাম। এ আবিষ্কারে বিজ্ঞানজগতে নতুন এক দিগন্ত উন্মোচিত হয়। এর মাধ্যমেই প্রমাণিত হয়, প্রাকৃতিকভাবে পাওয়া ওষুধগুলোর চেয়ে শক্তিশালী ওষুধ বিজ্ঞানীরা গবেষণাগারে বানাতে পারেন। লেইবিগ এবং ভোলারের দেখানো পথে হেঁটে পরবর্তী বিজ্ঞানীরা আরও দারুণ সব ওষুধ ও রাসায়নিক আবিষ্কার করেছেন। বিজ্ঞানীরা তাই কৃতজ্ঞচিত্তে এ দুই বিজ্ঞানীর অবদান স্মরণ করেন।

# পৃথিবীর অর্ধেক মানুষই গেম খেলছে

**বিশেষ প্রতিনিধি।।** গেম খেলা ত্রিশুর রুকমনির দৈনন্দিন অভ্যাসে পরিণত হয়েছে। ৯২ বছর বয়সী এই নারী কিছু কিছু সময় টানা ১০ মিনিট গেম খেলেন। অনেক সময় গেম খেলতে খেলতে আরও বেশি সময় পেরিয়ে যায়। রুকমনি বলেন, হাতে যখন অন্য কোনো কাজ থাকে না, তখন গেম খেলে সময় কাটাই। গেম খেলার মধ্যে একধরনের প্রতিযোগিতার রোমাঞ্চ কাজ করে। তবে এর সামাজিক অভিজ্ঞতাও একেবারে কম নয়। ভারতের ব্যাঙ্গালুরে বসে রুকমনি অনলাইনে ভিডিও গেম খেলার স্কোর জানিয়ে দেন পৃথিবীর আরেক প্রান্তে থাকা তাঁর পরিবারের সদস্যদের।

পকেটের অর্থ খরচ করে তরুণ ও কিশোরদের ভিডিও গেম খেলার অভ্যাস অনেক পুরোনো। কিন্তু এখন ভিডিও গেমের ব্যবসার ধরনে ব্যাপক পরিবর্তন এসেছে। রুকমনিই সেই পার্থক্য দেখিয়ে দিচ্ছেন। তিনি যে গেম খেলছেন, তাতে জাপানি গেম কনসোল লাগছে না। তিনি খেলছেন মোবাইল ও ট্যাবলেট পিসিতেই। আর মোবাইল ও ট্যাবের অপারেটিং সিস্টেম তৈরি করেছে দুই মার্কিন প্রযুক্তিপ্রতিষ্ঠান অ্যাপল ও গুগল। রুকমনির প্রিয় গেমের নাম 'ওয়ার্ডলি'। এই গেম বিনা মূল্যেই খেলা যায়। এই গেমের প্রকাশক কিন্তু কোনো গেমসংশ্লিষ্ট প্রতিষ্ঠান নয়। এটি প্রকাশ করেছে গণমাধ্যম প্রতিষ্ঠান নিউইয়র্ক টাইমস। বিশ্বের প্রায় অর্ধেক গেমারের মতোই রুকমনির বাস এশিয়া অঞ্চলে। বয়সে রুকমনি অনেক গেমারকেই ছাড়িয়ে যাবেন। তবে বয়সের হিসাবে আরেক গেমার তাঁর স্বামীর চেয়ে বয়সে এক বছর কম।

ধনী দেশগুলোর দুই-তৃতীয়াংশ মানুষ গেম খেলে। তাদের অর্ধেকই আবার নারী। গেম খেলা তরুণদের শখ মনে করা হলেও বয়স্ক ব্যক্তিরাও এখন দ্রুত গেম খেলার অভ্যাস গড়ে তুলছেন।

গত বছর বিশ্বের ৩২০ কোটি মানুষ ভিডিও গেম খেলেছে। অর্থাৎ বিশ্বের প্রতি ১০ ব্যক্তির মধ্যে ৪ জনই ভিডিও গেম খেলেছে। এক বছরে গেম খেলা মানুষের সংখ্যা ১০ কোটি বেড়েছে। ২০২০ সালে করোনা মহামারির সময় ভিডিও গেমার ব্যাপক বেড়ে যায়। ধনী দেশগুলোর দুই—তৃতীয়াংশ মানুষ গেম খেলে। তাদের অর্ধেকই আবার নারী। গেম খেলা তরুণদের শখ মনে করা হলেও বয়স্ক ব্যক্তিরাও এখন দ্রুত গেম খেলার অভ্যাস গড়ে তুলছেন। যুক্তরাজ্যে ১৬ থেকে ২৪ বছর বয়সী তরুণ—তরুণীদের প্রতি ১০ জনের ৯ জনই গেম খেলেন। অন্যদিকে ৫৫ থেকে ৬৪ বছর বয়সী ব্যক্তিদের অর্ধেকই গেম খেলা রপ্ত করছেন।

বিনোদন পরামর্শক প্রতিষ্ঠান মিডিয়া রিসার্চের কর্মকর্তা ক্যারোল সেভেরিন বলেন, বিশ্বজুড়ে ১৬ থেকে ২৪ বছর বয়সী ব্যক্তিদের তুলনায় কনসোলের মালিক ৩৫ থেকে ৪৪ বছর বয়সীরা বেশি। তাই বলা চলে, গেম খেলা এখন আর কেবল তরুণদের মধ্যেই সীমাবদ্ধ নেই।

মূলত স্মার্টফোনের ব্যবহার বৃদ্ধির পর থেকে গেম খেলা বেড়েছে। এখন প্রায় সবার পকেটেই শক্তিশালী গেমিং যন্ত্র হয়ে উঠেছে এই স্মার্টফোন। অ্যাপ স্টোরে রয়েছে হাজার হাজার গেম। এসব গেমের অধিকাংশ বিনা মূল্যে খেলা যায়। তবে একবার গেম খেলা শুরু করলে সেটি অনেক সময় ব্যয়বহুল হয়ে দাঁড়ায়। ডিজিটাল গেমগুলোয় গ্রাহকদের খরচের প্রায় অর্ধেকেই চলে যায় মোবাইল অ্যাপগুলোর পেছনে। তথ্য বিশ্লেষক প্রতিষ্ঠান ওমডিয়ার তথ্য অনুযায়ী, এ বছর সব মিলিয়ে গেমের বাজার দাঁড়াবে ১৮৫ বিলিয়ন মার্কিন ডলার। এই বাজারে গেম খেলতে যে হার্ডওয়্যার ও সরঞ্জাম লাগে, সেগুলো হিসাবে ধরা হয়নি। এ ছাড়া গেমের মধ্যে থাকা বিজ্ঞাপনের হিসাবও এর বাইরে। গেমের মধ্যে যে বিজ্ঞাপন প্রচারিত হয়, তার বাজারও ৬৫ বিলিয়ন মার্কিন ডলারের বেশি। বিশ্বজুড়ে ১৬ থেকে ২৪ বছর বয়সী ব্যক্তিদের তুলনায় কনসোলের মালিক ৩৫ থেকে ৪৪ বছর বয়সীরা বেশি। তাই বলা চলে, গেম খেলা এখন আর কেবল তরুণদের মধ্যেই সীমাবদ্ধ নেই।

গেমের বাজার যেভাবে ফুলেফেঁপে উঠেছে, তাতে বড় প্রতিষ্ঠানগুলোও এই ব্যবসায় ঝুঁকছে। বর্তমানে বিশ্বের সবচেয়ে মূল্যবান ১০টি কোম্পানির মধ্যে ৭টির গেমিং খাতে বিশাল বিনিয়োগ রয়েছে। তারা এ ক্ষেত্রে ব্যাপক বিনিয়োগও করেছে। ২০০১ সালে এক্সবক্স কনসোল এনেছিল মাইক্রোসফট। গত বছর প্রতিষ্ঠানটি ৬৯ বিলিয়ন মার্কিন ডলারে গেম নির্মাতা অ্যাকটিভিশন ব্লিজার্ডকে কিনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অ্যান্টিট্রাস্ট নিয়ন্ত্রকেরা বাধা না তৈরি করলে এটিই হবে প্রযুক্তি খাতের অন্যতম বড় অধিগ্রহণের ঘটনা। বর্তমানে প্রযুক্তি বিশ্বে অ্যাপল ও গুগল গেম বিতরণের শীর্ষ দুই প্রতিষ্ঠান। তাদের কাছে থাকা দুটি প্রধান অ্যাপ স্টোরের কল্যাণে তারা এই অবস্থানে। গুগলের প্লে স্টোর ও অ্যাপলের অ্যাপ স্টোরে যত অ্যাপ বিক্রি হয়, তার ৬০ শতাংশই গেমিং অ্যাপ। অনলাইন জায়ান্ট অ্যামাজন ও চিপনির্মাতা এনভিডিয়া মিলে অনলাইনে গেম স্ট্রিমিং করছে। চীনের টেনসেন্ট নামের প্রতিষ্ঠানটির ব্যবসার কেন্দ্রে পরিণত হয়েছে গেম। তারা এখন চীনের বাইরেও গেমারদের টানছে। মেটা এখন সামাজিক যোগাযোগমাধ্যম থেকে তাদের দৃষ্টিভঙ্গি সরিয়ে ভার্চুয়াল রিয়েলিটির দিকে নিয়ে গেছে। এটি মূলত গেমের জন্যই বেশি ব্যবহৃত হয়।

অবশ্য গত বছর অস্বাভাবিকভাবে গেমের পেছনে খরচ কমিয়ে দিয়েছে গেমাররা। মূল্যস্ফীতির কারণে অনেকেই সংসারের বাজেট কমিয়েছেন। এ ছাড়া করোনাভাইরাসের সময়ের লকডাউন শেষ হয়েছে। মানুষ এখন তাঁদের স্বাভাবিক কর্মক্ষেত্রে ফিরেছেন। মোবাইল বিজ্ঞাপনের ক্ষেত্রে অ্যাপলের কট্টর নীতির কারণে গেম নির্মাতারা নতুন গ্রাহক পাচ্ছেন না। এ ছাড়া সরবরাহব্যবস্থার সীমাবদ্ধতার কারণে গেমিং কনসোল সহজলভ্য নয়। এ বছর গেমের প্রবৃদ্ধি আবার আগের অবস্থানে ফিরে আসতে পারে বলে ধারণা করা হচ্ছে।

বিনোদন খাতের অন্যান্য মাধ্যমের চেয়ে মানুষকে দ্রুত আকর্ষণ করে গেম। তাই ইতিমধ্যে গেমের মূল্য বই, গান বা চলচ্চিত্রকেও ছাড়িয়ে গেছে। এখন বৃহত্তম মিডিয়া ব্যবসা হিসেবে টেলিভিশনের সঙ্গে প্রতিযোগিতা হচ্ছে গেমের। নেটফ্লিক্সের মতো স্ট্রিমিং সেবার চেয়েও গ্রাহক এখন ডিজিটাল গেমে বেশি অর্থ ব্যয় করছেন। শিগগিরই এ খাতের ব্যয় পে-টিভি চ্যানেলগুলোকে ছাড়িয়ে যাবে। তবে সব মিলিয়ে এখনো টিভির আয় ডিজিটাল গেমের চেয়ে বেশি। কিন্তু দ্রুত এই পার্থক্য কমে আসছে।

২০২১ সালে পরামর্শক প্রতিষ্ঠান ডিলোইটি একটি সমীক্ষা চালায়। তাতে দেখা গেছে, যুক্তরাষ্ট্রের আগের প্রজন্ম বাড়িতে প্রিয় বিনোদন মাধ্যম হিসেবে টিভি ও চলচ্চিত্রকে বেছে নিলেও জেড প্রজন্ম (যাঁদের বয়স ২৫ বছরের কম) গেম বেশি পছন্দ করে। ডিলোইটি বলেছে, ভিডিও বিনোদন এখন যে আধিপত্য ধরে রেখেছে, তা দ্রুত বদলে যেতে পারে।

ডিলোইটির প্রতিবেদনে বলা হয়, টেলিভিশনের মতোই গেম যেহেতু গণমাধ্যম হিসেবে রূপ নিতে শুরু করেছে, এর উন্নয়ন অন্য গণমাধ্যমকে অনুকরণ করবে। বিতরণের কথা ধরলে দেখা যাবে, হলিউড এখনো স্ট্রিমিং ও সাবস্ক্রিপশনের মডেলের বিপ্লবে পরিণত হতে পারেনি। তাই নেটফ্লিক্সের মতো প্রতিষ্ঠানগুলো গেমিংয়ের ক্ষেত্রে এ ধরনের বিপ্লব আনা যায় কি না, সেটা নিয়ে পরীক্ষা চালাবে। অন্যদিকে চলচ্চিত্রের মতো গেম তৈরির পথে হাঁটতে পারেন নির্মাতারা। ব্লকবাস্টার মুভির মতোই কোনো গেমের নাম আগে জনপ্রিয় করে তুলে গেমিং স্টুডিওগুলো চলচ্চিত্র প্রোডাকশন হাউসগুলোর অনুকরণ করতে পারে।

টিকটক ও ইউটিউব এখন ব্যবহারকারীর কাছ থেকে কনটেন্ট নিয়ে কোটি কোটি ডলারের শিল্পে পরিণত হয়েছে। এটি এখন পেশাদার গণমাধ্যমেরও নজর কেড়েছে। রোবোলক্স ও মাইনক্রাফটের মতো অ্যাপ এখন ব্যবহারকারীদের কনটেন্ট গেমে কাজে লাগানোর উপায় খুঁজছে। চলচ্চিত্র যেমন বিংশ শতাব্দীতে সমাজ গঠনে সাহায্য করেছিল, তেমনি একবিংশ শতাব্দীতে এসে সংস্কৃতির ওপর ক্রমবর্ধমান প্রভাব ফেলছে গেম। একটা সময় হলিউডের চলচ্চিত্রগুলো যেমন তরুণদের মনে গেঁথে যেত, গেমের সাংস্কৃতিক প্রভাব এখন তরুণদের কল্পনাকে দখল করছে। কিন্তু পার্থক্য হচ্ছে, চলচ্চিত্র যেমন দীর্ঘ সময় একচেটিয়া মার্কিন আধিপত্য দেখিয়েছিল, ভিডিও গেম তার থেকে অনেক দূরে। চীনের তৈরি টিকটক সেই শক্তি ইতিমধ্যে দেখিয়েছে। মার্কিন আইনপ্রণেতারা এখন এটি বন্ধ করতে চান।

কনসোল থেকে ফোন, ফোর্টনাইট থেকে ওয়ার্ডলি এসব বিবেচনায় নিলে গেমিংকে সত্যিকারের গণমাধ্যম বলতে হবে। কারণ, এতে সব ধরনের সামাজিক অনুষঙ্গ বিদ্যমান রয়েছে।

# প্রাণীরা যেভাবে শরীর ঠান্ডা রাখে

সুসান বড়ুয়া

প্রচণ্ড গরম থেকে বাঁচতে মানুষ অনেক কিছু করে। ফ্যান, এয়ার কন্ডিশনার, ছাতা, ঠান্ডা পানীয়র মতো নানারকম কৃত্রিম উপায়ের আশ্রয় নেয়। বিজ্ঞান যত উন্নতি করেছে, মানুষের এসব উপায়ও তত উন্নত হয়েছে। পাল্টে গেছে জীবনযাত্রার মান। আগে মানুষ মাটির পাত্রে রেখে পানি ঠান্ডা করত। রেফ্রিজারেটর আবিষ্কারের পরে পানি আরও বেশি ঠান্ডা করার উপায় পাওয়া গেল। এতে সময়ও লাগে কম। বর্তমানে জলবায়ু পরিবর্তনের কারণে বৈশ্বিক উষ্ণতা বাড়ছে। সে উষ্ণতা থেকে বাঁচতে মানুষের আবিষ্কৃত কিছু প্রযুক্তি ব্যবহারের কারণে জলবায়ু আরও খারাপের দিকে চলে যাচ্ছে। তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস হলে মানুষের জন্য অসহনীয় হয়ে ওঠে। শরীরে ঘাম হয়। মস্তিষ্ক শরীরকে বার্তা পাঠায় শীতল হওয়ার জন্য। এরপর শরীরের বিভিন্ন স্থানের ঘামগ্রন্থি কাজে লেগে পড়ে। শরীরের মাত্রাতিরিক্ত তাপমাত্রা তখন ত্বকে লেগে থাকা ওই ঘামকে বাষ্পে পরিণত করে। আর এভাবেই আমাদের শরীর ঠান্ডা হয়। কিন্তু এরকম তীব্র গরমে প্রাণীরা কি করে? ওদের কি কষ্ট হয় না? হ্যাঁ, প্রাণীদেরও কষ্ট হয়। তবে তাদের কাছে প্রযুক্তি নেই। তাই তারা নিজেরাই কিছু উপায় অবলম্বন করে আরাম করে। কখনও প্রকৃতি থেকে সাহায্য নেয়। আবার কখনো নিজের শরীরকে ব্যবহার করে শীতল থাকার চেষ্টা করে। আজ সেরকম শীতল থাকার কয়েকটি পদ্ধতি নিয়ে আলোচনা করা যাক।

ফেনেক শেয়াল-ফেনেক শেয়ালের বাস মরুভূমিতে। খেঁকশিয়াল, কুকর, নেকড়ে বা শিয়াল গোত্রের যেকোনো প্রাণীর তুলনায় ফেনেক শিয়ালের কান শরীরের আকারের তুলনায় সবচেয়ে বড়। বালুর তলায় শিকার খোঁজার জন্য নিজেদের কান ব্যবহার করে শিয়ালগুলো। এ ছাড়া দেহের তাপমাত্রা কমানোর ক্ষেত্রেও এরা কানের ব্যবহার করে। মরুভূমিতে বাস করা যেকোনো প্রাণীর জন্যই পানি খুবই গুরুত্বপূর্ণ। ফেনেক শিয়ালের বড় কানগুলো শরীর থেকে তাপ বাইরে বের করে দেয়। ফলে ঘামের মাধ্যমে প্রয়োজনীয় পানি বেরিয়ে যেতে পারে না। সাহারার মতো মরুভূমিতে তাপমাত্রা থাকে প্রায় ৫০ ডিগ্রি সেলসিয়াস। এরকম একটি জায়গায় শিয়ালের এ কৌশলটি খুব কাজে দেয়।

সাধারণত প্রাণীদের শরীরে থাকা পশমের মূল কাজ হচ্ছে শরীরকে গরম রাখা। কিন্তু হাতির ক্ষেত্রে পশম ঠিক উল্টো কাজ করে। এদের শরীরের ছোট ছোট পশম হাতির বিশাল দেহকে শীতল রাখে। যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের গবেষকদের অনুসন্ধানে জানা গেছে, পশমগুলো শীতলীকরণ পাখা হিসেবে কাজ করে। একটি তারের ভেতর দিয়ে যেভাবে বিদ্যুৎ প্রবাহিত হয়, সেভাবেই হাতির শরীর থেকে পশমগুলোও উষ্ণতা সরিয়ে দেয়, ছড়িয়ে দেয় পরিবেশে।

কাঠবিড়ালী- কাঠবিড়ালীর শরীরেও আছে পশম। শীতকালে কাঠবিড়ালীর দেহকে উষ্ণ রাখতে পশম সাহায্য করে। কিন্তু গ্রীষ্মকালে পশম দিয়ে বিশেষ উপকার হয় না। তবে শরীর ঠান্ডা রাখার জন্য কাঠবিড়ালী নিজেদের শরীরকে খাপ খাইয়ে নিয়েছে। কাঠবিড়ালীর থাবার (হাতের) কিছু অংশে শীতকালে পশম থাকলেও গ্রীষ্মকালে সেসব পশম উধাও হয়ে যায়। আর থাবার এ লোমগুলো দিয়েই কাঠবিড়ালী নিজেদের শরীর থেকে অতিরিক্ত তাপের কিছু অংশ বাইরে বের করে দেয়। তবে পরিমাণটা খুব সামান্য। ফলে বেশি গরম পড়লে কাঠবিড়ালিদের ছায়ায় আশ্রয় নিতে হয়। জলাশয়ের আশেপাশে থেকেও নিজেদের শরীর ঠান্ডা রাখে প্রাণীটি।

আপনারা নিশ্চয়ই সত্যজিৎ রায়ের লেখা ফেলুদার কাহিনি পড়েছেন। উট দেখে লালমোহনবাবু ভেবেছিলেন, উট পাকস্থলী থেকে জলের ব্যবস্থা করে। ফেলুদা তার ভুল শুধরে দেন। লালমোহনবাবুর মতো অনেকেই ভাবতে পারেন, উঁটের কুঁজে জল জমানো থাকে। কিন্তু উট আসলে তার কুঁজে সরাসরি পানি সঞ্চয় করে না। বরং কুঁজগুলোতে থাকে চর্বি। সে চর্বি থেকেই জল তৈরি করে নেয় উট। এ প্রক্রিয়ায় উটের দেহও শীতল হয়। বাইরের পানি না খেয়েও উট কয়েক সপ্তাহ, এমনকি মাসও কাটিয়ে দিতে পারে। এ প্রক্রিয়ায় প্রতি যাত্রায় ১০০ লিটার পর্যন্ত জল পান করে উট।

কুকুর- অনেক জাতের কুকুর আছে, যেগুলো ত্বকের মধ্য দিয়ে ঘামাতে পারে না। তাই এগুলো থাবা ও নাকের মধ্য দিয়ে তাপ নিঃসরণ করে। অনেক সময় কুকুরকে দেখা যায় জিভ বাইরে বের করে হাঁপাতে। এটিও তাদের দেহ শীতল রাখার একটি কৌশল। তাপমাত্রা বাড়লে কুকুর প্রতি মিনিটে ৪০০ বারের মতো শ্বাসপ্রশ্বাস ফেলতে পারে। জিভের মধ্য দিয়ে অতিরিক্ত তাপ বাষ্পে পরিণত হয়ে বাইরে বেরিয়ে যায়। একই সময়ে ফুসফুসের গরম বাতাস বের করে দিয়ে বাইরের তুলনামূলক শীতল বাতাস গ্রহণ করে কুকুর। অনেক প্রাণীই নিজেদের শরীরের তাপমাত্রা ভালোভাবে নিয়ন্ত্রণ করতে পারে না। তাই তাপমাত্রা বেড়ে গেলে হিটস্ট্রোক হওয়ার সম্ভাবনা থাকে। এ কারণে পোষা প্রাণীর মালিকদের বিষয়টি খেয়াল রাখতে হয়। বেশি গরম পড়লে পোষা প্রাণীকে ঘরের ভেতরে রাখা উচিৎ। ঘরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থাও থাকতে হবে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# হাতি জাতীয় ঐতিহ্য, তাদের সংরক্ষণও জাতীয় দায়িত্ব, ‘গজ উৎসব’-এর উদ্বোধন করে বলেন রাষ্ট্রপতি দ্রৌপদী



কাজিরঙা (অসম), ৭ এপ্রিল (হি.স.) : হাতি জাতীয় ঐতিহ্য, তাদের সংরক্ষণও জাতীয় দায়িত্ব। তাছাড়া হাতি-মানব সংঘর্ষের দায়িত্বও মানুষকেই নিতে হবে। আজ শুক্রবার কাজিরঙা জাতীয় উদ্যানে ‘গজ উৎসব’-এর উদ্বোধন করে বলেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি মুর্মু র ব্যাখ্যা, মানুষের হস্তক্ষেপে প্রাকৃতিক আবাসস্থল বাধাগ্রস্ত হচ্ছে, হাতির চলাচলে ব্যাঘাত ঘটছে। এগুলোই সংঘাতের মূল কারণ।

অসমের কাজিরঙা জাতীয় উদ্যানে আজ ৭ এপ্রিল গজ উৎসব উদযাপন করেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু উৎসবের উদ্বোধন করে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা দিচ্ছিলেন। বক্তৃতা দিতে গিয়ে তিনি জোরের সঙ্গে বলেন, মানুষ-হাতি দ্বন্দ্ব নিরসনের দায়িত্ব মানব সমাজকেই নিতে হবে। তিনি ভারতের ঐতিহ্য এবং ঐতিহ্যবাহী জাতীয় প্রাণী হিসাবে হাতির তাৎপর্য তুলে ধরে দেশের ঐতিহ্য সংরক্ষণের জন্য তাদের রক্ষা করার গুরুত্বের উপর জোর দেন।

রাষ্ ্রপতি বলেন, হাতি-মানব সমস্যা সমাধানের জন্য সরকারের সঙ্গে মানবজাতিকে নিতে হবে। প্রজেক্ট এলিফ্যান্টের লক্ষ্য হাতিদের রক্ষা করা, তাদের প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ করা এবং তাদের করিডোরগুলিকে বাধা থেকে মুক্ত রাখা। তিনি এই প্রকল্পের সাফল্যের জন্য সকল স্টেকহোল্ডারদের সহযোগিতার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

অসমের কাজিরঙা, মানস জাতীয় উদ্যানগুলি শুধুমাত্র ভারতের জন্যই নয়, সমগ্র বিশ্বের কাছে অমূল্য। ইউনেসকো কর্তৃক ”বিশ্ব ঐতিহ্যবাহী স্থান” হিসেবে স্বীকৃত হয়েছে এই উদ্যান, বলেন রাষ্ট্রপতি। তিনি বলেন, কাজিরঙা ভারতে বন্য হাতির দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যা সহ গজ উৎসব আয়োজনের জন্য একটি উপযুক্ত স্থান। তদুপরি হাতি এবং তাদের আবাসস্থল সংরক্ষণের পারস্পরিক সুবিধার প্রতি ইঙ্গিত করেছেন রাষ্ট্রপতি। তিনি বলেন, তারা কার্যকর কার্বন সিঙ্ক হিসাবে কাজ করে, জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় সহায়তা করে এবং প্রকৃতি ও মানবতার মধ্যে একটি পবিত্র সম্পর্ক গড়ে তুলে। তিনি প্রকৃতি এবং এর বাসিন্দাদের সংরক্ষণের প্রচেষ্টায় সমাজকে অংশগ্রহণের আহ্বান জানান।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জোর দিয়ে বলেন, হাতি ছাড়াও অন্যান্য প্রাণীর প্রতি আমাদের একই সহানুভূতি এবং শ্রদ্ধাবোধ থাকা উচিত যেমন আমাদের মানুষের জন্য রয়েছে। কারণ তারা সামাজিক প্রাণী এবং নিঃ স্বার্থ ভালোবাসা প্রদর্শন করে। তিনি বলেন, প্রকৃতিকে সম্মান করার সংস্কৃতি ভারতের পরিচয় এবং প্রত্যেককে তা বজায় রাখতে উৎসাহিত করে।

রাষ্ট্রপতি দ্রৌপদী বলেন, আমাদের ঐতিহ্যবাহী সব উৎসবই প্রকৃতির ছন্দের সঙ্গে জড়িত। অসমের রঙালি বিহুও প্রকৃতির উচ্ছ্বাস প্রকাশ করে। তিনি সবাইকে রঙালি বিহুর আগাম শুভেচ্ছা জানিয়েছেন। এছাড়া গজ উৎসব এবং প্রজেক্ট এলিফ্যান্টের সাফল্যের জন্য শুভকামনা ব্যক্ত করেছেন তিনি।

আজকের ‘গজ উৎসব’-এর উদ্বোধনী অনুষ্ঠানে একটি স্মরণিকাও প্রকাশ করেছেন রাষ্ট্রপতি এবং উপস্থিত বিশিষ্টরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অসমের রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া, অসমের মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব, কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী চৌবে, অসম সরকারের কৃষি ও পশু দফতরের মন্ত্রী অতুল বরা, বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারি এবং অর্থমন্ত্রী অজন্তা নেওগ সহ বিপুল সংখ্যক জনতা।

এদিকে, জিপ সাফারি করে কাজিরঙা জাতীয় উদ্যানের নান্দনিক পরিবেশ উপভোগ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

আজ শুক্রবার কাজিরঙা জাতীয় উদ্যান হাইস্কুলের ময়দানে ‘গজ উৎসব’-এর উদ্বোধন করেছেন রাষ্ট্রপতি। ‘গজ উৎসব’-এর উদ্বোধনী কার্যক্রমের আগে সকালে পার্কে হাতির স্যালুট গ্রহণ করেছেন তিনি। এছাড়া বিহু ও রাজ্যের অন্যান্য জনগোষ্ঠীয় নাচ-গান, ফুটবল, কুচকাওয়াজ, রেস সহ বিভিন্ন ইভেন্টে অংশ নিয়ে এগুলোর আনন্দ উপভোগ করেছেন রাষ্ট্রপতি।

তাঁর অসম সফরের দ্বিতীয় দিন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কাজিরঙা জাতীয় উদ্যানের ভিতরে রোমাঞ্চকর জিপ সাফারিতে গিয়েছিলেন। আধিকারিকদের সাথে মুর্মু মিহিমুখ পয়েন্ট থেকে পার্কে প্রবেশ করে বিরল এক শৃঙ্গের গণ্ডার, বুনো মহিষ, হরিণ, বিভিন্ন প্রজাতির পাখি সহ অন্য বন্যপ্রাণীর সাক্ষী হয়ে এক অনন্য আনন্দদায়ক অভিজ্ঞতা লাভ করেন। পার্কের ভিতরে হাতিদের খাইয়েছেনও তিনি, যা এক অবিস্মরণীয় অভিজ্ঞতা।

## খুনের কথা স্বীকার করল শীতলকুচি নারকীয় হত্যাকাণ্ডের অভিযুক্ত যুবক


শীতলকুচি, ৭ এপ্রিল (হি. স.) : হাসপাতালের বেডে শুয়ে খুনের কথা স্বীকার করেছে অভিযুক্ত যুবক বিভূতি রায়। তার বক্তব্য, ‘চার বছর প্রেম করে ধোকা দিয়ে চলে গেল। তাই মেরে দিলাম।’

প্রসঙ্গত, প্রেমের সম্পর্কে বাবা মা মেনে নিতে না পারায় প্রেমিকার বাবা-মাকে কুপিয়ে খুনের অভিযোগ ওঠে মেয়ের প্রেমিকের বিরুদ্ধে। জখম হয় প্রেমিকা ও তার দিদিও। পরে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় দিদিরও। শীতলকুচির হসপিটাল পাড়া এলাকার এই ঘটনা নাড়িয়ে দেয় রাজ্যকে। মৃত নিলীমা বর্মন শীতলকুচি গ্রাম পঞ্চায়েতের তৃণমূল সদস্য। তাঁর স্বামী বিমল চন্দ্র বর্মন তৃণমূলের এসসিএসটি ওবিসি সেলের শীতলকুচি ব্লক সভাপতি। এদিন ভোরে এই ঘটনার পরই এলাকায় তুমুল উত্তেজনা ছড়ায়। প্রাথমিক তদন্তে পুলিশ জানতে পারে, ওই দম্পতির মেয়ে ইতি বর্মন প্রেমের সম্পর্কে জড়িয়েছিল পাশের গ্রামের যুবক বিভূতি রায়ের সঙ্গে। যা মেনে নিতে তীব্র আপত্তি ছিল তার বাবা-মা দুজনেরই। আর এনিয়ে পরিবারে অশান্তিও হয়। অভিযোগ, তার জেরেই অভিযুক্ত যুবক প্রেমিকার বাড়িতে এসে ছুরি নিয়ে হামলা চালায়। একাধিকবার নৃশংশভাবে কোপানো হয়েছে বিমল বর্মন ও তাঁর স্ত্রী নিলীমাদেবীকে। তাঁদের বাঁচাতে গিয়ে আক্রান্ত হয়েছে দুই মেয়ে ইতি ও রুনা। তাদের হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় রুনার। স্থানীয় বাসিন্দারাই অভিযুক্ত যুবককে ধরে ফেলে। তাঁকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ আরও দুই জনকে গ্রেফতার করেছে। ঘটনার পরই এলাকায় যান মাথাভাঙ্গার এসডিপিও অমিত ভার্মা। তিনি জানান, ঘটনার তদন্ত চলছে। বিমল বর্মন ও নিলীমাদেবী সক্রিয় রাজনীতির সঙ্গে যুক্ত থাকায় প্রথমে এই ঘটনার নেপথ্যে ষড়যন্ত্র থাকার সন্দেহ করেন অনেকে। তবে প্রাথমিক তদন্তে তেমন কিছুই মেলেনি। আপাতত অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে সে।

# ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি-র সভাপতি প্রবীর ঘোষ প্রয়াত

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি-র সভাপতি প্রবীর ঘোষ প্রয়াত হলেন। শুক্রবার সকালে সাড়ে দশটায় দমদম মতিঝিলে, দেবীনিবাস রোডে নিজের ফ্ল্যাটে বার্ধক্যজনিত অসুস্থতার কারণে মারা গেছেন।

বয়স হয়েছিল ৭৮। দীর্ঘদিন ধরেই বয়সজনিত অসুখে ভুগছিলেন। ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী আন্দোলন ও হিউম্যানিস্ট অ্যাসোসিয়েশনের সভাপতি ছিলেন তিনি। ‘আমি কেন ঈশ্বরে বিশ্বাস করিনা’, ‘সংস্কৃতি সংঘর্ষ নির্মাণ’ সহ বহু কালজয়ী বই যুক্তিবাদী আন্দোলনের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। তাঁর লেখা বইয়ের মধ্যে সবচেয়ে বিখ্যাত ‘অলৌকিক নয় লৌকিক’। ৫ খণ্ডে সমাপ্ত এই বই ছাড়াও ‘পিংকি ও অলৌকিক বাবা’, ‘অলৌকিক রহস্য জালে পিংকি’,



‘আমি কেন ঈশ্বরে বিশ্বাস করি না’র মতো তাঁর বহু বই পাঠক মহলে তুমুল জনপ্রিয়।

প্রতিটি মানুষ যারা যুক্তিমনস্ক হওয়ার প্রচেষ্টায় এইসব বই হাতে তুলে নেবে, নিজের চিন্তা চেতনা কে উন্নত করে যুক্তিবাদী আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে তখনই তাদের মধ্যে প্রবীর ঘোষ বেঁচে থাকবেন।

পূর্ববঙ্গের (অধুনা বাংলাদেশ) ফরিদপুরে জন্মগ্রহণের পর পশ্চিমবঙ্গের খড়্গপুরে চলে আসেন সপরিবারে। চাকরি করেছেন স্টেট ব্যাংকে। এরই পাশাপাশি যুক্তিবাদী আন্দোলনের অন্যতম পুরোধা হিসেবে বুজরুকদের মুখোশ খোলার কাজ করে গিয়েছে। ১৯৯৯ সালে চাকরি ছেড়ে সংগঠনের কাজেই সম্পূর্ণ ভাবে মনোনিবেশ করেন প্রবীর।

সারা জীবন সরব হয়েছিলেন অলৌকিকতার ভান করা প্রতারকদের বিরুদ্ধে। অলৌকিক শক্তির প্রমাণ দিতে পারলে ৫০ লক্ষ টাকা পুরস্কার দেওয়ার ঘোষণা করেছিলেন তিনি। এরপর বেশ কিছু বুজরুকের প্রতারণা হাতেনাতে ধরে ফেলে রীতিমতো শোরগোল ফেলে দেন। ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি তার দেখানো পথে যুক্তিবাদী আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে।

# কংগ্রেসের বিরুদ্ধে তোপ অমিত শাহের

কৌশাম্বী, ৭ এপ্রিল (হি.স.): কংগ্রেসের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপি নেতা অমিত শাহ। শুক্রবার উত্তর প্রদেশের কৌশাম্বীর জনসভা থেকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, তাঁরা (কংগ্রেস) বলছে গণতন্ত্র হুমকির সম্মুখীন। কিন্তু, আমি বলছি একটি পরিবারের বংশপরম্পরা এবং স্বৈরাচারের ধারণা বিপদের মধ্যে রয়েছে। রাহুল গান্ধীর সাংসদ পদ খারিজ হওয়ার পর সংসদে কালো পোশাক পড়েছিলেন কংগ্রেস সাংসদরা, এরও প্রতিবাদ করেছেন অমিত শাহ।

উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সঙ্গে এদিন কৌশাম্বী জেলায় পৌঁছন কেন্দ্রীয়



স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। অমিত শাহ এদিন কৌশাম্বী উৎসবের উদ্বোধন করবেন এবং এখানে বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এদিন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, ভারত সরকার ৮০ কোটি মানুষকে বিনামূল্যে রেশন দিচ্ছে, যেখানে পাকিস্তানের মানুষ খাবারের জন্য লড়াই করছে...বিশ্ব ভারতের দিকে তাকিয়ে আছে।

## আদিবাসী ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার

পুরুলিয়া, ৭ এপ্রিল (হি. স.) : শুক্রবার সকালে ছাত্রাবাস থেকে উদ্ধার হল এক আদিবাসী ছাত্রীর ঝুলন্ত দেহ। ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়ায় পুরুলিয়ার সাতুড়ি এলাকায়। খবর পেয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায় পুলিশ। মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা।

জানা গিয়েছে, মৃত ছাত্রীর নাম মধুমিতা সোরেন। পুরুলিয়ার সাতুড়ি থানার অন্তর্গত মুরাডি গার্লস হাই স্কুলে একাদশ শ্রেণিতে পড়ত সে। থাকত ছাত্রাবাসে।

সূত্রের খবর, একাদশ শ্রেণী পরীক্ষার পর ছুটিতে বাড়িতে ছিল মধুমিতা। বৃহস্পতিবার ছুটি কাটিয়ে সে ফেরে। বাবা মাঝিরাম সোরেন মধুমিতাকে ছাত্রাবাসে রেখে যান। এদিন অন্যান্য ছাত্রী না থাকায় রাতে হস্টেলে একাই ছিল মধুমিতা।

শুক্রবার সকালে ডাকাডাকি করে মধুমিতার সাড়া না মেলায় চিন্তায় পড়ে ছাত্রাবাস কর্তৃপক্ষ। এরপরই একটি জানলা থেকে দেখা যায়, গলায় ফাঁস দিয়ে ঝুলছে ছাত্রী। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় থানায়। পুলিশ দরজা ভেঙে মধুমিতার উদ্ধার করে। তড়িঘড়ি মধুমিতাকে মুরাডি সরকারি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মধুমিতাকে মৃত বলে ঘোষণা করে।

পুলিশ সূত্রে খবর, অনুমান এটি একটি আত্মহত্যা ঘটনা। তবে কী কারণে এই ঘটনা তা খতিয়ে দেখার জন্য দেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট পেলে বিষয়টা খানিকটা স্পষ্ট হবে। তদন্তের স্বার্থে পুলিশের তরফে কথা বলা হবে মৃতার পরিবার ও পরিজনদের সঙ্গে।

# গরমের দাপটে কাহিল তিলোত্তমা, শুষ্ক ভূ-স্বর্গ

কলকাতা, ৭ এপ্রিল (হি.স.): চৈত্র মাস এখনও শেষ হয়নি, তার আগেই পশ্চিমবঙ্গজুড়ে তাপমাত্রার পারদ ঊর্ধ্বমুখী। গরমের দাপটে রীতিমতো কাহিল হয়ে পড়ছে তিলোত্তমা, দক্ষিণবঙ্গের সর্বত্রই একই অবস্থা। আলিপুর



আবহাওয়া দফতর সূত্রের খবর, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের কোথাও আপাতত বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। বৃষ্টি তো হবেই না উল্টে দক্ষিণবঙ্গে চড়বে পারদ। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রার পৌঁছে যেতে পারে ৩৬.৫ ডিগ্রি সেলসিয়াসে।

আগামী সপ্তাহে, অর্থাৎ সোমবার থেকেই তাপপ্রবাহের সতর্কতা রয়েছে। ১০ এপ্রিল থেকে ১৪ এপ্রিল পর্যন্ত দক্ষিণবঙ্গের কিছু জেলা এবং উত্তরবঙ্গের মালদহ ও দক্ষিণ দিনাজপুরে অত্যধিক গরম পড়তে পারে। আগামী কয়েক দিন শুষ্ক গরম অনুভূত হবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আগামী ১০ এপ্রিলের পর থেকে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পেরিয়ে যেতে পারে। ফলে এপ্রিলের শুরু থেকেই গরমে আরও কাহিল হতে হবে বঙ্গবাসীকে। আগামী ১০ এপ্রিল পর্যন্ত মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। ১১ এপ্রিলের পর ফের হতে পারে বৃষ্টি, তবে হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ১২-১৫ এপ্রিল মূলত মেঘলা থাকবে উপত্যকা, এই সময়ে হতে পারে হালকা বৃষ্টি। তবে আপাতত বৃষ্টির তেমন সম্ভাবনা নেই। আবহাওয়া খামখেয়ালিপনায় তাপমাত্রার পারদ ওঠানামা করছে জম্মু ও কাশ্মীরের প্রায় সর্বত্রই। কাশ্মীরের কোথাও কোথাও এখনও হিমাঙ্কের নীচে রয়েছে তাপমাত্রা, আবার কোথাও তাপমাত্রার পারদ ঊর্ধ্বমুখী। যেমন শ্রীনগরে বেড়েছে তাপমাত্রা। আবার কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে তাপমাত্রার পারদ নিম্নমুখী। লাদাখের লেহ ও কার্গিল উভয় স্থানেই তাপমাত্রার পারদ হিমাঙ্কের নীচে। এই পরিস্থিতিতে জম্মু-কাশ্মীরের আবহাওয়া দফতর জানাল, আগামী ১০ এপ্রিল পর্যন্ত মূলত শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। ১১ এপ্রিলের পর ফের হতে পারে বৃষ্টি।

# দিল্লিতে কাঠের গোডাউনে বিধ্বংসী আগুন দমকলের দীর্ঘ চেষ্টায় এল নিয়ন্ত্রণে

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): রাজধানী দিল্লিতে ভয়াবহ আগুন



লাগল একটি কাঠের গোডাউনে। বৃহস্পতিবার রাতে দিল্লির সমলখা কাপাশেরা এলাকায় সোনিয়া গান্ধী ক্যাম্প এলাকায় অবস্থিত একটি কাঠের গোডাউনে আগুন লাগে। কাঠের গুদাম হওয়ায় আগুনের তীব্রতা ছিল বেশি। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি, তবে ক্ষয়ক্ষতির পরিমান প্রচুর বলে জানা গিয়েছে। দমকলের ১৬টি ইঞ্জিনের দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে এসেছে।

দিল্লি দমকলের বিভাগীয় অফিসার সৎপাল ভরদ্বাজ বলেছেন, বৃহস্পতিবার রাত ৯.৩৮ মিনিট নাগাদ আগুন লাগার বিষয়ে আমরা জানতে পারি।

## দিল্লি-দেহরাদূন এক্সপ্রেসওয়ের নির্মাণকাজ শেষ হবে ডিসেম্বরে


নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): প্রায় ১২ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত ২১২ কিলোমিটার দীর্ঘ দিল্লি-দেহরাদূন অ্যাক্সেস-নিয়ন্ত্রিত এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ এই বছরের ডিসেম্বরের শেষের দিকে শেষ হবে, শুক্রবার কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি এমনটাই বলেছেন। সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী আরও বলেছেন, গ্রিনফিল্ড ছয় লেনের দিল্লি-দেহরাদূন এক্সপ্রেসওয়ের ৬০-৭০ শতাংশ নির্মাণ কাজ শেষ হয়েছে। শুক্রবার পঞ্চম অযোধ্যা পর্বে বক্তব্য রাখার সময় গরকরি বলেন, দিল্লি থেকে দেহরাদূন মাত্র দুই ঘণ্টায় এবং দিল্লি থেকে হরিদ্বার ৯০ মিনিটে ভ্রমণ করা যাবে, কারণ দিল্লি-দেহরাদূন এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ এই বছরের ডিসেম্বরের শেষের দিকে শেষ হবে।

## গুড ফ্রাইডে পালিত

নাগরাকাটা, ৭ এপ্রিল (হি.স.): গুড ফ্রাইডে পালন করা হল ডুয়ার্সের বিভিন্ন জায়গায়। শুক্রবার চা বাগান সহ বিভিন্ন চার্চে অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন চম্পাগুড়ির শতাব্দী প্রাচীন সেক্রেট হার্ট চার্চে প্রভু যীশুকে ক্রুশবিদ্ধ করার ঘটনা অভিনয়ের মাধ্যমে ফুটিয়ে তোলা হয়। বিকেল পর্যন্ত হয় বিশেষ প্রার্থনা। যীশুর বাণী শোনান ফাদার সমীর তিরকি। চার্চের সম্পাদক সঞ্জয় কুজুর জানান, আগামী শনি ও রবিবার ইস্টার স্যাটারডে ও ইস্টার সানডে পালন করা হবে।প্রসঙ্গত, খ্রিস্ট ধর্মাবলম্বীদের মতে, এই দিনেই মানবজাতির কল্যাণ বা ‘গুড’ করতে আত্মবলিদান দিয়েছিলেন যিশু খ্রিস্ট। মূলত সেই কথা মাথায় রেখেই শোকের দিনটিকেও গুড বা পবিত্র বলে মনে করেন তাঁরা।

# সমাজের সকল স্তরকে সেবা করার আহ্বান জানিয়েছেন ডঃ ভাগবত

জয়পুর , ৭ এপ্রিল (হি.স.): রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের সরসঙ্ঘচালক ডঃ মোহন ভাগবত সমাজের সকল স্তরকে দৃঢ় সংকল্পের সাথে সেবা করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সেবার চেতনার সঙ্গে করুণার সম্পর্ক রয়েছে। সমগ্র দেশ



যখন নিখুঁত এবং সুস্থ থাকবে, তখনই কেবল ভারত বিশ্বনেতা হয়ে উঠবে। জয়পুরের কাছে জামডোলির কেশব বিদ্যাপীঠে সেবাভারতীর তৃতীয় জাতীয় সেবা সংগমের উদ্বোধনে একথা বলেন সরসঙ্ঘচালক।

তিনি বলেন, শরীরের কোনও অঙ্গ দুর্বল হলে সারা শরীর যেমন কষ্ট পায়, তেমনি দেশের কোনও সমাজ দুর্বল হলে পুরো দেশ কষ্ট পায়, পিছিয়ে পড়ে। তিনি বলেন, একমাত্র সেবার মনোভাবই এই ঘাটতি দূর করতে পারে। ডক্টর ভাগবত বলেন এই কাজটি আমাদের করতে হবে কারণ এই সমাজ আমাদের নিজস্ব। দেশের কোনও অংশকে দুর্বল, পশ্চাৎপদ ও নিম্নস্তরে থাকতে দেওয়া উচিত নয়।

ডঃ ভাগবত বলেন, সেবার চেতনা সহানুভূতির সাথে যুক্ত। এই অনুভূতি দ্রুত উদ্ভূত হয়। সেবা ভারতীয় সনাতন সংস্কৃতির গুণ। মানুষের কাছে মানুষের সাধারণ অভিব্যক্তি। সেবা একটি প্রতিযোগিতা নয়, আজ, সংবেদনশীলতার ভিত্তিতে, কৃতি বিশ্বস্তরে আলোচিত হচ্ছে।

সঙ্ঘ প্রধান ছাড়াও উদ্বোধনী অধিবেশনে পিরামল গ্রুপ মুম্বইয়ের সভাপতি অজয় পিরামল, শিল্পপতি নরসেরাম কুলারিয়া, জাতীয় সাধক বালযোগী উমেশ নাথ মহারাজ প্রমুখ উপস্থিত রয়েছেন। এ সময় পিরামল সাধু রহিমের কথোপকথন উদ্ধৃত করে বলেন, তরুবর ফল খায় না, সরোবর পান করে না। কোথাও রহিমের আগ্রহ কাজ, সম্পদ সঞ্চয় সুজন। পিরামল ফাউন্ডেশনে এই উদ্দেশ্য বাস্তবায়নের চেষ্টা করে চলেছে। তিনি বলেন, ফাউন্ডেশন জনজাতি এলাকায় স্বাস্থ্যের বিষয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে প্রতিশ্রুতি প্রকাশ করেছে। নিষাদরাজ ও মাতা শবরীর ঘটনার উল্লেখ করে জাতীয় সাধক বালযোগী উমেশ নাথ মহারাজ বলেন, ভগবান রাম সেই সময় সামাজিক সম্প্রীতির শিক্ষা দিয়েছিলেন।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের অখিল ভারতীয় সহ-সেবা প্রমুখ রাজকুমার মাটালে বলেছেন যে নানাজি দেশমুখ একটি মন্ত্র দিয়েছিলেন, আপনার প্রিয়জনের জন্য বাঁচুন, নিজের জন্য নয়। যেখানে সঙ্গম আছে সেখানে আধ্যাত্মিক শক্তি বৃদ্ধি পায়। এসময় অতিথিরা ‘সেবা সাধনা’ পত্রিকার আবরণ উন্মোচন করেন। এই পত্রিকার থিম রাখা হয়েছে ‘স্বনির্ভর ভারত’। স্বাগত কমিটির সভাপতি হিসেবে স্বাগত বক্তব্য রাখেন শিল্পপতি নরসিরাম কুলারিয়া।

সেবা সংগমে উপস্থিত ছিলেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরকারীবাহ দত্তাত্রেয় হোসবলে, সর্বভারতীয় কার্যনির্বাহী সদস্য সুরেশ ভাইয়াজী যোশী, সহ-সরকার্যবাহ মুকুন্দ সিআর, বিশ্বগুরু মহামণ্ডলেশ্বর পরমহংস স্বামী মহেশ্বরানন্দ, বিশ্ব জাগৃতি মিশনের প্রতিষ্ঠাতা আচার্য সুধাংশু মহারাজ, সাংসদ রাজসমন্দ দিয়া কুমারী, শিল্পপতি অশোক বগলা প্রমুখ।

# ভারতে সফরে দক্ষিণ কোরিয়ার বিদেশমন্ত্রী

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): ভারত সফরে এসেছেন দক্ষিণ কোরিয়ার বিদেশ মন্ত্রী পার্ক জিন। দু’’’’দিনের ভারত সফরে শুক্রবারই দিল্লিতে এসে পৌঁছেছেন তিনি। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। ভারত-প্রশান্ত মহাসাগরের সমুদ্রপথ রক্ষায় জোট বেঁধেছে পশ্চিমী দেশগুলি। চিনের আগ্রাসন রুখতে এই সামরিক জোটে সামিল হয়েছে ভারতও। সেই প্রেক্ষিতে দক্ষিণ কোরিয়ার বিদেশমন্ত্রীর এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, দক্ষিণ কোরিয়ার বিদেশমন্ত্রীকে ভারতে তাঁর প্রথম সরকার সফরে উষ্ণ স্বাগত, যেহেতু ভারত-প্রজাতন্ত্র কোরিয়া এই বছর কূটনৈতিক সম্পর্কের ৫০ তম বার্ষিকী উদযাপন করছে, এই সফর আমাদের বিশেষ কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করবে।

# কাজের সন্ধান

## রাজ্য সরকারের অধীনে টেকনেশিয়ান সহ বিভিন্ন পদে নিয়োগ অব্যাহত

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** রাজ্য সরকারের অধীনে নির্দিষ্ট দপ্তরে ইনস্ট্রাক্টার, টেকনেশিয়ান, ড্রাইভার ট্রেইনার, একাউন্ট্যান্ট পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ থেকে শুরু, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ১৩ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, সোসাইটি ফর এন্ট্রেপ্রেনারশীপ ডেভেলপমেন্ট বা সফেদ-এর ব্যবস্থাপনায় রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের অধীনে আইটিডিআর বা ইনস্টিটিউট অফ ড্রাইভিং, ট্রেনিং এন্ড রিসার্চ-এ ইনস্ট্রাক্টার, টেকনেশিয়ান, ড্রাইভার ট্রেইনার, একাউন্ট্যান্ট পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। এই চাকরি সমূহ সম্পূর্ণ রাজ্য সরকারের অধীনে তবে ১১ মাসের জন্য প্রাথমিক অবস্থায় সম্পূর্ণ চুক্তিভিত্তিক। রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের জন্য ইনস্ট্রাক্টার, টেকনেশিয়ান, ড্রাইভার ট্রেইনার, একাউন্ট্যান্টইত্যাদি ৭টি বিভিন্ন পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ১৩-০৪-২০২৩ তারিখের হিসেবে নির্দিষ্ট বয়সের সীমারেখায় থাকলে সরাসরি দরখাস্ত জমা করতে পারেন, নির্দিষ্ট ঠিকানায়। এই নিয়োগের বিজ্ঞপ্তির নম্বর এসইডি/ ইএসটিটি/ ট্র্যান্সপোর্ট/ ১(১২৭)/ ২০২২/ ৫২৯৫, তারিখ ৩১ মার্চ, ২০২৩। রিক্রুটমেন্ট নোটিফিকেশন নম্বরঃ ১০/২০২২-২৩। দরখাস্ত করবেন কেবলমাত্র কমন্ ফরম্যাটে, তবে এর আগে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, নির্দিষ্ট ফর্ম ডাউনলোড করে প্রিন্টআউট করে নিতে হবে। দরখাস্ত সরাসরি জমা করতে হবে ১৩ এপ্রিলের মধ্যে। যে-কোনও উপায়ে দরখাস্ত পৌঁছুনোর শেষ তারিখও ১৩ এপ্রিল। দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায় ঃ Office of the Member secretary, SoFED, ITI Road, Indranagar, Agartala, PIN- 799006. বলা বাহুল্য, দরখাস্ত ফিল-আপের আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। পরীক্ষায় এবং পরে ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত বের করা, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা/ ইন্টারভিউ ও মৌখিক পরীক্ষার মাধ্যমে। ইন্টারভিউর দিনতারিখ পরবর্তী সময়ে জানানো হবে। এই নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে। পরীক্ষার নির্ধারিত ফি অনলাইনে অর্থাৎ মাস্টার কার্ড, ভিসা কার্ড, ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে মেটানো হয়ে গেলে অবশ্যই ই-রিসিপ্টের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, সেটি পরীক্ষার হলে দাখিল করতে হবে। সমস্ত রসিদই পরীক্ষার হলে দাখিল করতে হবে, ফলে এসবেরই একটা করে বাড়তি জেরক্স নিজের কাছে রেখে দেওয়া ভালো। এছাড়া, ব্যাঙ্কিং ফি, দরখাস্ত তৈরির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। সরাসরি বা অন্য কোনও উপায়ে পরীক্ষার ফি জমা দেওয়ার কোনও পদ্ধতি নেই। ফি জমা করার বিস্তারিত তথ্য ফর্মে নির্দিষ্ট কলামে উল্লেখ করতে হবে। শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) ঃ পদের নাম - ইনস্ট্রাক্টার, শূন্যপদ ২টি। এর মধ্যে ১টি অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারবে। এছাড়া, ১টি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১৬,১৪২ টাকা। বয়স অনূর্ধ্ব ৪০ বছর। চাকরি হবে রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের অধীনে আইটিডিআর বা ইনস্টিটিউট অফ ড্রাইভিং, ট্রেনিং এন্ড রিসার্চ-এর অধীনে। ক্রমিক নং (২) ঃ পদের নাম - টেকনেশিয়ান, শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারবে। মূল মাইনে প্রতি মাসে ১৪,৫২৭ টাকা। বয়স অনূর্ধ্ব ৪০ বছর। চাকরি হবে রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের অধীনে আইটিডিআর বা ইনস্টিটিউট অফ ড্রাইভিং, ট্রেনিং এন্ড রিসার্চ-এর অধীনে। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - ড্রাইভার ট্রেইনার, শূন্যপদ ৩টি। এর মধ্যে ২টি অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারবে। এছাড়া, ১টি এসটি প্রার্থীর জন্য সংরক্ষিত। মূল মাইনে প্রতি মাসে ১২,১০৬ হাজার টাকা। বয়স অনূর্ধ্ব ৪০ বছর। চাকরি হবে রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের অধীনে আইটিডিআর বা ইনস্টিটিউট অফ ড্রাইভিং, ট্রেনিং এন্ড রিসার্চ-এর অধীনে। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - একাউন্ট্যান্ট, শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারবে। মূল মাইনে প্রতি মাসে ১২,১০৬ টাকা। বয়স অনূর্ধ্ব ৪০ বছর। চাকরি হবে রাজ্য সরকারের নির্দিষ্ট দপ্তরের অধীনে আইটিডিআর বা ইনস্টিটিউট অফ ড্রাইভিং, ট্রেনিং এন্ড রিসার্চ-এর অধীনে। উল্লেখ্য, প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং মূল মাইনে ভিন্নতর। সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে প্রকাশিত বিজ্ঞাপন থেকে। নিয়োগ হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর মাধ্যমে। তবে নির্দিষ্ট সময়ে ইন্টারভিউর সংক্রান্ত বিস্তারিত জানিয়ে দেওয়া হবে কল লেটারের মাধ্যমে।

### অনলাইনে আবেদন, আগরতলায় পরীক্ষা

## ইগনৌ-র অধীনে ২০০ জন অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ইগনৌ-তে অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা আগরতলা সহ সারা দেশে ৫২টি কেন্দ্রে, তবে তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো — এন.টি.এ-র ব্যবস্থাপনায় ইগনৌ-তে অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অভিজ্ঞতার পাশাপাশি, ৩১-০৩-২০২৩ তারিখের হিসেবে ১৮ থেকে ২৭-এর মধ্যে বয়স হলে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। তবে সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে।

দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ২০ এপ্রিলের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২০ এপ্রিল। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। প্রযোজ্য ক্ষেত্রে ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। পরীক্ষা বা ইন্টারভিউতে ডাক পেলে ওই প্রিন্ট আউট এবং সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রার্থিবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ ও মৌখিক পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মে/জুন মাসে হবে, তবে তারিখ স্থির হয়নি। তবে নির্দিষ্ট তারিখ ঘোষণা হলে, পরবর্তী সময়ে জানানো হবে এবং প্রাথমিক বাছাই করেই পরীক্ষার জন্য ডাকা হবে। ত্রিপুরার প্রার্থীরা আগরতলা কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। তবে সারা দেশে এমন ৫৪টি পরীক্ষা কেন্দ্র রয়েছে। অন্যান্য পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক হলে অনলাইনে ফর্ম ফিলাপের সময় উল্লেখ করে দেবেন। এই নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে। শূন্যপদগুলি হল ঃ — ক্রমিক নং (১) ঃ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট - কাম - টাইপিস্ট (জেএটি) ঃ মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। ৭ম সেন্ট্রাল পে কমিশন অনুযায়ী লেভেল ০২ পর্যায়ভুক্ত। মোট শূন্যপদ ২০০টি। এর মধ্যে ৮৩টি অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি যে-কেউ এর জন্য আবেদন করতে পারবে। এছাড়া, এসসি'র জন্য ২৯টি, এসটি'র জন্য ১২টি, ওবিসি'র জন্য ৫৫টি এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য ২১টি পদ সংরক্ষিত। এর মধ্যে আবার ৯টি পদ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত। এছাড়া, ২০টি এক্স-সার্ভিসম্যানদের জন্য এবং ১০টি দক্ষ স্পোর্টস পার্সনদের জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা- উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। নির্দিষ্ট গতিতে টাইপ জানা আবশ্যক। বয়স- ১৮-২৭ বছর। সংরক্ষিত ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী ছাড় রয়েছে। তবে আবেদনের আগে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, বেতনক্রম ইত্যাদি বিস্তারিত জানার জন্য অবশ্যই এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। ইচ্ছুক উপযুক্ত এবং অভিজ্ঞতাসম্পন্ন কর্মপ্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার নির্দিষ্ট তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। ত্রিপুরা রাজ্যের প্রার্থীদের পরীক্ষা দিতে হবে আগরতলা সহ এমন ৫৪টি নিজ নিজ পছন্দের কেন্দ্রে গিয়ে। আপনার পছন্দের কেন্দ্রের কথা অনলাইনে আবেদন করার সময় জানিয়ে দিতে হবে। তবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার তারিখ স্থির হয়নি। কার, কবে পরীক্ষা, সেটা কল লেটারে জানিয়ে দেওয়া হবে। এই কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েজ ভিত্তিক প্রশ্ন, মোট ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন। সময় পাবেন দুই ঘন্টা অর্থাৎ ১২০ মিনিট। ৫টি পৃথক পৃথক বিষয়। ভুল উত্তরের জন্য কোনও নম্বর কাটা যাবে কিনা, সেটা প্রশ্নপত্রে উল্লেখ থাকবে। যাঁরা পরীক্ষার জন্য অতিরিক্ত সময় পেয়ে থাকেন, এখানেও তাঁরা পাবেন। আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে অথবা নির্দিষ্ট হোয়াটসঅ্যাপে জেনে নেবেন।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **মাইনিং ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় মন্ত্রক),**
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ৬৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **আশা কর্মী (স্বাস্থ্য বিভাগ, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৭৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ৩০-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৩ এপ্রিল,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইনস্ট্রাক্টার, টেকনেশিয়ান, ড্রাইভার ট্রেইনার, একাউন্ট্যান্ট (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ থেকে শুরু,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
সরাসরি দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ১৩ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অফিসার, টেকনেশিয়ান (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৯৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১২৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক (আইটি) পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
ইন্টারভিউ/ লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (বিএসএনএল),**
শূন্যপদ ঃ ৪০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নামঃ **এম.ও, টেকনেশিয়ান (স্টিল অথরিটি),**
শূন্যপদ ঃ ১৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি, এমবিবিএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ক্লার্ক, ম্যানেজার (ব্যাঙ্ক, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মে অথবা জুনে, কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইঞ্জিনিয়ার (মেট্রো রেল)**
শূন্যপদ ঃ ৬৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, বিই, বিটেক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ এপ্রিল,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেনি ইঞ্জিনিয়ার (পাওয়ার গ্রিড),**
শূন্যপদ ঃ ১৩৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, বিএসসি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন।
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ইলেকট্রিক্যাল ও মেকানিকেল ইঞ্জিনিয়ার (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৫৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেনি ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৭২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **মাইনিং সর্দার, ইলেকট্রিশিয়ান (কেন্দ্রীয় খনি মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৩৩০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট (ইগনৌ),**
শূন্যপদ ঃ ২০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা আগরতলা সহ সারা দেশে ৫২টি কেন্দ্রে, তবে তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (মেডিকেল রিসার্চ),**
শূন্যপদ ঃ ১৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
ডাকযোগে দরখাস্ত পৌছুনোর শেষ তারিখ ২১ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--ooo--o--o--o

## কোলফিল্ডে মাধ্যমিক পাশদের ৩৩০ চাকরি ত্রিপুরা থেকে অনলাইনে আবেদনের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় খনি মন্ত্রকের অধীনে কোলফিল্ডের তত্বাবধানে মাইনিং সর্দার, ইলেকট্রিশিয়ান পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৩০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। ত্রিপুরার প্রার্থীদের অনলাইনে দরখাস্ত পাঠানো সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো কোলফিল্ডে বিশেষ করে সেন্ট্রাল কোলফিল্ডে কেন্দ্রীয় সরকারের অধীনে চারটি বিভিন্ন পদে ৩৩০ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। কোল ইন্ডিয়া লিমিটেডে পৃথক পৃথক পদে নিয়োগের জন্য ইচ্ছুক তরুণ-তরুণীরা ১৯-০৪-২০২৩-এর হিসেবে ১৮ থেকে ৪০ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। শূন্যপদের বিশদ বিভাজন ডিসিপ্লিন বা ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'ক্যারিয়ার' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - ০৩২০২৩/৬৩, তারিখ ২৮ মার্চ, ২০২৩। দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ১৯ এপ্রিলের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদনের শেষ তারিখ ১৯ এপ্রিল। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সুরক্ষিত করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। ফর্ম ফিলাপের প্রয়োজনে, গার্জিয়ানের সই, আধার কার্ড, প্যান কার্ড, মার্কশিট ইত্যাদিরও স্ক্যান করা কপি আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত করার কাজ একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা এবং মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। শূন্যপদগুলি হল ঃ — ক্রমিক নং (১) ঃ মাইনিং সিরদার, গ্রেড টি এন্ড এস গ্রুপ-সি ঃ মূল মাইনে ৩১,৮৫২.৫৬ টাকা। মোট শূন্যপদ ৭৭টি। এর মধ্যে এসসি'র জন্য ১৪টি, এসটি'র জন্য ৫৮টি, ওবিসি'র জন্য ৫টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ ইলেকট্রিশিয়ান, নন-এক্সিকিউটিভ, ক্যাটেগরি-ফোর, ডিআর ঃ মূল মাইনে ১০৮৭.১৭ টাকা, প্রতি দিন হিসেবে। মোট শূন্যপদ ১২৬টি। এর মধ্যে এসসি'র জন্য ২৯টি, এসটি'র জন্য ৯৪টি, ওবিসি'র জন্য ৩টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৩) ঃ ডেপুটি সার্ভেয়ার, গ্রেড টি এন্ড এস গ্রুপ-সি ঃ মূল মাইনে ৩১,৮৫২.৫৬ টাকা। মোট শূন্যপদ ২০টি। এর মধ্যে এসটি'র জন্য ২০টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৪) ঃ অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেকট্রিক্যাল), গ্রেড টি এন্ড এস গ্রুপ-সি ঃ মূল মাইনে ৩১,৮৫২.৫৬ টাকা। মোট শূন্যপদ ১০৭টি। এর মধ্যে এসসি'র জন্য ২৩টি, এসটি'র জন্য ৭৭টি, ওবিসি'র জন্য ৭টি পদ সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা- মাধ্যমিক পাশ হতে হবে। নির্দিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকা আবশ্যক। বয়স- ১৮-৪০ বছর। সংরক্ষিত ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী ছাড় রয়েছে। তবে আবেদনের আগে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, বেতনক্রম ইত্যাদি বিস্তারিত জানার জন্য অবশ্যই এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। ইচ্ছুক উপযুক্ত এবং অভিজ্ঞতাসম্পন্ন কর্মপ্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার নির্দিষ্ট তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। আপনার পছন্দের কেন্দ্রের কথা অনলাইনে আবেদন করার সময় জানিয়ে দিতে হবে। তবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার তারিখ স্থির হয়নি। কার, কবে পরীক্ষা, সেটা কল লেটারে জানিয়ে দেওয়া হবে। এই কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েজ ভিত্তিক প্রশ্ন, মোট ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় পাবেন এক ঘন্টা অর্থাৎ ৬০ মিনিট। ৩টি পৃথক পৃথক বিষয়। ভুল উত্তরের জন্য কোনও নম্বর কাটা যাবে কিনা, সেটা প্রশ্নপত্রে উল্লেখ থাকবে। যাঁরা পরীক্ষার জন্য অতিরিক্ত সময় পেয়ে থাকেন, এখানেও তাঁরা পাবেন। আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে অথবা নির্দিষ্ট হোয়াটসঅ্যাপে জেনে নেবেন। ন্যূনতম কত নম্বর পেলে পরবর্তী পর্যায়ের জন্য ডাক পাবেন, সেটাও জেনে নিতে পারেন এঁদের ওয়েবসাইট থেকে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** * কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **মাইনিং ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ৬৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগে **আশা কর্মী** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ৩০-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ১৩ এপ্রিল, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রাজ্য সরকারের অধীনে নির্দিষ্ট দপ্তরে **ইনস্ট্রাক্টার, টেকনেশিয়ান, ড্রাইভার ট্রেইনার, একাউন্ট্যান্ট** পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ থেকে শুরু, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ১৩ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **অফিসার, টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক (আইটি) পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, ইন্টারভিউ/ লিখিত পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বিএসএনএল-এ **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* স্টিল অথরিটিতে **এম.ও, টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি, এমবিবিএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যের ব্যাঙ্কে **ক্লার্ক, ম্যানেজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, কম্পিউটার ভিত্তিকপরীক্ষা মে অথবা জুনে, কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* মেট্রো রেলে **ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, বিই, বিটেক পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ এপ্রিল, ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* পাওয়ার গ্রিডে **ট্রেনি ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, বিএসসি পাশ, গেইট স্কোরে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

# বাংলাদেশে বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি মহানায়িকা সুচিত্রা সেনের ৯২তম জন্মদিন উদযাপন



মনির হোসেন,ঢাকা,এপ্রিল ০৬।। বাংলাদেশে নানা আয়োজনের মধ্য দিয়ে পাবনায় বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি মহানায়িকা পাবনার মেয়ে প্রয়াত সুচিত্রা সেনের ৯২তম জন্মদিন উদযাপিত হয়েছে।

দিবসটি উপলক্ষে পাবনা জেলা প্রশাসন ও সুচিত্রা সেন স্মৃতি সংরক্ষণ পরিষদসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতি সংগঠন দিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করে। দিনটি উপলক্ষে বৃহস্পতিবার সকাল ১০টায় জেলা প্রশাসকের উদ্যোগে শোভাযাত্রা বের হয়ে সুচিত্রা সেনের পৈত্রিক বাড়িতে গিয়ে শেষ হয়। পরে সেখানে স্থাপিত সুচিত্রা সেনের ভাস্কর্যে ফুল দিয়ে শ্রদ্ধা ও ভালোবাসা জানান জেলা প্রশাসকসহ স্থানীয় সামাজিক ও সাংস্কৃতি সংগঠনের সদস্যরা। বেলা ১১টায় বসতবাড়ি চত্বরে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন- পাবনা জেলা প্রশাসক বিশ্বাস রাসেল হোসন, জেলা আওয়ামী লীগের সভাপতি রেজাউল রহিম লাল, সহ-সভাপতি বাবু চন্দন কুমার চক্রবর্তী, সুচিত্রা সেন স্মৃতি সংরক্ষণ পরিষদের সভাপতি ডা. রামদুলাল ভৌমিক সাধারণ সম্পাদক নরেশ মধু, পাবনা প্রেসক্লাব সভাপতি এবিএস ফজলুর রহমান প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, পাবনা প্রেসক্লাব, নাট্য সংগঠন ড্রামা সার্কেল ও প্রথম আলো বন্ধুসভাসহ স্থানীয় বিভিন্ন সামাজিক সংগঠন অংশগ্রহণ করেন। ঐতিহাসিক এই বাড়িটি দীর্ঘদিন ধরে জামায়াতের একটি প্রতিষ্ঠান দখল করে রেখেছিলেন। পাবনার সব সংগঠনের সামাজিক আন্দোলনের মধ্য দিয়ে ২০১৪ সালে মহানায়িকার দখলকৃত পৈত্রিক বসতবাড়িটি জামায়াতের হাত থেকে দখলমুক্ত করা হয়। এখন বাড়িটি একটি সংগ্রহশালা তৈরির পরিকল্পনায় এগিয়ে যাচ্ছে। মহানায়িকার এই জন্মদিনে সরকারের প্রতি সাংস্কৃতিকর্মীদের আহ্বান যেন তাড়াতাড়ি আধুনিক সংগ্রশালার কাজটি সম্পূর্ণ করা হয়। দেশ-বিদেশ থেকে আসা লাখো ভক্তরা বাড়িটি এক নজর দেখতে আসেন। তাই প্রাথমিকভাবে সংস্কার করে দর্শনার্থীদের জন্য দর্শনীর বিনিময়ে দেখার ব্যবস্থা করেছে জেলা প্রশাসক। পাবনা শহরের গোপালপুর মহল্লার হেমসাগর লেনে সুচিত্রা সেনের পৈত্রিক এই বাড়ির অবস্থান। এই বাড়িতেই তিনি বাবা-মা ও ভাইবোনের সঙ্গে শৈশব ও কৈশোর কাটিয়েছেন। অষ্টম শ্রেণি পর্যন্ত তিনি অধ্যায়ণ করেছেন পাবনার দুটি শিক্ষা প্রতিষ্ঠানে। ১৯৪৭ সালের ফেব্রুয়ারিতে বিয়ের পর তিনি স্বামীর সঙ্গে কলকাতায় চলে যান। সুচিত্রা সেনের বাবা করুণাময় দাশগুপ্ত তখন পাবনা পৌরসভার স্বাস্থ্য পরিদর্শক পদে চাকরি করতেন। ১৯৫১ সালে তিনি চাকরি থেকে অবসর নেন। ১৯৬০ সালে করুণাময় দাশগুপ্ত বাড়িটি জেলা প্রশাসনের কাছে ভাড়া দিয়ে পরিবার নিয়ে কলকাতায় চলে যান। ১৯৮৭ সাল থেকে ইজারার মাধ্যমে বাড়িটি দখলে নেন জামায়াত নেতারা। ২০০৯ সাল থেকে পাবনাবাসী বাড়িটি দখলমুক্ত করে সেখানে সুচিত্রা সেন সংগ্রহশালা করার দাবিতে আন্দোলন শুরু করেন। ২০১৪ সালে বাড়িটি দখলমুক্ত হয়। বর্তমানে বাড়িটি পাবনা জেলা প্রশাসনের নিয়ন্ত্রণে রয়েছে। তবে মহানায়িকার স্মৃতি বিজরিত পৈত্রিক এই বসতবাড়িতে তাদের রেখে যাওয়া কোনো কিছু পাওয়া যায়নি। শুধু সেই সময়ে নির্মিত ৫ কক্ষবিশিষ্ঠ একটি একতলা শৈল্পিক ভবন রয়েছে। পাবনা জেলা প্রশাসন ও সুচিত্রা সেন স্মৃতি সংরক্ষণ পরিষদ সেটিকে সংস্কার করে কিছু ছবি ও বই দিয়ে সাজিয়েছেন। আগত দর্শনার্থীদের জন্য সেখানে বড় পর্দায় সুচিত্রা সেন অভিনিত সিনেমা দেখার ব্যবস্থা করেছেন। তাই সংস্কৃতি মন্ত্রণালয়সহ সরকারের কাছে সাংস্কৃতিকর্মীদের দাবি মূল ভবন রেখে জায়গা অধিগ্রহণ করে সেখানে আধুনিক সংগ্রহশালাসহ চলচ্চিত্র প্রশিক্ষণাগার গড়ে তোলার দাবি জানান। মহানায়িকা সুচিত্রা সেন বাংলা ও হিন্দি মিলে ৬১টি সিনেমায় অভিনয় করেছেন। ১৯৩১ সালের ৬ এপ্রিল পাবনা শহরের গোপালপুর মহল্লার হেমসাগর লেনে পৈত্রিক বাড়িতে সুচিত্রা সেন জন্মগ্রহণ করেন। ২০১৪ সালের ১৭ জানুয়ারি ভারতের কলকাতায় একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই মহানায়িকা।

## স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবে কেন্দ্র

### প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): ধরিত্রীকে সুস্থ ও স্বাস্থ্যকর রাখতে যারা নিরলস কাজ করে চলেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার বিশ্ব স্বাস্থ্য দিবস প্রধানমন্ত্রী জানিয়েছেন, স্বাস্থ্য পরিকাঠামো বৃদ্ধি ও গুণমানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবে কেন্দ্র। বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে এদিন সকালে একটি টুইট করে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। মনসুখ লেখেন, 'বিশ্বস্বাস্থ্য দিবসে, আমরা একটি সুস্থ ভারত গড়ার প্রতি নিজেদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।'

সেই টুইটের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী টুইট করেন। মোদী লিখেছেন, 'বিশ্ব স্বাস্থ্য দিবসে, আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি যারা আমাদের ধরিত্রীকে স্বাস্থ্যকর করতে কাজ করে চলেছেন। আমাদের সরকার স্বাস্থ্য পরিকাঠামো বৃদ্ধি এবং জনগণের জন্য গুণমানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবে।'

## কাল থেকে দক্ষিণ ভারতের তিন রাজ্যে প্রধানমন্ত্রীর সফর



নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): এপ্রিলের ৮ ও ৯-এই দুই দিন ঠাসা কর্মসূচি নিয়ে দক্ষিণ ভারতের তিন রাজ্যে সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৮-৯ এপ্রিল তেলেঙ্গানা, তামিলনাড়ু ও কর্ণাটক সফর করবেন প্রধানমন্ত্রী। এই তিন রাজ্যে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী।

৮ এপ্রিল, শনিবার বেলা ১১.৪৫ মিনিট নাগাদ সেকেন্দ্রাবাদ রেল স্টেশনে পৌঁছবেন প্রধানমন্ত্রী। সেখানে সেকেন্দ্রাবাদ-বন্দে ভারত এক্সপ্রেসের সূচনা করবেন তিনি। এরপর দুপুর ১২.১৫ মিনিট নাগাদ হায়দরাবাদের প্যারেড গ্রাউন্ডে একটি জনসভায় বক্তব্য রাখবেন মোদী। হায়দরাবাদে এইমস বিবিনগরের শিলান্যাস করারও কথা রয়েছে প্রধানমন্ত্রী মোদীর। এছাড়াও সেকেন্দ্রাবাদ রেল স্টেশনের উন্নয়নমূলক কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন মোদী, শিলান্যাস করবেন পাঁচটি জাতীয় সড়ক প্রকল্পের।

এরপর বিকেল তিনটে নাগাদ চেন্নাই বিমানবন্দরে পৌঁছবেন মোদী। চেন্নাই বিমানবন্দরের নতুন সমন্বিত টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। পাশাপাশি বিকেল চারটে নাগাদ এমজিআর চেন্নাই সেন্ট্রাল রেলওয়ে স্টেশন থেকে চেন্নাই-কোয়েম্বাটুর বন্দে ভারত এক্সপ্রেসের সূচনা করবেন তিনি। এছাড়াও অন্যান্য রেল প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন মোদী। এরপর বিকেল পৌনে পাঁচটা নাগাদ চেন্নাইতে শ্রী রামকৃষ্ণ মঠের ১২৫ তম বার্ষিকী উদযাপনে অংশ নেবেন প্রধানমন্ত্রী। সন্ধ্যা ৬.৩০ মিনিটে চেন্নাইয়ের অ্যালস্ট্রম ক্রিকেট গ্রাউন্ডে একটি অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

৯ এপ্রিল, রবিবার সকাল ৭.১৫ মিনিটে বান্দিপুর টাইগার রিজার্ভ পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী। তিনি মুদুমালাই টাইগার রিজার্ভের থেপ্পাকাদু হাতি শিবিরও পরিদর্শন করবেন। বেলা এগারোটা নাগাদ মাইশুরুর কর্ণাটক স্টেট ওপেন ইউনিভার্সিটিতে আয়োজিত 'প্রজেক্ট টাইগারের ৫০ বছর স্মরণে' অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

## সাইবার জালিয়াতি, দিল্লি পুলিশের অভিযানে ধৃত ১

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : সাইবার অপরাধের জন্য কুখ্যাত 'জামতাড়া গ্যাং'-এর সঙ্গে জড়িত থাকার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল দিল্লি পুলিশ। ঝাড়খণ্ডের জামতাড়া থেকে শুক্রবার দিলওয়ার হুসেন নামে ওই যুবককে গ্রেফতার করা হয়েছে। দিল্লি পুলিশ সূত্রে এখবর জানা গিয়েছে।

দিল্লি পুলিশ জানিয়েছে, তদন্তে ১২ লক্ষ টাকারও বেশি সাইবার জালিয়াতির খোঁজ মিলেছে।দিলওয়ারের ৮টি ব্যাঙ্ক অ্যাকাউন্টের সন্ধান পাওয়ার পরে সেগুলিতে লেনদেন বন্ধ করে দেওয়া হয়েছে। জনপ্রিয় অ্যাপের জন্য 'কাস্টমার কেয়ার সাপোর্ট সার্ভিস' দেওয়ার অছিলায় অনেকের সঙ্গে প্রতারণা করার অভিযোগ রয়েছে দিলওয়ারের বিরুদ্ধে। এক ব্যক্তির ৩ লক্ষ ২০ হাজার টাকার সাইবার প্রতারণার ঘটনার তদন্তের সূত্রে দিলওয়ারের সন্ধান পেয়ে ঝাড়খণ্ডের জামতাড়া থেকে তাঁকে গ্রেফতার করা হয়। প্রসঙ্গত, ঝাড়খণ্ডের রাজধানী রাঁচী থেকে ২০০ কিলোমিটার দূরের জামতাড়াকে 'ভারতের সাইবার অপরাধের রাজধানী' বলে উল্লেখ করা হয়। অপরাধ প্রবণতা কমাতে সম্প্রতি পুলিশ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসনের উদ্যোগে জামতাড়ার ১১৮টি পঞ্চায়েতে বিশেষ প্রশিক্ষণ শিবির করা হয়েছে।

## ভারতে স্বাস্থ্য সেক্টরে পরিবর্তন হচ্ছে, নিজস্ব ভূমিকা পালন করছে দেশ : মনসুখ মান্ডভিয়া




নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এবং কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী ভারতী প্রবীণ পওয়ার বিজয় চক থেকে দিল্লির নির্মাণ ভবন পর্যন্ত ওয়াকথনে অংশ নিয়েছেন। বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া।

তিনি বলেছেন, ভারতে স্বাস্থ্য সেক্টরে পরিবর্তন হচ্ছে এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশনায় নিজস্ব ভূমিকা পালন করছে দেশ।

শুক্রবার সকালে ওয়াকথনে অংশ নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, 'বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে সমস্ত মানুষকে জানাই আন্তরিক শুভেচ্ছা। স্বাস্থ্য সেক্টরে পরিবর্তন হচ্ছে এবং প্রধানমন্ত্রীর নির্দেশনায় ভারত নিজস্ব ভূমিকা পালন করছে। এই দিনে, আমি সমস্ত ডাক্তার, ছাত্র এবং চিকিৎসকদের স্বাস্থ্য সেক্টরের উন্নয়নে নিজেদের ভূমিকা পালন করার জন্য আবেদন করতে চাই।'

কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী ভারতী প্রবীণ পওয়ার এদিন করোনা-পরিস্থিতি সম্পর্কে বলেছেন, 'কেন্দ্রীয় সরকার নিয়মিতভাবে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে কোভিড ১৯-এর নির্দেশিকা জারি করেছে। প্রধানমন্ত্রী মোদীও এই বিষয়ে সমস্ত রাজ্যের সঙ্গে পর্যালোচনা করেছেন।'

## সমুদ্রে বিধ্বস্ত জাপানের সামরিক হেলিকপ্টার

টোকিও, ৭ এপ্রিল (হি.স.) : জাপানের একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। বৃহস্পতিবার দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ওকিনাওয়া দ্বীপের মিয়াকোজিমার কাছে সমুদ্রে বিধ্বস্ত হয় বিমানটি। এতে নিখোঁজ হন অন্তত ১০ জন আরোহী। বিমানে থাকা যাত্রীদের জীবিত উদ্ধারে তল্লাশি অভিযান শুরু করেছে দেশটির নিরাপত্তা বাহিনী। এক সংবাদ সম্মেলনে জাপানের স্থল প্রতিরক্ষা বাহিনীর (জিএসডিএফ) প্রধান জেনারেল ইয়াসুনোরি মরিশিতা, জানান ব্ল্যাক হক নামে পরিচিত জাপানের সামরিক বাহিনীর একটি ইউএইচ-৬০ হেলিকপ্টারটি সৈন্যদের পরিবহন করছিল। মিয়াকোজিমায় জিএসডিএফের ঘাঁটি থেকে হেলিকপ্টারটি উড্ডয়নের কিছুক্ষণ পর এর সঙ্গে রাডারের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সেটি মিয়াকোজিমার চারপাশে টহল দিচ্ছিল।সেটি ওকিনাওয়া দ্বীপের কাছে সাগরে বিধ্বস্ত হয়েছে। এমনটিই মনে করছেন দেশটির সামরিক কর্মকর্তারা।

## রাজ্যপালের ভূমিকায় সন্তোষ দিলীপ

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভূমিকা নিয়ে বিতর্কের মাঝে তাঁর প্রশংসা করলেন বিজেপি-র সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।

আনন্দ বোসের ভূমিকায় প্রথম থেকেই প্রতিবাদী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার বিরূপ মন্তব্য করেছেন তৃণমূলের কুণাল ঘোষ ও সৌগত রায়। কিন্তু একেবারেই উলটো সুর দিলীপ ঘোষের। শুক্রবার প্রাতঃভ্রমণে বেড়িয়ে তিনি বললেন, "এখন এটা চল হয়ে গিয়েছে যে রাজ্যপালের বিরোধিতা করো। এ রাজ্যে এটা খুব হয়। দু'পক্ষ ভাগ হয়ে যায়।" দিলীপবাবুর কথায়, "আমি প্রথমেই বলেছি, রাজ্যপাল নিরপেক্ষভাবে সংবিধানের পক্ষে কাজ করবেন।

## কোভিড বৃদ্ধি পাচ্ছে, ভারতে ২২০.৬৬-কোটির গণ্ডি ছাড়াল টিকাকরণ




নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): কোভিড টিকাকরণ অভিযানের আওতায় নতুন মাইলফলক অতিক্রম করল ভারত। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০২ হাজার ৩৩৪ জন প্রাপক, ফলে ভারতে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ২২০.৬৬-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৬ এপ্রিল সারা দিনে ভারতে ১,৭৮,৫৩৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। পরীক্ষিত ১,৭৮,৫৩৩ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৬,০৫০ জন।

ভারতে করোনার দৈনিক সংক্রমণ দীর্ঘ থেকে আরও দীর্ঘতর হচ্ছে, রোজই লাফিয়ে লাফিয়ে বাড়ছে মৃত্যুর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৬,০৫০ জন, এই সময়ে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৩ জন রোগীর। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২৮,৩০৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৬ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৭,৪৫,১০৪-তে পৌঁছেছে। ১৩ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৯৪৩-এ পৌঁছে গিয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৮৫,৮৫৮ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৫ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০২,৩৩৪ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,২০,৭০০ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৬ এপ্রিল সারা দিনে ভারতে ১,৭৮,৫৩৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## ভোররাতে কলকাতায় ভয়াবহ দুর্ঘটনা, ডিভাইডারে ধাক্কা বাসের, আহত ৯

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : ফের ভয়াবহ দুর্ঘটনার সাক্ষী শহর কলকাতা। চিংড়িহাটায় ভোররাতে কলেজ পড়ুয়া ভরতি একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারল ডিভাইডারে। আহত অন্তত ৯ জন। এদের মধ্যে ৩ জন গুরুতর জখম হয়েছেন।

সূত্রের খবর, শুক্রবার ভোররাতে বেসরকারি ম্যানেজমেন্ট কলেজের বাসটি মেট্রোপলিটন থেকে চিংড়িঘাটার দিকে যাচ্ছিল। চিংড়িঘাটায় বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের ডিভাইডারে ধাক্কা মেরে বিপরীত দিকের লেনে চলে যায়। বিপরীত লেনের রাস্তার পাশে থাকা একটি দোকান গুঁড়িয়ে যায়। আরও কয়েকটি দোকানে ধাক্কা মারে বাসটি। দুমড়ে মুচড়ে যায় বাসটিও। ভলভো বাসটি সামনের অংশ একেবারে তুবড়ে গিয়েছে।

ঘটনার পরই ঘটনাস্থলে পৌছায় বিধাননগর দক্ষিণ থানার পুলিস। ঠিক কেন দুর্ঘটনা ঘটল? কেন নিয়ন্ত্রণ হারাল বাস? সেসব নিয়ে তদন্ত শুরু হয়েছে। পুলিশ সুত্রের খবর, বাসের চালক পলাতক। তাঁর সন্ধান চলছে। আহত পড়ুয়াদের বাস থেকে উদ্ধার করে স্থানীয়রা। তারা জানিয়েছেন, ভোররাতে তীব্র আওয়াজে তাদের ঘুম ভেঙে যায়। বাইরে বেরিয়ে দেখেন এই কাণ্ড।

সব মিলিয়ে জখম হন ৯ পড়ুয়া। এদের মধ্যে ৩ পড়ুয়াকে পাঠানো হয় এসএসকেএম-এর ট্রমা কেয়ারে। বাকিদের নিয়ে যাওয়া হয় এনআরএস হাসপাতালে। বিধাননগর দক্ষিণ থানার তরফে জানানো হয়েছে, অত্যন্ত দ্রুত গতিতে আসছিল বাসটি। সেটাও দুর্ঘটনার কারণ হতে পারে।

## অন্ধ্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজেপিতে

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): বড়সড় ভাঙন ধরল কংগ্রেসের। শুক্রবার কংগ্রেসের সঙ্গে সমস্ত ধরনের সম্পর্ক ছিন্ন করে বিজেপিতে যোগ দিয়েছেন অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী কিরণ কুমার রেড্ডি। এদিন দিল্লিতে বিজেপির সদর দফতরে কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা প্রহ্লাদ জোশীর উপস্থিতিতে বিজেপিতে যোগ দিয়েছেন প্রাক্তন কংগ্রেস নেতা কিরণ কুমার রেড্ডি।

বিজেপিতে যোগ দেওয়ার পর কিরণ কুমার রেড্ডি বলেছেন, 'আমি কখনই ভাবিনি, আমাকে কংগ্রেস ছাড়তে হবে... একটি কথা আছে-""আমার রাজা খুব বুদ্ধিমান, তিনি নিজে চিন্তা করেন না, কারও পরামর্শও শোনেন না।' কিরণ কুমার রেড্ডিকে বিজেপিতে স্বাগত জানিয়ে কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা প্রহ্লাদ জোশী বলেছেন, 'কিরণ কুমার রেড্ডির পরিবারের অনেক সদস্য কংগ্রেসে ছিলেন। কিছুক্ষণ আগে যখন আমি তাঁর সঙ্গে দেখা করি, তখন তিনি আমাকে বলেছিলেন তিনি প্রধানমন্ত্রী মোদীর দ্বারা প্রভাবিত। তিনি এবার বিজেপিতে যোগ দিয়েছেন। তিনি দুর্নীতির বিরুদ্ধে আমাদের লড়াইকে শক্তিশালী করবেন কারণ একজন বিধায়ক এবং মন্ত্রী হিসাবে তাঁর ভাবমূর্তি অত্যন্ত পরিষ্কার।'

## নিয়োগ দুর্নীতিতে এবার গুগলকে চিঠি দিল সিবিআই




কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : নিয়োগ দুর্নীতি তদন্তে এবার গুগলকে চিঠি পাঠাল সিবিআই। সিবিআই সূত্রে খবর, দু'টি ওয়েবসাইট সম্পর্কে জানতে গুগলকে চিঠি দেওয়া হয়েছে। তাছাড়া আরও ওয়েবসাইট সম্পর্কে জানতে চায় সিবিআই।

সূত্রের খবর, তদন্তে পর্ষদের একটি নকল ওয়েবসাইটের সন্ধান পেয়েছে সিবিআই। জানা গিয়েছে, যাঁরা চাকরির জন্য টাকা দিত তাঁদের নাম ওই 'ভুয়ো' ওয়েবসাইটে তুলে দেওয়া হত। তারপর সেটা দেখিয়েই চাকরিপ্রার্থীদের থেকে আরও টাকা নেওয়া হত। সেইসব বিষয়ে বিস্তারিত জানতে চিঠি দেওয়া হয়েছে। গুগলের সাহায্যেই ওই ওয়েবসাইটে গিয়ে গোটা জালিয়াতি করার বিষয়টি সরেজমিনে তদন্ত করে দেখতে চান গোয়েন্দারা।

সিবিআই দাবি করেছে, পর্ষদের নকল ওয়েবসাইট তৈরি করা হয়েছিল। আর তার মাধ্যমেই দুর্নীতি করা হয়েছিল। যাঁদের থেকে টাকা নেওয়া হয়েছিল তাঁদের নাম নকল ওয়েবসাইটে তুলে দেওয়া হয়েছিল। এমনই তথ্যপ্রমাণ হাতে পেয়েছে সিবিআই। সেই নাম দেখিয়ে আরও টাকা তোলা হয়। টাকা নেওয়া হয়ে গেলে ওই ওয়েবসাইট মুছে দেওয়া হতো। সিবিআই এই সংক্রান্ত তথ্য চেয়ে চিঠি দিয়েছে গুগল—কে। শিকড় এভাবেই গভীরে গিয়েছে বলে মনে করছেন তদন্তকারীরা।

অন্যদিকে, সিবিআই জানতে পেরেছে, এই মামলায় ধৃত কুন্তল ঘোষ পর্ষদের ভুয়ো ওয়েবসাইট তৈরির সঙ্গে জড়িত ছিলেন। টাকা নিয়ে চাকরি পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিতেন কুন্তল ঘোষ। পর্ষদের ওয়েবসাইটে নাম দেখিয়ে চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা তুলত কুন্তল ঘোষ। এমনকী যাঁরা ফেল করতেন ওয়েবসাইটের দেওয়া রেজাল্টে তাঁকে 'পাশ' দেখান হতো। আবার সেই রেজাল্টের প্রিন্টআউটও দেওয়া হত। দু'দিন পর ওয়েবসাইট থেকে সেই নাম মুছে ফেলা হতো। পর্ষদের আসল ওয়েবসাইটে উট ইন রয়েছে। আর ভুয়ো ওয়েবসাইটে ডট কম। এখান থেকেই রহস্যের উন্মোচন এবং চিঠি গুগলকে।




টেট পরীক্ষার্থী বিভিন্ন দাবী আপত্তি নিয়ে শুক্রবার সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। ছবি নিজস্ব।

# অশান্তির আবহ খতিয়ে দেখতে বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিনিধি দল

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : রামনবমীর দিন পশ্চিমবঙ্গে যে অশান্তির আবহ তৈরি হয়েছিল, তা খতিয়ে দেখতে আসছে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার একটি প্রতিনিধি দল।

হাওড়া ও রিষড়ায় যে গণ্ডগোল হয়েছিল ওইদিন, তাতে মানবাধিকার লঙ্ঘিত হয়েছে বলে অভিযোগ। বিজেপির পক্ষ থেকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককে এ ব্যাপারে দফায় দফায় অভিযোগ জানানো হয়। খোদ রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর দফতরকে অভিযোগপত্র পাঠান। সেই অভিযোগপত্রের ভিত্তিতে অমিত শাহের দফতর নবান্নের কাছে রিপোর্ট তলবও করে। কথা হয় রাজ্যপালের সঙ্গে।

সুকান্ত মজুমদার চিঠিতে লেখেন, একটি বিশেষ সম্প্রদায়ের মানুষ আক্রান্ত। কিন্তু পুলিশ কোনও পদক্ষেপ করছে না। ফলে এই সম্প্রদায়ের মানুষের জীবনধারণের ন্যূনতম অধিকার খর্ব করা হচ্ছে। রাজ্য বিজেপি সূত্রে জানা গিয়েছে, এরই পরিপ্রেক্ষিতে মানবাধিকার নিয়ে কাজ করা একটি স্বেচ্ছাসেবী সংগঠন এ রাজ্যে প্রতিনিধি দল পাঠাচ্ছে। এই প্রতিনিধি দলে যেমন, প্রাক্তন বিচারপতি থেকে প্রাক্তন পুলিশ কর্তা, আইনজীবী ও সাংবাদিকও রয়েছেন।

সূত্রের খবর, শনিবার এই প্রতিনিধি দল বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখতে প্রথমে রিষড়ায় যাবে। সেখানকার ক্ষতিগ্রস্ত পরিবারদের সঙ্গে কথা বলবে। পর দিন তাঁরা যাবেন কাজীডাঙায়। ১০ এপ্রিল হাওড়ার বিস্তীর্ণ অঞ্চল ঘুরে দেখবেন ওই প্রতিনিধিরা। সেখানকার মানুষের সঙ্গে কথা বলে রামনবমীর দিনের ঘটনার বিবরণ জানবেন তাঁরা। এরপর বিকেলে তাঁরা হাওড়া সদরের পুলিশ সুপারের সঙ্গে বৈঠকও করবেন বলে জানা গিয়েছে। পরিস্থিতি খতিয়ে দেখে রিপোর্ট তৈরি করবে ওই স্বেচ্ছাসেবী সংগঠন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# চৈত্রের হাট

● **প্রথম পাতার পর**

সূর্যমনি থেকে আসা সুভাষ বনিক কাপড়ের বিভিন্ন সামগ্রী সাজিয়ে বসেছেন শকুন্তলার রাস্তার পাশে। তিনি বললেন গত দু"বছর ধরে এখানে ব্যবসা করছি দোকান ভিটের জন্য একটি পয়সা লাগছেনা। পুরনিগম বিনা পয়সায় আমাদের ব্যবসা করার সুযোগ করে দিয়েছে। তার জন্য তিনি মেয়রকে ধন্যবাদ জানাতে ভুলেনি। ব্যবসা কেমন চলছে জিজ্ঞেস করতেই তার উত্তর চারদিনে ভালোই বিক্রি হয়েছে। তবে আগামী দিনে আরো ভালো বিক্রি হবে এই আশা করছি। তবে তিনি আশাবাদী মেঘা সুরের দাপাদাপি না হলে এ বছর ব্যবসা অন্য বছরে থেকে ভালই হবে। পাশেই প্লাস্টিকের জিনিস নিয়ে বসা সুভাষ নগরের বাসিন্দা লোকনাথ পোদ্দারও একই সুরে সুর মিলিয়ে বললেন আমাদের মুখ্যমন্ত্রী এবং মেয়র অত্যন্ত ভালো মানুষ। তারা কাজ করছেন রাজ্যের উন্নয়নে। তবে আমাদের বিষয়টিও তারা সহানুভূতি সঙ্গে দেখেছেন। তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। কারণ ক্ষুদ্র ব্যবসায়ী বছরের এই দিনটির জন্য অপেক্ষা করে থাকে কিছু অধিক মুনাফার অর্জনের। যদি ভিট লাইট ভাড়া এবং তোল্লা দিতে হতো তাহলে আমাদের মতন ব্যবসায়ীদের ঘরে তুলার মত কিছুই থাকতো না। এডিনগরের চার পাড়া থেকে এসেছেন মনিকা রায়। প্রতিবছরে চৈত্র হাটে ব্যবসার জন্য আসেন, এবারও এসেছেন। বললেন একজোড়া পাপোশের দাম দেড়শ টাকা। টাওয়াল জোড়া দেড়শ টাকা। এমন অনেক কিছু জিনিস রয়েছে যা প্রতিদিনের খুচরো বাজারের চেয়ে অনেক কম। হাতে বিশাল ব্যাগ তাতে রয়েছে হাতপাখা ফিনাইলের বোতল গামছা সালোয়ার ইত্যাদি বিভিন্ন সামগ্রীতে ভরা। কেনাকাটা সেরে একটু ঠান্ডা পানিও খাচ্ছিলেন, রামনগর ৪ নম্বর রোড বাসিন্দা রমাদি। বললেন প্রতিবছর সময় করে ৬-৭ দিন এই হাটে আসি। তবে হাটে আসার জন্য আগে থেকেই টাকা পয়সার সঞ্চয় করে রাখি। যাতে চৈত্রের হাটে চুটিয়ে কেনাকাটা করতে পারি। তার সঙ্গে ছিল ১৪ বছরের মেয়ে অনিন্দিতা। সেও মায়ের সঙ্গে সুর মিলিয়ে চৈত্র হাটের কেনাকাটার বিষয়টি বিস্তারে বর্ণনা করল। বলল, পুজো এলে নিয়মমাফিক কেনাকাটা করি। কিন্তু চৈত্রের হাটে কোন বাধা ধরা নিয়ম থাকে না।

তাই সকাল সকাল বাড়ি থেকে বেরিয়ে পড়ি। কখন বাড়ি যাব তার কোন নির্দিষ্ট সময় থাকে না। বলতে গেলে চৈত্রের হাট এখন রাজ্যে উৎসবের আকার নিয়েছে। গভীর রাত পর্যন্ত চলে কেনাকাটা। এর সঙ্গে রয়েছে নানা রকম খাওয়া দাওয়া। সবমিলিয়ে চৈত্রের হাট মিলন মেলায় পরিণত হয়েছে।

# মুখ্যমন্ত্রী

● **প্রথম পাতার পর**

বশ্বব্যাপী আন্দোলিত করার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্কল্পকে সার্থক রূপ দেবে।সাথে তিনি যোগ করেন, ডিব্রুগড়ে আয়ুষ মন্ত্রক ১০০ শয্যা বিশিষ্ট যোগ এবং ন্যাচারোপ্যাথি হাসপাতাল স্থাপন করবে। এই ঘোষণা দিয়ে তিনি বলেন, আজকের এই মহতী অনুষ্ঠানে মন্ত্রকের তরফে স্বাস্থ্য পরিষেবাকে আরও ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে অসমের মুখ্যমন্ত্রীর সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই। তাঁর সহযোগিতা ছাড়া উত্তর-পূর্বাঞ্চলে এধরনের স্বাস্থ্য পরিষেবা চালু করা সম্ভব নয়। তাঁর দাবি, এই স্বাস্থ্য কেন্দ্র অসমের মানুষের চিকিতায় প্রয়োজনীয়তা পূরণ করবে। তিনি বলেন, মোরার্জি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অফ যোগা এবং ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় যোগ অনুশীলনকারীদের ইকোসিস্টেম বিকাশে মৌ স্বাক্ষর করেছে যা যোগাকে প্রত্যেকের স্বাস্থ্যকর জীবনযাত্রার অংশ হিসাবে গড়ে তোলার আমাদের প্রতিশ্রুতি আরও জোরদার করবে।এদিন ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা:) মানিক সাহা বলেন, এক পরিবার যোগার মাধ্যমেই সম্ভব হবে। যোগ ব্যায়াম নতুন, আমাদের দেশে বহু পুরনো। কিন্তু, আমরা সেই অভ্যাস ভুলে গেছিলাম। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের পাশাপাশি সারা বিশ্বের কাছে যোগকে জনপ্রিয় করে তুলেছেন। তাঁর কথায়, যোগ আত্মা, মন এবং আধ্যাত্মিক চেতনাকে জাগিয়ে তুলে। চিন্তা থেকে মুক্তি, সুচিন্তক হিসেবে আমাদের গড়ে তুলে। তাতে, দেশ, পরিবার এবং সমাজের জন্য কাজ করা সম্ভব হয়। তাঁকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সানোয়ালকে তিনি বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন।আজকের যোগ মহোতবে ভারতীয় ছাত্রছাত্রীদের পাশাপাশি তানানিয়া, উগান্ডা, কেনিয়া, টোগো, নেপাল, নাইজেরিয়া, লেসোথো, বতবনা, ইজিপ্ট, নামিবিয়া এবং কোরিয়া থেকে আগত ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেছেন।

# নিধন

● **প্রথম পাতার পর**

পুকুরে দুর্বৃত্তরা বিষ ঢেলে দিয়েছে। এতে পুকুরের প্রচুর মাছের মৃত্যু হয়েছে। তার অভিযোগ, ওই ঘটনার পিছনে কংগ্রেস দলের দুর্বৃত্তদের যোগসাজস রয়েছে। কারণ, তিনি একজন বিজেপি কর্মী। নির্বাচনের আগে তাঁকে কংগ্রেস দলে যোগ দেওয়ার জন্য চাপ দেওয়া হয়েছিল। কিন্তু তিনি কংগ্রেসে যোগদান করেননি। তাই শত্রুতার জেরে পুকুরে বিষ দেওয়া হয়েছে বলে দাবি করেছেন তিনি।তিনি আরও জানিয়েছেন, পুকুরে বিষ ঢালার ফলে ক্ষতির পরিমাণ প্রায় দেড় থেকে দুই লক্ষ টাকা। খবর পেয়ে আজ সকালে ছুটে গেছেন মৎস দফতরের কর্মী সহ স্থানীয় গ্রাম প্রধান ও মেম্বার।

# উদ্ধার

● **প্রথম পাতার পর**

হলো তা জানা যায় নি। তবে প্রানঘাতী হামলা বলে অনুমান করা হচ্ছে। ঘটনার খবর পেয়ে হাসপাতালে ছুটে আসে পুলিশ। এরপর ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে।

# পরীক্ষার্থীরা

● **প্রথম পাতার পর**

স্টার মার্ক দেওয়া হয়েছে। তাদের কেন বঞ্চিত রাখা হচ্ছে এই প্রশ্ন তোলেন তারা। বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে আবেদন জানান টেট পরীক্ষার্থীরা।

# কেন্দ্রের

● **প্রথম পাতার পর**

জেলায় আবার সংক্রমিতদের মধ্যে ছ'জন হাসপাতালে ভরতি। এছাড়াও সংক্রমণের নিরিখে চিন্তায় রাখছে দুই ২৪ পরগনা এবং হুগলি।

# নিউটাউন সিটি সেন্টার-টু এর পিছনে ঝুপড়িতে আগুন

নিউটাউন, ৭ এপ্রিল (হি. স.) : নিউটাউন সিটি সেন্টার টু এর পিছনে ঝুপড়ির দোকানে বিধ্বংসী আগুনে ভস্মীভূত হয় একাধিক দোকান। ঘটনাস্থলে ইকোপার্ক থানার পুলিশ এবং দমকলের দুটি ইঞ্জিন ও একটি এনকেডিএর জলের ট্যাঙ্কার পৌঁছয়। পুলিশের অনুমান গ্যাস সিলিন্ডার ব্লাস্ট করে এই আগুনটি লাগে। ঘটনাটি ঘটেছে শুক্রবার।বিধাননগর পৌরনিগমের ১২ নম্বর ওয়ার্ড স্থিত নিউটাউন সিটি সেন্টার এর পিছনে ঝুপড়িতে দোকানে আগুন লাগে। আগুনে ভর্তিভূত হয় ৮টি দোকান। শুক্রবার সকাল ১১.৩০টা নাগাদ আগুন লাগে। স্থানীয়রা তড়িঘড়ি পাশের আবাসন থেকে পাইপ লাইনের মাধ্যমে প্রাথমিকভাবে আগুন নেভানোর চেষ্টা করে। পরে ঘটনাস্থলে দমকল এসে পৌঁছয়। ততক্ষণে পুড়ে ছাই হয়ে যায় আটটি দোকান। ইকোপার্ক থানার পুলিশ আগুন লাগার কারণ খতিয়ে দেখছে পুলিশ। যদিও প্রাথমিক অনুমান গ্যাস সিলিন্ডার ব্লাস্ট করে এই আগুন লাগে। কোন হতাহতের খবর নেই।

# অজ্ঞাত পরিচয় ব্যক্তির গলা কাটা দেহ উদ্ধার

হেমতাবাদ, ৭ এপ্রিল (হি. স.) : উত্তর দিনাজপুরের হেমতাবাদ থানার টিটিহি কালাতলা এলাকায় অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির গলা কাটা দেহ উদ্ধার হল। শুক্রবার সকালে দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।এদিন সকালে কালাতলা এলাকায় ভুট্টা খেতের ভিতরে ওই গলাকাটা মৃতদেহ উদ্ধার হয়। এই খবর চাউর হতেই তীব্র চাঞ্চল্য ছড়ায় এলাকায়। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছোয় হেমতাবাদ থানার আইসি অভিজিৎ দত্তের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে। ইতিমধ্যে ঘটনাস্থল ঘিরে ফেলা হয়েছে। নিয়ে আসা হয়েছে পুলিশ কুকুর। পুলিশের প্রাথমিক তদন্তে অনুমান অজ্ঞাত পরিচয় ওই ব্যক্তির বাড়ি মালদার কালিয়াচকে। বাড়ি বাড়ি ফেরি করে বেড়াতো বলে পুলিশের দাবি। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# আক্রান্ত বিজেপি কর্মী সুস্থ হয়ে ফিরলেন বাড়িতে

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৭ এপ্রিল।।** জীবন যুদ্ধে জয়ী হয়ে ফিরে আসা পঙ্কজ দেবনাথকে দেখতে শুক্রবার দুপুর দেড়টায় জাঙ্গালিয়া স্থিত পংকজ দেবনাথের বাড়িতে যান বিশালগড়ের বিধায়ক সুশান্ত দেব।গত দুই মার্চ রাজ্যের নির্বাচনী ফলাফল ঘোষণার পর বিশালগড় বিধানসভায় যখন কর্মীদের আনন্দ উল্লাস চলছিল ঠিক তখনই এক বর্বরোচিত নারকীয় তান্ডব চালিয়েছিল বিরোধী দলের তিপ্রা মথা কর্মীরা। সেই নারকীয় তান্ডবে আহত হয়েছিল বেশ কয়েকজন সাধারণ নাগরিক থেকে শুরু করে বিজেপি দলের কর্মী।এর মধ্যে জাঙ্গালিয়ার পঙ্কজ দেবনাথকে রড টাক্কল দিয়ে মারাত্মক ভাবে ঘায়েল করা হয়। গুলতির গুলি ঢুকে যায় চোখে। অর্ধমৃত অবস্থায় নেওয়া হয় হাসপাতালে, সেখান থেকে আই এল এসে, তারপর কলকাতায়।পঙ্কজ দেবনাথের অবস্থা খুবই আশঙ্কাজনক ছিল,যা দেখে বিজেপির জয়ের আনন্দটাই ম্লান হয়ে গিয়েছিল। প্রায় একমাস পর খানিকটা সুস্থ হয়ে বাড়ি ফিরলেন বিশালগড়ের পঙ্কজ দেবনাথ। প্রায় একমাস চিকিৎসাধীন ছিলেন কলকাতায়। কিন্তু তার একটি চোখ চিরদিনের মতো হারাতে হয়েছে। শুক্রবার পংকজের বাড়িতে গিয়ে তার শারীরিক অবস্থার খোঁজ নেন বিধায়ক সুশান্ত দেব। শুরু থেকেই পংকজের পাশে ছিলেন বিধায়ক সুশান্ত দেব। কলকাতায় পাঠানো থেকে শুরু করে চিকিৎসার বিষয়ে সহযোগিতা করেছেন বিধায়ক সুশান্ত দেব। কলকাতায় চিকিৎসা চলাকালীন ভিডিও কল করে অসুস্থ পংকজের মানসিক শক্তি বাড়িয়ে ছিলেন বিধায়ক। শুক্রবার পংকজের বাড়িতে গিয়ে সবধরনের সহযোগিতার আশ্বাস দেন বিধায়ক সুশান্ত দেব।পঙ্কজ দেবনাথ সুস্থ হয়ে বাড়ি ফিরায় বিধায়ক থেকে শুরু করে এলাকার লোকজন ও দলের কর্মীদের মধ্যে খুশির আমেজ দেখা গেছে।

# বিজেপির যুব মোর্চার উদ্যোগে বাইখোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের মধ্যে মিষ্টি ও ফল বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৭ এপ্রিল।।** বিজেপির প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্রকরে ৩৮ জোলাইবাড়ী মন্ডল বিজেপির উদ্দ্যোগে একগুচ্ছ কর্মসূচী হাতে নেওয়াহয়েছে। এই কর্মসূচীর মধ্যে শুক্রবার বাইখোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসারত রুগি ও রুগির আত্মীয় পরিজন এবং স্বাস্থ্যকেন্দ্রে কর্মরত স্বাস্থ্য কর্মীদের মধ্যে বিজেপির যুব মোর্চার উদ্দ্যোগে মিষ্টি ও ফল বিতরন করাহয়। তার পাশাপাশি অনুষ্ঠীত করাহয় স্বচ্ছভারত অভিযান। এই কর্মসূচীশেষে বাইখোড়ায় প্রয়াত বিজেপির কর্মীর বাসভবনে গিয়ে পরিবারের লোকজনদের সমবেদনা জানান মন্ডল সভাপতি ও যুব মোর্চার মন্ডল সভাপতি।

বিজেপির যুব মোর্চার উদ্দ্যোগে আয়োজিত আজকের এই কর্মসূচীতে উপস্থিত ছিলেন জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, জোলাইবাড়ী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং,যুব মোর্চার মন্ডল সভাপতি কেশব চেঁধুরী সহ বিজেপির অন্যান্য নেতৃত্ববৃন্দরা। জোলাইবাড়ী বিজেপির যুব মোর্চার এইধরনের উদ্দ্যোগকে সকলে সাধুবাদ জানিয়েছেন। জোলাইবাড়ী বিজেপির যুব মোর্চার উদ্দ্যোগে আয়োজিত আজকের এই কর্মসূচীতে বিজেপির ক ম ী স ম র্থ ক ে দ ব. উপস্থিতিরহারছিলো লক্ষনীয়।

# বিজেপির সেবা পাক্ষিক কর্মসূচির অঙ্গ হিসেবে বিশালগড়ে যুব মোর্চার রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৭ এপ্রিল।।** ভারতীয় জনতা পার্টির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল থেকে শুরু হওয়া সামাজিক ন্যায় পাক্ষিক সপ্তাহ কার্যক্রমের অঙ্গ হিসাবে শুক্রবার সকাল সাড়ে দশটায় বিশালগড় মহকুমা হাসপাতালে এক রক্তদান শিবিরের আয়োজন করে বিশালগড় মন্ডল যুব মোর্চার কর্মীরা। শুক্রবার বিশালগড় মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত ছিলেন যুব মোর্চার মন্ডল সভাপতি অনুরাগ চক্রবর্তী, প্রদেশ বিজেপির যুব মোর্চার সদস্য রাজেশ সাহা, বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ জে এম দাস প্রমুখ। যুব মোর্চার কার্যকর্তারা স্বেচ্ছায় রক্তদান করেন। বিধায়ক সুশান্ত দেব বলেন কার্যকর্তারা বছরের ৩৬৫ দিন মানুষের সেবায় নিয়োজিত থাকে। সেবাহি সংগঠন আমাদের নীতি। দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আরো বেশি মানুষের কাছে পৌঁছে যাওয়ার সংকল্প নিয়েছে কার্যকর্তারা। তিনি বলেন বিজেপির ৪৪ বছরের পথচলা কন্টকাকীর্ণ ছিল না। বহু ত্যাগ তিতিক্ষা আত্মবলিদানের বিনিময়ে বিজেপি আজ পৃথিবীর সর্ববৃহৎ পার্টি। সরকার এবং দল মিলে মানুষের সেবায় সর্বদা নিয়োজিত আছে এবং আগামীদিনেও থাকবে। এছাড়া বিধায়ক সুশান্ত দেব বলেন বিশালগড় মহকুমা হাসপাতালের ব্লাড ব্যাংকের রক্ত সংকট দূর করতে প্রতিমাসের শেষ মঙ্গলবারে ভারতীয় জনতা পার্টির কার্যকর্তারা রক্তদান কর্মসূচি করবে।

# কুড়মি অবরোধে ভোগান্তি আপ-ডাউন মিলিয়ে বহু ট্রেন বাতিল

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : পশ্চিম মেদিনীপুরের খড়্গপুর গ্রামীণের খেমাশুলিতে কুড়মি অবরোধ রেল অবরোধ অব্যাহত। যার জেরে চরম ভোগান্তিতে পড়ছেন দূরের রেলযাত্রীরা। নিজেদের অবস্থানে অনড় কুড়মিরা ইতিমধ্যেই জানিয়ে দিয়েছেন, দাবি না মানা হলে তাঁরা আন্দোলনের ঝাঁজ বাড়াবেন। যার জেরে পরিস্থিতি আরও ঘোরালো হতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে।

'রেল টেকা, ডহর ছেঁকা' কর্মসূচিতে বুধবার থেকে খেমাশুলিতে শুরু হয়েছে জাতীয় সড়ক ও রেল অবরোধ। মঙ্গলবার থেকে খেমাশুলিতে 'ঘাঘর ঘেরা' কর্মসূচিতে জাতীয় সড়ক অবরোধ করছে কুড়মি সমাজ (পশ্চিমবঙ্গ)। কর্মসূচির গোড়া থেকেই খেমাশুলিতে রয়েছেন কুড়মি সমাজ পশ্চিমবঙ্গের রাজ্যনেতা রাজেশ মাহাতো।

পৃথক ভাবে আন্দোলন শুরু হলেও দাবি একই তফসিলি উপজাতি ও সারনা ধর্মের স্বীকৃতি। এই দাবিতেই গত সেপ্টেম্বরে টানা ৬ দিন এই খেমাশুলিতেই চলেছিল জাতীয় সড়ক ও রেল অবরোধ। এ বারের অবরোধে সরাসরি মহারাষ্ট্র - পশ্চিমবঙ্গের যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ায় বিপাকে পড়েছেন সাধারণ মানুষ। জট কাটাতে বুধবার খেমাশুলির অদূরে কলাইকুন্ডায় কুড়মি নেতৃত্বের সঙ্গে আলোচনায় বসেন জেলাশাসক ও পুলিশ সুপার। তবে রফাসূত্র বেরোয়নি।

রেল সূত্রে খবর, কুড়মিদের আন্দোলনের জেরে শুক্রবার খড়গপুর ডিভিশনে আপ-ডাউনের ৬৯টি ট্রেন বাতিল করা হয়েছে। এক্সপ্রেস ট্রেন বাতিল হয়েছে আপে ২৫টি এবং ডাউনে ১৭টি। সেই তালিকায় ভাস্কো ডা গামা-জসিডি এক্সপ্রেস, সেকেন্দ্রাবাদ-পটনা এক্সপ্রেস, এলটিটি-রাঁচী এক্সপ্রেস, আলাপ্পুঝা-ধানবাদ এক্সপ্রেস। বাতিল থাকছে দুরন্ত এক্সপ্রেসও। এ ছাড়াও আপ ও ডাউনে ৯টি করে প্যাসেঞ্জার ট্রেন বাতিল করা হয়েছে। ঘুরিয়ে দেওয়া হয়েছে ডাউন লাইনের ৭টি ট্রেন। যার জেরে দূরদূরান্তের যাত্রীরা খড়্গপুরে পৌঁছে বিপাকে পড়েন। শনিবারও ১৫টি ট্রেন বাতিলের কথা জানিয়েছে রেল।

## বেআইনি নির্মাণ নিয়ে হাইকোর্টে তীব্র ভর্ৎসনার মুখে বিধাননগর পুরসভা

কলকাতা, ৭ এপ্রিল (হি. স.) : বেআইনি নির্মাণ নিয়ে কলকাতা হাইকোর্টে তীব্র ভর্ৎসনার মুখে পড়ল বিধাননগর পুরসভা। আদালতের পর্যবেক্ষণ, বেআইনি নির্মাণ কোন ভাবেই মেনে নেওয়া যায় না।বেআইনি নির্মাণ হয়ে চলেছে, আর বিধাননগর পুরসভা চোখ বন্ধ করে আছে! বিধাননগর পুরসভার ভূমিকায় শুক্রবার এভাবেই অসন্তোষ প্রকাশ করেছে হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। পাশাপাশি ৩০ দিনের মধ্যে পুরসভাকে বেআইনি নির্মাণের বিষয়ে পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ। পাশাপাশি, পুরসভাকে ইন্সপেক্টদের নিয়ে একটি টিম গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। যারা সুনিশ্চিত করবে বিধাননগর পুরসভায় আর কোন বেআইনি নির্মাণ যাতে না হয়। ১৫ মে মামলার পরবর্তী শুনানি রয়েছে। বেআইনি নির্মাণ নিয়ে হাইকোর্টের যে পর্যবেক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

আদালতের শুনানির মাঝে উঠে আসে, বিধাননগরে ৩৯ টি প্লটে ৩৩৩ টি নির্মাণ আছে। যার মধ্যে ২০ টি একতলা বাড়ি। যে নির্মাণ ও যাবতীয় সমস্ত নির্মাণ প্রসঙ্গে খতিয়ে দেখতে ইনপেক্টরদের নিয়ে একটি দল তৈরির নির্দেশ দিয়েছে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ। যাতে বিধাননগর পুরসভা এলাকায় কোনও অবৈধ নির্মাণ আর না হয়, সেটা নিশ্চিত করার বার্তাও দিয়েছে আদালত।

পাশাপাশি যে অবৈধ নির্মাণগুলি ইতিমধ্যে হয়ে গিয়েছে, সেগুলো নিয়ে কী করা হবে, তা ঠিক করার জন্য বিধাননগর পুরসভাকে একমাস সময় দিয়েছে কলকাতা হাইকোর্ট। যার মধ্যে তারা কী পদক্ষেপ করছে, সেটা বিস্তারিতভাবে জানাতে বলা হয়েছে। পদক্ষেপ করার বার্তা দেওয়ার পাশাপাশি বিধাননগর পুরসভাকে ভর্ৎসনা করে আদালতের মন্তব্য, বেআইনি নির্মাণ কোন ভাবেই মেনে নেওয়া যায় না। বেআইনি নির্মাণ হয়ে চলেছে, আর বিধাননগর পুরসভা চোখ বন্ধ করে আছে !শিয়ালদহ ডিভিশনে একটানা ১০ ঘণ্টা ট্রেন বাতিলের কথা জানাল পূর্ব রেল। শনিবার (৮ এপ্রিল) রাত ১০টা ২০ মিনিট থেকে থেকে রবিবার (৯ এপ্রিল) সকাল ৮টা ২০ মিনিট পর্যন্ত শিয়ালদহ ডিভিশনে বাতিল থাকবে একাধিক লোকাল ট্রেন এবং দূরপাল্লার এক্সপ্রেস ট্রেনও।

ওই ১০ ঘণ্টায় কিছু দূরপাল্লার ট্রেনের সময়সূচিও বদলানো হয়েছে। কিছু ট্রেনকে বিকল্প পথ দিয়ে নিয়ে যাওয়ারও পরিকল্পনা করা হয়েছে। রেল সূত্রে জানা গিয়েছে, রেললাইন রক্ষণাবেক্ষণের কাজ চলার জন্যই ট্রেন বাতিল করা হচ্ছে।

শনিবার শিয়ালদহ ডিভিশনে বাতিল থাকছে এক জোড়া শিয়ালদহ-নৈহাটি লোকাল, এক জোড়া শিয়ালদহ-বনগাঁ লোকাল এবং এক জোড়া শিয়ালদহ-কৃষ্ণনগর লোকাল। রবিবার বাতিল থাকছে ৩ জোড়া শিয়ালদহ-রানাঘাট লোকাল। বাতিল থাকছে ২ জোড়া শিয়ালদহ-বনগাঁ লোকাল, শিয়ালদহ-হাবড়া লোকাল, শিয়ালদহ-ডানকুনি লোকাল, শিয়ালদহ-কল্যাণী সীমান্ত লোকাল এবং শিয়ালদহ-ব্যারাক পুর লোকাল।

তা ছাড়াও ওই দিন বাতিল থাকছে এক জোড়া শিয়ালদহ-দত্তপুকুর লোকাল, শিয়ালদহ-হাসনাবাদ লোকাল, শিয়ালদহ-নৈহাটি লোকাল, শিয়ালদহ-শান্তিপুর লোকাল এবং শিয়ালদহ-গেদে লোকাল। বাতিল থাকছে একটি ডাউন কৃষ্ণনগর-শিয়ালদহ লোকালও।

কুড়মি সম্প্রদায়ের আন্দোলনের জেরে খড়্গপুর ডিভিশনে গত কয়েক দিন ধরেই বাতিল করা হচ্ছে আপ এবং ডাউনের একাধিক ট্রেন। তার উপর শিয়ালদহ ডিভিশনে ট্রেন বাতিলের কারণে যাত্রীদের দুর্ভোগ আরও বাড়ল বলেই মনে করা হচ্ছে।

# াঙ্গন

## সমীরণ স্মৃতি টি-২০ লীগে শতদলকে হারিয়ে প্রথম জয়ের স্বাদ পোলস্টারের

### শতদল:- ৮২/১০(১৯) পোলস্টার:- ৮৩/২(১৭.২)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। প্রথম জয়ের স্বাদ পেয়েছে পোলস্টার। তাও শতদল সংঘকে ৮ উইকেটের বড় ব্যবধানে হারিয়ে। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি ঘরোয়া ক্রিকেট টুর্নামেন্টে পোলস্টার তৃতীয় ম্যাচের মাথায় প্রথম জয়ের স্বাদ পেয়েছে। পরপর দুই ম্যাচে যথাক্রমে ইউনাইটেড ফ্রেন্ডস ও জিসিসি-র কাছে হেরে পোলস্টার কিছুটা পিছিয়ে পড়লেও আজ, শুক্রবার শতদল সংঘের বিরুদ্ধে দুর্দান্ত জয়, তাদের একদিকে যেমন মনোবল বৃদ্ধি করেছে। অপরদিকে পরবর্তী ম্যাচগুলিতে ভালো খেলার উৎসাহ জুগিয়েছে। খেলা ছিল এমবিবি স্টেডিয়ামে, বেলা সোয়া একটায় ম্যাচ শুরুতে টস জিতে শতদল সংঘ প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। কিন্তু পোলস্টারের তিন বোলার অমরেশ, দ্বৈপায়ন ও কাজলদের ত্রিমুখী ঘূর্ণিতে শতদল তাদের দলীয় স্কোর শতকেও পৌঁছাতে পারেনি। সীমিত ২০ ওভারও খেলা সম্ভব হয়নি। ১৯ ওভার খেলে ৮২ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে ধর্মেশ চান্দেল সর্বাধিক ২৪ রান পায়। তাও ৩৩ বল খেলে একটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে। পোলস্টারের অমরেশ দাস ১১ রানে তিনটি উইকেট তুলে নিয়ে শতদলকে অল্পেতে রুখে দেওয়ার পাশাপাশি প্লেয়ার অব দ্য ম্যাচের খেতাবও জিতে নেয়।

এছাড়া, দ্বৈপায়ন ভট্টাচার্য ১৭ রানে এবং কাজল সূত্রধর ১৯ রানে দুটি করে উইকেট পেয়েছে। সন্দীপ সরকার ও শিবম পান্ডে পেয়েছে একটি করে উইকেট। জবাবে পোলস্টার ব্যাট করতে নেমে ১৭.২ ওভার খেলে ২ উইকেট হারিয়েই জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

ওপেনার অমরেশ দাস ১১ রানে এবং ভারত রাওয়াৎ ২১ রানে প্যাভেলিয়নে ফিরলেও শিবম পান্ডে ৩৭ রানে অপরাজিত থেকে সঙ্গে অধিনায়ক অরিন্দম বর্মনকে (১০) নিয়ে দলকে জয় এনে দেয়। শতদলের বাচ্চু মিয়া ও স্বপ্নীল চৌধুরী একটি করে উইকেট পেয়েছিল।

## সংহতিকে বিধ্বস্ত করে জয়ে ফিরলো ব্লাডমাউথ

### সংহতি-৯৭/১০(১৮.৩) ব্লাডমাউথ-৯৯/২(১০.৫)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। সংহতির বাধা অনায়াসেই টপকালো ব্লাডমাউথ ক্লাব। শুক্রবার ব্লাডমাউথ জয়লাভ করে ৮ উইকেটে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে সংহতির গড়া মাত্র ৯৭ রানের জবাবে ব্লাডমাউথ ৫৫ বল বাকি থাকতে ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। ‘বুড়ো ঘোড়া’ আখ্যা পাওয়া বাপ্পা দাস এদিনও ব্যাট হাতে দুরন্ত ছিলেন। করেন ৪৭ রান। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটে। ব্যাটিং দুর্বলতা আবারও নজরে পড়লো। আর সেই ব্যাটিং দুর্বলতার জন্যই একের পর এক ট্রফি হাতছাড়া হচ্ছে সংহতি ক্লাবের। সুপার ডিভিশন, নকআউট ট্রপি হাতছাড়ার পর টি-২০ ট্রফিও কার্যত হাতছাড়া হলো সংহতি ক্লাবের। এম বি বি স্টেডিয়ামে শুক্রবার সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে ব্লাডমাউথের বোলারদের সাড়াশি আক্রমণে তাসের ঘরের মতো ভেঙ্গে যায় সংহতির ইনিংস। দল ১৮.৩ ওভার ব্যাট করে মাত্র ৯৭ রান করতে সক্ষম হয়। সম্রাট সূত্রধর ছাড়া দলীয় ব্যাটসম্যানদের ব্যর্থতায় নাজেহাল সংহতি। দলের পক্ষে সম্রাট ৩১ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪০, প্রতিক সারগাদে ১৩ বল খেলে ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৬ এবং শারুখ হুসেন ১১ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩ রান করেন। ব্লাডমাউথের পক্ষে অরবিন্দ ভর্মা (৩/১২), স্বরব সাহানি (২/১৫) এবং স্বপন দাস (২/১৮) সফল বোলার। জবাবে খেলতে নেমে ১০.৫ ওভারে ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় ব্লাডমাউথ। দলের পক্ষে ওপেনার বাপ্পা দাস ৩৮ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৭ এবং প্রশান্ত ভান্ডারি ১৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ২টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২ (অপ:) রান করেন।

Press inviting Tender Notice No. 01/EE/WRD-I1/2023-2024
Dated, Agartala, the 5th April 2023.

Separate sealed tenders are invited on behalf of the “GOVERNOR OF TRIPURA” from enlisted Contractors/Vehicle Owner/Firms of Tripura PWD/TTAADC in appropriate class in PWD FORM No 8, (Eight) for the following works upto 3,00 P.M on 20-04-2023.

1, DNITNo: 01/EE/WRD-11/2023-24, Estimated. Cost. Rs.4, 10,000/-. EMD. Rs. 8,200/-. Time:- 1(one) Year.
2. DNITNo: 02/EE/WRD-11/2023-24, Estimated. Cost. Rs.4, 10,000/-. EMD Rs. 8,200/-. Time:- 1(one) Year.
3. DNITNo: 03/EE/WRD-I1/2023-24. Estimated. Cost. Rs.4, 10,000/-. EMD Rs. 8,200/-. Time:- 1(one) Year.
4. JDNIT.No: 04/EE/WRD-I1/2023-24. Estimated. Cost. Rs.3, 54,000/-. EMD Rs. 7,080/-. Time:- 1 (one) Year.
5, DNITNo: 0S/EE/WRD-II/2023-24. Estimated. Cost. Rs.3, 54,000/-. EMD Rs. 7,080/-. Time:-1 (one) Year.

Receipt of application for issue of tender from will be stopped on 18-04-2023 at 4.00 P.M and issue of tender forms will be stopped on 19-04-2023 at 5.30 P.M.
Details tender notice and other details may be seen in the office of the undersigned.

ICA/C082/23

(Er. Parimal DeBrlath),
Executive Engineer,
Water Resource Division No-II,
Gurkhabasti, P.N. Complex,Agartala. Tripura(W).
“ Eor ai ehalf of the “Govermor of Tripura”

SHORTH NOTICE INVITING QUOTATION

On behalf of the Governot of Tripura the under-signed invites sealed price quotation from bonafide Bidder / Agency / Shopss etc. “Tender of Matertals for observation of Fire Service Week for Tripura Fire & Emergency Services” as per Specification, Terms & Conditions giver below :
4. The sealed Quotations shall be dropped in the Tender Box at Directorate of Fire & Emergency Services, Agartala up to 4 PM on 11.04.2023 and shall be opened on the same day. No further communication shall be made in this regard to the bidders.
5. Tender form is to be downloaded from the website https:/Aripura.gov.in and https:/ fireservice.tripura.gov.in by eligible bidders.
6. This notice is only to provide most preliminary information to the interested bidders. The copy of
the DNIT may be inspected and collected from the Office of the undersigned up to 11.04.2023 (up to 12.00 Noon).

Joint Director
Fire & Emergency Services,
Tripura :Agartala.

ICA/C-079/23

**PNIeTNo. 01 /EE/DWS/BLG/2023-24 dated 04/04/2023**

The Executive Engineer, DWS Division, Bishalgarh Sepahijala District, Tripura on behalf of the “Governor of Tripura” invites on line percentage rate single bid from eligible bidders up to 15.00 hrs. 24/04/2023 for Augmentation/Retrofitting of existing DWS section office at Goutam Colony, Bishalgarh for accommodation of O/O the EE, DWS Division, Bishalgarh/SH:- Construction of addl. Rooms with all allied works (2"4 Call). For details please visit https:// tripuratenders.gov.in and https://etenders.gov.in / eprocure /app. or contact with at the O/O the Executive Engineer, DWS Division, Bishalgarhfor clarifications. if any.

ICA/C-074/23

(Er. A. B. Chaudhury)
Executive Engineer
DWS Division, Bishalgarh

**PRESS NOTICE INVITING e- TENDER NO: 0] /EE/ENGG.CELL/DSE/2023-24, Dt 05/04/2023**
**The Engineering Cell.**

Secondary Education Department, Shishu Bihar Complex, Agartala, Percentage rate e-tender(s) from the Central & State public sector undertakin; appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other Si 05/04/2023 The Engineering Cell, Tripura invites on behalf of the ‘Governor of Tripura’ sealed ig / enterprise and eligible Contractors /Firms/ Agencies of tate PWD up to 3.00 P.M. on 26/04/2023 for the following

| Sl-No | Name of Work | Estimated Cost | Earnest Money | Last Date of Bidding | Time for completion | Date of opening |
|---|---|---|---|---|---|---|
| 1 | Major Repairing of Janmejoy Nagar HS School under Belbari B lock, West Tripura during the year 2023-24. DNIeT No: 01/EE/ENGG. CELL/DSE/2023-24. | Rs250000. 00 | Rs. 5000.00 | Up to 15.00 Hrs on 26/04/2023... | 30 days. | 27/04/2023 on 11.00 AM. |

Eligible bidders shall participate in bidding only in online through website u 24x7 until the time of Bid closing as mentioned above. The e- Pr after the scheduled date and time. Submission of bids physically

ICA/C-070/23

Executive Engineer,
Engineering Cell, Directorate of
Secondary Education, Agartala.West

## সাত মাঠে সাত খেলা, রাজ্য অনূর্ধ-১৫ ক্রিকেটের শুরু আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।।উদ্বোধনী দিনে সাত মাঠে আগামীকাল হবে ৭ টি ম্যাচ। রাজ্য অনূর্ধ-১৫ ক্রিকেটের। আগামীকাল, ৮ এপ্রিল থেকে শুরু হবে রাজ্য আসর। এবছর আসর সদর মহকুমার পাশাপাশি মোহনপুর, শান্তিরবাজার, সাব্রুম, মেলাঘরের শহীদ কাজল ময়দান এবং কৈলাসহরে অনুষ্ঠিত হবে। আগামীকাল উদ্বোধনী দিনে নরসিংগড় পঞ্চাযেত মাঠে খোয়াই খেলবে মোহনপুর মহকুমার বিরুদ্ধে, মোহনপুর স্কুল মাঠে তেলিয়ামুড়া খেলবে বিশালগড় মহকুমার বিরুদ্ধে, বাইখোড়া স্কুল মাঠে সাব্রুম খেলবে শান্তিরবাজার মহকুমার বিরুদ্ধে, সাব্রুম স্কুল মাঠে বিলোনিয়া খেলবে সোনামুড়া স্কুলের বিরুদ্ধে, মেলাঘরের শহীদ কাজল ময়দানে অমরপুর খেলবে আমবাসার বিরুদ্ধে, কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয় মাঠে লংতাইভ্যালি খেলবে কমলপুরের বিরুদ্ধে এবং আর কে আই মাঠে কাঞ্চনপুর খেলবে গন্ডাছড়ার বিরুদ্ধে। আসরের দুটি সেমিফাইনাল ম্যাচ হবে ১৯ এপ্রিল। ফাইনাল ২১ এপ্রিল। আসরে অংশ নেওয়া ১৯ দলকে ৪ টি গ্রুপে রাখা হয়েছে। সদর ‘এ’, খোয়াই, তেলিযামুড়া, মোহনপুর, বিশালগড় (‘এ’ গ্রুপ), উদয়পুর, সাব্রুম, বিলোনিয়া,শান্তিরবাজার, সোনামুড়া (‘বি’ গ্রুপ), সদর ‘বি’, অমরপুর, কৈলাসহর, আমবাসা (‘সি’ গ্রুপ), ধর্মনগর, লংতরাইভ্যালি, কাঞ্চনপুর, কমলপুর এবং গন্ডাছড়া (‘ডি’ গ্রুপ)। রাজ্য আসর সুষ্ঠভাবে সম্পন্ন করতে সবকটি মহকুমা জোর প্রস্তুতি নিয়েছে। সাজিয়ে তোলা হয়েছে মাঠগুলোকে।

## ঘরোয়া টি-টোয়েন্টি ক্রিকেটে জয়ের হ্যাটট্রিক কসমোপলিটনের

### কসমোপলিটন:- ৯৭/১০(২০) মৌচাক:- ৯০/৭(১৯.২)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। জয়ের হ্যাটট্রিক করলো কসমোপলিটন ক্লাব। লো স্কোরিং ম্যাচে কসমোপলিটন ৭ রানে পরাজিত করলো মৌচাক ক্লাবকে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটে। নরসিংগ পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত শুক্রবার বিকেলের ম্যাচে কসমোপলিটন টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে মাত্র ৯৭ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে এমেয়া সুমন ২৪ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৭, দলনায়ক পল্লব দাস ১৩ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ এবং অভিষেক শর্মা ৫ বল খেলে ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১০ রান করেন। মৌচাকের পক্ষে সৌরদীপ দেববর্মা (৩/১২) এবং শ্যামল বিশ্বাস (২/২৪) সফল বোলার। জবাবে খেলতে নেমে মৌচাক ক্লাব ৯০ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে শশীকান্ত বীন ৪২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২৯, এবং প্রীতম দাস ৩৩ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২২ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ১২ রান। কসমোপলিটনের পক্ষে চন্দন রায় (৩/১৫), দলনায়ক পল্লব দাস (২/১০) এবং ইন্দ্রজিৎ দেবনাথ (২/২২) সফল বোলার।

## অমরপুরে আজ থেকে সিনিয়র ক্রিকেট শুরু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে ব্রু সুংনাই মথৌ এবং বায়াখা বাক্সা ক্লাব। রাঙ্গামাটি মাঠে হবে ম্যাচটি। অমরপুর মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেট টুর্নামেন্ট। এবছর আসরে অংশ নিয়েছে ১০ টি দল:‘এ’ গ্রুপে রয়েছে: দেবার্পিত ক্রিকেট আকাদেমি, ইয়াপ্রি কৌতাল ক্লাব, ডালাক ভি সি, প্লেয়ার্স একাদশ, জুপিটার ক্লাব, ‘বি’ গ্রুপে রয়েছে: আজাদ হিন্দ ক্লাব, বামপুর পি সি, ব্রাইট ডায়মন্ড ক্লাব, ব্রু সুংনাই মথৌ, বায়াখা বাক্সা ক্লাব। ২ মে হবে আসরের শেষ ম্যাচ। মহকুমা ক্রিকেট সংস্থার সচিব উজ্জ্বল দত্ত আসরের ক্রীড়াসূচী ঘোষনা করেন। আসরের সবকটি ম্যাচ হবে রাঙ্গামাটি স্কুল মাঠে।

## অনূর্ধ-১৫ রাজ্য ক্রিকেটে খোয়াই টিমের নেতৃত্বে শুভ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। খোয়াই মহকুমা দলকে নেতৃত্ব দেবে শুভদীপ পাল। ডেপুটি হিসাবে থাকবে অনিকেত মোদক। রাজ্য অনূর্ধ-১৫ ক্রিকেটে। খোযাই মহকুমাকে আসরে ‘এ’ গ্রুপে রাখা হয়েছে। ওই গ্রুপে খোয়াই ছাড়া রয়েছে সদর ‘এ’, তেলিযামুড়া, মোহনপুর, বিশালগড় মহকুমা। উদ্বোধনী দিনে মোহনপুর মহকুমার বিরুদ্ধে খেলবে খোয়াই মহকুমা। নরসিংগড় পঞ্চাযেত মাঠে হবে ম্যাচটি। কোচ পীযুষ দেব আসরে ভালো খেলা নিয়ে আশাবাদী। ঘোষিত দল: শুভদীপ পাল (অধিনায়ক), পাপন আচার্য, শুভজিৎ পাল, অনিকেত মোদক (সহ অধিনায়ক), শুভজিৎ নম: দাস, বিশাল নম: দাস, রাজদীপ ঘোষ, শীতল দেবনাথ, সুজয় ধর, বিশাল সূত্রধর, উদ্ভাস দেব, শুভায়ন দেবনাথ, প্রলয় দেবনাথ, কিষান বিশ্বাস, অনীক দেবনাথ এবং কিষান দাস। কোচ: পীযুষ দেব।

## কুমারঘাটে রাজ্য ভলিবল জমজমাট শুরু সমাপ্তি ও পুরস্কার বিতরণ কাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। রাজ্য ভলিবল চ্যাম্পিয়নশিপ বেশ জমজমাট পর্যায়ে অনুষ্ঠিত হচ্ছে। আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে শুক্রবার। আনুষ্ঠানিকতার রেশ কাটতে না কাটতেই শুরু হয়েছে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ লড়াই। মহিলা বিভাগের প্রথম ম্যাচে উত্তর ত্রিপুরা জেলা দল এবং পশ্চিম ত্রিপুরা জেলা দল পরস্পরের মুখোমুখি হয়েছে।

সংবাদ লেখা পর্যন্ত সময়ে হাড্ডাহাড্ডি লড়াই চলছে বলে খবর রয়েছে। উল্লেখ্য, কুমারঘাটে ৪৪ তম পুরুষ এবং ৩৫ তম মহিলা রাজ্য স্তরীয় কৃষ্ণ চন্দ্র সাহা স্মৃতি ভলিবল চ্যাম্পিয়নশিপ- ২০২৩ আজ, শুক্রবার থেকে শুরু হয়েছে। তিন দিনব্যাপী এই প্রতিযোগিতা চলবে ৯ এপ্রিল পর্যন্ত। ঊনকোটি জেলার কুমারঘাটে পূর্ত দপ্তরের গ্রাউন্ডে আয়োজিত এই ভলিবল প্রতিযোগিতায় প্রায় ৭৫ হাজার টাকা প্রাইজমানি প্রদান করা হবে। আগরতলার শিবনগরের প্রয়াত কৃষ্ণ চন্দ্র সাহার পরিবার এই টুর্নামেন্টে অন্যান্য বারের মতো এবারও স্পন্সররের ভূমিকায় এগিয়ে এসেছেন।

প্রতিযোগিতা শুরুর প্রাক্কালে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে চ্যাম্পিয়নশীপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়।

অনুষ্ঠানের বিধায়ক ভগবান দাস সহ অন্যান্য অতিথিবৃন্দ এবং সংস্থার কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বলাবাহুল্য, ত্রিপুরা ভলিবল অ্যাসোসিয়েশন অনুমোদিত রাজ্যের আটটি ইউনিট থেকে পুরুষ বিভাগে নয়টি দল এবং মহিলা বিভাগে নয়টি দল এই টুর্নামেন্টে অংশ নিয়েছে।

উল্লেখ্য, পুরুষ ও মহিলা উভয় বিভাগে চ্যাম্পিয়ন দলকে দশ হাজার টাকা, রানার্সআপ দলকে আট হাজার টাকা, সেমিফাইনালে বিজিত দলকে পাঁচ হাজার টাকার পাশাপাশি অংশগ্রহণকারী প্রতিটি দলকে সান্তনা পুরস্কার স্বরূপ আড়াই হাজার টাকা করে প্রাইজমানি দেওয়া হবে। এছাড়া, দুই বিভাগের সেরা খেলোয়াড়ও পাবেন প্রাইজমানি তিন হাজার টাকা করে।

## টিএফএ-র বৈঠকে ফুটবলের উত্তরণে ঐতিহাসিক পদক্ষেপ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। কাজল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট দিয়ে এবারকার মরশুম শুরু হবে। এটি হবে আন্তঃ স্কুল টুর্নামেন্ট। এরপর একে একে অনূর্ধ ১৩ বালক ও বালিকাদের জেলা ভিত্তিক রাজ্য আসরের পর বীরেশ্বর পাল স্মৃতি সি ডিভিশন ফুটবল লিগ এবং মহিলা ফুটবল লিগ টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। এই পাঁচটি টুর্নামেন্ট আগামী মে মাসের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী মাসে রাখা হয়েছে ছয়টি টুর্নামেন্ট। যথাক্রমে অনূর্ধ ১৭ বালক ও বালিকাদের জেলা ভিত্তিক রাজ্য আসর, শশধর দত্ত স্মৃতি ওপেন স্টেট ক্লাব টুর্নামেন্ট, ননীগোপাল স্মৃতি অনূর্ধ ১৯ স্টেট ক্লাব টুর্নামেন্ট, লাড্ডু দত্ত স্মৃতি বি ডিভিশন ফুটবল লিগ এবং মহিলাদের নকআউট ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হবে জুন মাসে। জুলাই মাসের সূচিতে রাখা হয়েছে জেলাগুলোতে তৃণমূল পর্যায়ে ফুটবল টুর্নামেন্ট, যেমন- বয়স ভিত্তিক অনূর্ধ ৮, অনূর্ধ ১১ বালক-বালিকা উভয় বিভাগের প্রতিযোগিতা। পরে হবে জেলা স্তরীয় অনূর্ধ ১৫ বালিকা ও বালকদের যুবলীগ বালকদের ইয়ুথ লীগ ফুটবল এবং খেলো ইন্ডিয়া বালিকাদের ফুটবল টুর্নামেন্ট। আগস্ট মাসে রাখা হয়েছে রাখাল স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্ট এবং চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন ফুটবল লিগ। আজ, শুক্রবার দুপুরে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের অফিস গৃহে সংস্থার পেট্রন, সভাপতি, সহ-সভাপতি সাধারণ সম্পাদক, যুগ্ম সম্পাদকের উপস্থিতিতে জেলা ভিত্তিক ফুটবল এসোসিয়েশন অনুমোদিত সমস্ত জেলা প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২০২৩-২৪ মরশুমে এই প্রথম ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত বিভিন্ন বয়স ভিত্তিক ছেলে এবং মেয়েদের উভয় বিভাগে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য সরকার, স্কুল শিক্ষা দপ্তর এবং ত্রিপুরার সকল অংশের জনগণের সহযোগিতায় এই প্রতিযোগিতা সম্পন্ন হবে বলে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন বিশ্বাস করে। টিএফএ-র সাধারণ সম্পাদক অমিত চৌধুরী এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

## ওপিসি-কে হারিয়ে জয়ের হ্যাটট্রিক করে জেসিসি-র কো:ফাইনাল নিশ্চিত

### জেসিসি:- ১৩৩/৯(২০) ওপিসি:- ১১৬/৯(২০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।।জয়ের হ্যাটট্রিক করলো জে সি সি। শুক্রবার জে সি সি ১৭ রানে পরাজিত করলো ও পি সি কে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটে। এম বি বি সটেডিযামে অনুষ্ঠিত ম্যাচে ব্যাট হাতে দাপট দেখান জে সি সি-র উইকেটরক্ষক ব্যাটসম্যান নিরুপম সেন।

করেন ৬২ রান। সকালে প্রথমে ব্যাঐট করার সুযোগ পেয়ে জে সি সি নির্ধারিত ওভারে ৯ উইকেট হারিয়ে ১৩৩ রান করে। দলের পক্ষে উইকেট রক্ষক ব্যাটসম্যান নিরুপম সেন ৫৪ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬২, জয় কিষান সাহা ৩২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ৩০ এবং অনিরুদ্ধ সাহা ১২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১১ রান করেন।

দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ১২ রান। ও পি সি-র পক্ষে অভিজিৎ চক্রবর্তী (২/২৬) এবং মতি ত্রিপুরা (২/২৮) সফল বোলার।

জবাবে খেলতে নেমে একসময় জাকিয়ে বসেছিলো ও পি সি। কিন্তু জে সি সি-র বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে শেষ পর্যন্ত মূল্যবান পয়েন্ট পেয়েই মাঠ ছাড়েন বিশ্বজিৎ পালের ছেলেরা। ও পি সি নির্ধারিত ওভারে ১১৯ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে আকাশ আনন্দ ৩২ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ৩৯, বৈভব মালি ২১ বল খেলে ১ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৩ এবং দুর্লভ রায় ২৫ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায।এ ২১ রান করেন।

জে সি সি-র পক্ষে অভয় দ্বিভেদী (৩/২০), ভিপীন কুমার শর্মা (২/২) এবং বিকাশ মজুমদার (২/৩৮) সফল বোলার।

## গার্লস ক্রিকেটের ২টি ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। একদিন বন্ধ থাকার পর আগামীকাল হবে দুটি ম্যাচ। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত প্রথমবর্ষ পশ্চিম জেলা অনূর্ধ-১৭ বালিকাদের আন্ত: স্কুল টি-২০ ক্রিকেটের। আগামীকাল সকাল সাড়ে ৮ টায় প্রনবানন্দ স্কুল খেলবে ভবনসত্রিপুরা বিদ্যামন্দিরের বিরুদ্ধে এবং দুপুর ১টায় আসাম রাইফেলস খেলবে নন্দননগর স্কুলের বিরুদ্ধে। ড: বি আর আম্বেদকর স্কুল মাঠেই হবে দুটি ম্যাচ। ৪ দলই শুক্রবার শেষ প্রস্তুতি সেরে নেয়। ইতোমধ্যে অনুষ্ঠিত চারটি ম্যাচে বিদ্যাসাগর উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরপর দুই ম্যাচে যথাক্রমে আসাম রাইফেলসকে চার উইকেটে এবং বড়দোয়ালি স্কুল দলকে নয় উইকেটে পরাজিত করে তালিকার শীর্ষে অবস্থান করছে। অপর ম্যাচে প্রণবানন্দ বিদ্যামন্দির নয় উইকেটে বড়দোয়ালি স্কুল দলকে এবং নন্দননগর স্কুল দল আট উইকেটে ভবনসত্রিপুরা বিদ্যামন্দিরকে পরাজিত করেছে।

## শান্তিকামী সংঘে ওপেন পূর্বোত্তর প্রাইজমানি কাবাডির ফাইনাল আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ এপ্রিল।। শান্তিকামী সংঘে আয়োজিত ওপেন পূর্বোত্তর প্রাইজমানি কাবাডি চ্যাম্পিয়নশিপ বেশ জমজমাট পর্যায়ে। দ্বিতীয় দিনে আজ, শুক্রবার বেশ কটি গুরুত্বপূর্ণ ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। সংবাদ লেখা পর্যন্ত সময়েও লীগ পর্যায়ের খেলা চলছে। আগামীকাল অন্তিম দিনে মূল পর্বের খেলা অর্থাৎ সেমিফাইনাল, ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। সবশেষে হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। উল্লেখ্য, বৃহস্পতিবার সন্ধ্যায় এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রতিযোগিতার অনুষ্ঠানিক উদ্বোধনের পর প্রথম পর্যায়ের খেলায় বড়জলা বজরং দল ৫৫-৩২ পয়েন্টের ব্যবধানে তৈবান্দাল-বি দলকে পরাজিত করেছে। অপর খেলায় মোহনপুর মর্নিং ক্লাব ৩১-১৮ পয়েন্টে আয়োজক শান্তিকামী সংঘকে পরাজিত করেছে।

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023





গুডফ্রাইডে উপলক্ষে কৃষ্ণনগর চার্চে বিশেষ প্রার্থনা। ছবি নিজস্ব।

# কলসী ও কোয়াইফাং এডিসি ভিলেজ পরিদর্শন করলেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৭ এপ্রিল।।** দীর্ঘ অনেকবছর পর জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্র বাম অপশাসন থেকে মুক্তি পেয়েছে। বর্তমানসময়ে জোলাইবাড়ী বিধানসভার জনপ্রীয় বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া লোকজনের উন্নয়নের স্বার্থে কাজকরেযাচ্ছেন। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ভোটে জয়লাভের পর বসে নাথেকে প্রতিনিয়ত জোলাইবাড়ীর লোকজনদের সঙ্গে জনসম্পর্ক করেযাচ্ছেন। বাম আমলে দেখাযেতো ভোটে জয়লাভের পর মন্ত্রী বিধায়করা লোকজনের খোঁজ খবর রাখতেননা। বাম আমলে ভোটের সময় নেতৃত্বরা জনগনের বাড়ীতে যেতেন। ভোট শেষে কোনো মন্ত্রী বিধায়ককে লোকজনের পাশে দারাতে দেখাযায়নি। কিন্তু বর্তমান সময়ে রাজ্যে বিজেপি আই পি এফ টির জোট সরকারের মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া সম্পূর্ন ব্যতিক্রম ভূমিকা পালন করছেন। তিনি মন্ত্রী পদ পাওয়ার পরথেকে জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রের উন্নয়নস্বার্থে কাজকরেযাচ্ছেন। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া নির্বাচনের পূর্বে যেসকল পতিশ্রুতি দিয়েছেন তা পালন করারজন্য কাজকরেযাচ্ছেন। বিগত বাম আমলে জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রের লোকজনেরা পানিয় জলের সমস্যায় ভুগতেন। এই পানীয়জলের সমস্যাসমাধানে বিশেষ পদক্ষেপ গ্রহনকরেছেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। শুক্রবার সকালবেলা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া ঙ্গঢছ দপ্তরের আধিকারিকদের নিয়ে জোলাইবাড়ী বিধানসভাকেন্দ্রের কলসী ও কোয়াইফাং এডিসি ভিলেজ পরিদর্শন করেন। আজকের এই পরিদর্শনে মন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন জোলাইবাড়ী ব্লকের পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দত্ত ও ব্লকের বি এস সি চেয়ারম্যান অশোক মগ। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার উদ্দ্যোগে কলসী ও কোয়াইফাং এডিসি ভিলেজে লোকজনদের ঘরে পানীয় জল পৌঁছেদিতে কাজ চলছে দ্রুতগতিতে। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজকের এই পরিদর্শনের মধ্যদিয়ে দপ্তরের আধিকারিকদের দ্রুততারসহিত কাজ সমাপ্তি করার পরামর্শদেন। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়াকে কাছে পেয়ে খোবই আনন্দিত লোকজনেরা। মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার উপস্থিতিতে জোলাইবাড়ীর লোকজনেরা নতুনকরে সপ্নদেখা শুরুকরেছে।

# জোলাইবাড়িতে বন নিধন রুখে দিল বনকর্মীরা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৭ এপ্রিল।।** শান্তির বাজার মহকুমার অন্তর্গত জোলাইবাড়ীর কাকুলিয়া ফরেষ্ট রেঞ্জে শেখর লোধ রেঞ্জারের দায়িত্বে আসারপরথেকে বনসংক্ষনের উপর বিশেষ গুরুত্বদিয়েছেন। রেঞ্জারের উদ্যোগে জোলাইবাড়ীর বিভিন্ন জায়গায় সবুজ বনায়নের লক্ষ্যে বৃক্ষরোপন করাহয়েছে। এছারা রেঞ্জার শেখর লোধের নেতৃত্ব প্রতিনিয়ত বনদস্যুদের বনধ্বংসকরার পথ বন্ধ করার লক্ষ্যে ও বনকে রক্ষারজন্য বিশেষ অভিযান চালানোহয়। চোরাইকাঠ উদ্ধারকরা, বালি চুরি করাবন্ধকরাথেকে শুরু করে নানান অবৈধকাজ বন্ধরাখতে বিশেষ পদক্ষেপ গ্রহন করাহচ্ছে। এরইমধ্যে শুক্রবার বনদস্যুদের অবৈধ প্রচেষ্টাকে ব্যর্থকরেদিলো বনদপ্তর। মুহুরিপুর ফরেষ্ট নার্সারি সংলগ্ন এলাকায় কাকুলিয়া বনদপ্তর ও বিলোনিয়া বনদপ্তরের উদ্যোগে বনদস্যুদের আটককরতে জালপাতা হয়। বনদস্যুরা বনদপ্তরের কর্মীদের উপস্থিতির টেরপেয়ে উদের সরঞ্জাম ফেলেরেখে ঘটনাস্থল থেকে পালিয়েযায়। সেই ঘটনাস্থলথেকে বনদপ্তরের কর্মীরা একটি গাছকাঁটার মেশিন বাজেয়াপ্তকরে কাকুলিয় ফরেষ্ট রেঞ্জে নিয়েআসে। বনদপ্তরের এইধরনের অভিযান প্রতিনিয়ত জারিথাকবে বলে জানাযায়।

# পড়াশোনার পাশাপাশি খেলাধুলায় মনোযোগী হতে আহ্বান জানালেন উপজাতি কল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** শুক্রবার কৃষ্ণপুর বিধানসভার অন্তর্গত পূর্ণ চন্দ্র করবং পাড়া এসবি স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ।বিদ্যালয়ের ক্রিড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রীকে কাছে পেয়ে বিদ্যালয়ের কচিকাঁচা ছাত্র ছাত্রীদের মধ্যে উৎফুল্লতা । তিনি হলেন রাজ্যের জন জাতি কল্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা সরকারের উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া বিদ্যালয় পরিদর্শক বিশ্বজিৎ দেববর্মা, এলাকার গ্রাম প্রধান সহ অন্যান্যরা। মন্ত্রী এদিনের অনুষ্ঠানে বলেন এই বিদ্যালয়ের কিছু সমস্যা রয়েছে। এর মধ্যে মিড ডে মিলের জন্য ডাইনিং হল নেই। অচিরেই এই অসুবিধা গুলি নিরসনের ব্যবস্থা করে দেবেন বলেও জানান। তিনি বিদ্যালয়ের পঠন পাঠন ও অন্যান্য ব্যবস্থার প্রশংসা করেন। ক্রিড়া প্রতিযোগিতার শেষে শিক্ষার্থীদের মধ্যে স্কুল ব্যাগ, ছাতা ও অন্যান্য শিক্ষণ সামগ্রী তুলে দেন মন্ত্রী। এদিন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথির ভাষণে উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন পড়াশোনার পাশাপাশি ছেলে-মেয়েদের খেলাধুলার প্রতি মনোযোগী হতে হবে। খেলাধুলা মধ্য দিয়ে সুস্বাস্থ্যের অধিকারী হওয়া সম্ভব। সুস্বাস্থ্যের অধিকারী না হলে পড়াশোনায় মনোযোগ আসবেনা। শিক্ষক শিক্ষিকাদের পাশাপাশি অভিভাবকদেরকেও ছেলেমেয়েদের খেলাধুলায় আকৃষ্ট করার জন্য আহ্বান জানিয়েছেন মন্ত্রী।

# ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন রাজ্যশাখার দুদিন ব্যাপী সম্মেলন শুরু আজ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। শনিবার আইএম এ হাউসে ত্রিপুরা রাজ্য সরকার সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। দু দিনব্যাপী রাজ্য সম্মেলনকে কেন্দ্র করে সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা। এ বিষয়ে বিস্তারিত তথ্য জানান এসোসিয়েশনের রাজ্য সভাপতি দামোদর চ্যাটার্জী।

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন ত্রিপুরা রাজ্য শাখার ৫৩তম অল ত্রিপুরা মেডিকেল কনফারেন্স অনুষ্ঠিত হবে। ৮ ও ৯ই এপ্রিল আগরতলাতে অনুষ্ঠিত হবে এই কনফারেন্স। শনিবার আই এম এ-হাউসে কনফারেন্সের সূচনা করবেন মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। এছাড়াও বিকালের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মেয়র দীপক মজুমদার। একই দিনে বিশিষ্ট চিকিৎসকদের সম্মাননা জ্ঞাপন করা হবে। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে জানান ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের রাজ্য সভাপতি দামোদর চ্যাটার্জী। ছিলেন রাজ্য সম্পাদক এ কে চাকমা, কার্যকরী সম্পাদক রাজীব দেবনাথ সহ অন্যান্যরা। কনফারেন্সে স্বাস্থ্য সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করা হবে বলে জানান ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের রাজ্য সভাপতি দামোদর চ্যাটার্জী।

# চিন্তা বাড়াচ্ছে করোনা ! সার্বিক পরিস্থিতি নিয়ে বিভিন্ন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠক মনসুখের

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): ভারতে নতুন করে চিন্তা বাড়াচ্ছে করোনাভাইরাস। বিগত প্রায় এক সপ্তাহ ধরে দেশের বিভিন্ন রাজ্যে করোনার সংক্রমণ ঊর্ধমুখী। বাড়ছে মৃত্যুও। করোনার এই বাড়বাড়ন্ত রুখতে শুক্রবার বিভিন্ন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীদের সঙ্গে করোনা নিয়ে বৈঠক করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। দেশের বিভিন্ন কেন্দ্রশাসিত অঞ্চলের স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গেও বৈঠক করেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া। এই বৈঠক উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী ভারতী পওয়ারও।ভারতে নতুন করে চিন্তা বাড়াচ্ছে করোনা। রোজই একটু একটু করে বাড়ছে করোনার সংক্রমণ। মৃত্যু বৃদ্ধি পাওয়াই বেশি চিন্তা বাড়াচ্ছে। ইতিমধ্যেই করোনা নিয়ে পর্য্যালোচনা বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

# বিশ্ব স্বাস্থ্য দিবসে বর্ণাঢ্য র‍্যালি




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে হেপাটাইটিস ফাউন্ডেশনের পক্ষ থেকে রাজধানী আগরতলায় এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়েছে। শুক্রবার সকালে ওই র‍্যালিটি রাজবাড়ীর সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করেছে। পুনরায় ওই র‍্যালিটি রাজবাড়ী প্রাঙ্গণে এসে শেষ হয়েছে।

এদিন যুব ও ক্রীড়া বিষয়ক দফতরের মন্ত্রী টিংকু রায় বলেন, এক সময় মানুষ গৃহ বন্দি ছিলেন। তখন করোনা মহামারি থেকে উদ্ধার করতে স্বাস্থ্য কর্মী ও চিকিৎসকরা যে অগ্রণী ভূমিকা নিয়েছিলেন তা কখনো ভুলার নয়। সাথে তিনি দাবি করেন, যথা সময়ে ভ্যাকসিন তৈরির ফলে বিদেশীরাও আজ করোনা মহামারি থেকে মুক্তি পেয়েছেন।

# প্রধানমন্ত্রীকে খোলা চিঠি জেলবন্দি সিসোদিয়ার, মোদীর শিক্ষা নিয়ে তুললেন প্রশ্ন

নয়াদিল্লি, ৭ এপ্রিল (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে খোলা চিঠি লিখলেন জেলবন্দি দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির শীর্ষ নেতা মনীশ সিসোদিয়া। প্রধানমন্ত্রীকে লেখা খোলা চিঠিতে তাঁরই শিক্ষা নিয়ে প্রশ্ন তুলেছেন সিসোদিয়া। চিঠিতে সিসোদিয়া লেখেন, 'ভারতের প্রগতির জন্য, একজন শিক্ষিত প্রধানমন্ত্রী থাকা অত্যন্ত আবশ্যিক।'

এই মুহূর্তে দিল্লির তিহার জেলে বন্দি রয়েছেন দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির শীর্ষ নেতা মনীশ সিসোদিয়া। জেল থেকেই প্রধানমন্ত্রীকে হিন্দিতে চিঠি লিখেছেন মনীশ সিসোদিয়া। হিন্দিতে লেখা চিঠিতে প্রধানমন্ত্রীর শিক্ষা নিয়ে প্রশ্ন তুলেছেন দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী। খোলা চিঠির একেবারে উপরে তিনি লেখেন, 'তিহার জেল থেকে প্রিয় দেশবাসীর হয়ে চিঠি।'

# সমুদ্রে বিধ্বস্ত জাপানের সামরিক হেলিকপ্টার, নিখোঁজ ১০ আরোহী

টোকিও, ৭ এপ্রিল (হি.স.) : জাপানের একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। বৃহস্পতিবার দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ওকিনাওয়া দ্বীপের মিয়াকোজিমার কাছে সমুদ্রে বিধ্বস্ত হয় বিমানটি। এতে নিখোঁজ হন অন্তত ১০ জন আরোহী। বিমানে থাকা যাত্রীদের জীবিত উদ্ধারে তল্লাশি অভিযান শুরু করেছে দেশটির নিরাপত্তা বাহিনী।

এক সংবাদ সম্মেলনে জাপানের স্থল প্রতিরক্ষা বাহিনীর (জিএসডিএফ) প্রধান জেনারেল ইয়াসুনোরি মরিশিতা, জানান ব্ল্যাক হক নামে পরিচিত জাপানের সামরিক বাহিনীর একটি ইউএইচ-৬০ হেলিকপ্টারটি সৈন্যদের পরিবহন করছিল। মিয়াকোজিমায় জিএসডিএফের ঘাঁটি থেকে হেলিকপ্টারটি উড্ডয়নের কিছুক্ষণ পর এর সঙ্গে রাডারের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সেটি মিয়াকোজিমার চারপাশে টহল দিচ্ছিল।সেটি ওকিনাওয়া দ্বীপের কাছে সাগরে বিধ্বস্ত হয়েছে। এমনটিই মনে করছেন দেশটির সামরিক কর্মকর্তারা।

# দক্ষিণ ঘিলাতলিতে কৃষকের জমিতে দুষ্কৃতকারীদের হানা

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৭ এপ্রিল।।** দুষ্কৃতকারীদের ফসলের জমিতে হানা। কৃষকের মাথায় হাত। লাখ লাখ টাকার ক্ষতি। থানায় দারস্ত কৃষক। ঘটনা কল্যাণপুর থানা এলাকার দক্ষিণ ঘিলাতলী তে। কল্যাণপুর থানা সূত্রে জানা যায়, কে বা কারা গতকাল অর্থাৎ বৃহস্পতিবার রাতে কোন এক সময় কল্যাণপুর থানা এলাকার দক্ষিণ ঘিলাতলীর বাসিন্দা পেশায় কৃষক মতিলাল দাসের জমিতে হানা দেয়। দুষ্টিতকারীরা হানা দিয়ে উনার ক্ষেতের প্রায় ৪০০ কারকুল গাছ এবং ১০০ জালি কুমড়ো গাছ কেটে দেয় বলে অভিযোগ। কৃষক মতিরল দাস নিত্যদিনের মতো শুক্রবার সকালে নিজ জমিতে কাজ করতে গিয়ে হতবাক হয়ে যান। দেখেন কে বা কারা গাছগুলি কেটে রেখে চলে গেছে। তিনি একটা সময় ঘটনা প্রত্যক্ষ করে কাঁদতে শুরু করেন। সমস্ত ঘটনা কল্যাণপুর থানায় ছুটে গিয়ে পুলিশকে জানান। কারা এমন ক্ষতি করল বা এর পেছনে কি রহস্য লুকিয়ে রয়েছে আরও বিভিন্ন প্রশ্ন উকি দিচ্ছে। সবেমাত্র কয়েকদিন পরেই ফসল আসবে নিজ খেতে। নিজ কার কোল ক্ষেতের এমন অবস্থা দেখে অসহায় হয়ে পড়েন কৃষক। কারণ কৃষি কাজ করেই নিজের সংসার প্রতিপালন করে থাকেন কৃষক মতিলাল। এখন কি করবেন সেটাই বুঝি পাচ্ছেন না। ঘটনার খবর পেয়ে তদন্ত করতে সকালেই মতিলাল দাসের জমিতে ছুটে যায় কল্যাণপুর থানার পুলিশ।

# কল্যাণপুরে যুব মোর্চার উদ্যোগে সাফাই অভিযান

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৭ এপ্রিল।।** কল্যাণপুরে যুব মোর্চার উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযান। শুক্রবার দুপুরে এই স্বচ্ছ ভারত অভিযান হয় কল্যাণপুর শ্মশান ঘাটে। ভারতীয় জনতা পার্টির প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্র করে আজ যুব মোর্চা কল্যাণপুর মন্ডল কমিটির উদ্যোগে এক স্বচ্ছ ভারত অভিযান করা হয় কল্যাণপুর শ্মশান ঘাটে। অভিযান কে ঘিরে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয় যুব মোর্চার সদস্যদের মধ্যে। অভিযানের সামিল হন যুব মোর্চা কল্যাণপুর মন্ডল কমিটির সভাপতি শুভঙ্কর সেন, অরুপ আচার্জী, বিনয় দেবরায় সহ অন্যান্যরা। আগামী দিন কল্যাণপুর যুব মোর্চা মন্ডল কমিটির উদ্যোগে আরো বিভিন্ন সামাজিক কাজ করা হবে বলে জানান শুভঙ্কর সেন। এদিন কল্যাণপুর শ্মশান ঘাট কে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়। যুব মোর্চার এমন কাজে সবাই বেশ খুশি।

# বিজেপির প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসেবে চন্দ্রপুর বাজারে স্বচ্ছ ভারত অভিযান



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** শুক্রবার সকালে নয় বনমালীপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত চন্দ্রপুর বাজারে এক স্বচ্ছ ভারত অভিযানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির প্রদেশ সভাপতি তথা গত বিধানসভায় নির্বাচনে এলাকার বিজিতা প্রার্থী রাজীব ভট্টাচার্য। তিনি জানান, সপ্তাহব্যাপী যে কর্মসূচি গ্রহণ করেছে দল, তারই অঙ্গ হিসেবে ২৫ নং ওয়ার্ডের উদ্যোগে এই স্বচ্ছ ভারত অভিযান সংগঠিত করা হয়। মূল লক্ষ্য হলো শুধু দলের জন্য কাজ করা নয়, সমাজের জন্যও ভারতীয় জনতা পার্টি কাজ করে বলে জানান তিনি। বিজেপির প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসেবেই এই সামাজিক কর্মসূচি পালন করা হয় বলে জানিয়েছেন তাদের সভাপতি। এদিনের সামাজিক কর্মসূচিকে কেন্দ্র করে বিজেপির কর্মী সমর্থকদের পাশাপাশি ব্যবসায়িসহ সাধারণ মানুষের মধ্যেও ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। শুধু চন্দ্রপুর বাজারেই নয় রাজ্যের সবকটি বাজার ও গুরুত্বপূর্ণ স্থানগুলিতে এধরনের স্বচ্ছ ভারত অভিযান সংগঠিত করার জন্য বিজেপির প্রদেশ সভাপতি দলীয় নেতা কর্মী সমর্থকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন শুধু রাজনীতির জন্য রাজনীতি করলে চলবে না সমাজের জন্য সেবা করার মানসিকতা নিয়ে সকল নেতাকর্মীদের কাজ করতে হবে। আগামী দিনে আরও বেশি সংখ্যক মানুষকে নিজেদের সংগঠনের অন্তর্ভুক্ত করতে হবে।। সেবামূলক কাজের মধ্য দিয়েই তাদেরকে কাছে টেনে আনার জন্য বার্তা দেন। সুপ্রভাত চন্দ্রপুর বাজারে স্বচ্ছ ভারত অভিযান কে কেন্দ্র করে স্থানীয় মানুষজনের মধ্যেও দারুন উদ্দীপনা পরিলক্ষিত হয়।

বিজেপির প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্র করে সপ্তাহ ব্যাপী নানান কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই সপ্তাহ ব্যাপী কর্মসূচীর অঙ্গ হিসাবে শুক্রবার আগরতলা পুর নিগমের ২২ নং ওয়ার্ডের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালন করা হয়। এইদিন লালবাহাদুর দীঘির পারে বৃক্ষ রোপণ করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি-র মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ঝর্ণা দেববর্মা, ২২ নং ওয়ার্ডের কাউন্সিলার হিমানী দেববর্মা, ওয়ার্ডের সভাপতি সহ অন্যানরা। এইদিন ৬০ টি গাছের চারা রোপণ করা হয়েছে বলে জানান বিজেপি-র মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ঝর্ণা দেববর্মা।

# সবার জন্য স্বাস্থ্য কর্মসূচি বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান হেপাটাইটিস ফাউন্ডেশনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** সবার জন্য স্বাস্থ্য - এই স্লোগানকে সামনে রেখে শুক্রবার হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার রাজ্য শাখার উদ্যোগে ৭৫ তম বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন করা হয়। এদিন সকালে উজ্জয়ন্ত প্যালেসের সামনে থেকে বর্ণাঢ্য শুভযাত্রার উদ্বোধন করেন যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। এছাড়া উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ কুমার দাস, হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার প্রাক্তন সভাপতি ডাঃ প্রদীপ ভৌমিক সহ অন্যান্য চিকিৎসক ও সদস্যরা। সচেতনতামূলক শোভা যাত্রাটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এদিন দিবসটি পালনের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন বিধায়ক ডঃ দিলীপ দাস বলেন হেপাটাইটিস মুক্ত রাজ্য ও দেশ গঠন করার লক্ষ্যে টিকাকরণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।। এর অঙ্গ হিসেবেই প্রতি বছরের মত এ বছরও হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আগরতলায় এ ধরনের অসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়। এ ধরনের সচেতনতামূলক কর্মসূচি মধ্য দিয়ে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা রাজ্যের প্রতিটি মানুষের কাছে হেপাটাইটিস সম্পর্কে বার্তা পৌঁছে দেওয়ার চেষ্টা করেছে। সংগঠনটি দীর্ঘদিন ধরে রাজ্যে হেপাটাইটিস টিকাকরণের কাজ করে চলেছে।।

শুধু শহর ও সমতল এলাকাতেই নয় এর রাজ্যের প্রত্যন্ত এলাকাগুলোতেও হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা হেপাটাইটিস মুক্ত করার লক্ষ্যে টীকাকরণ অব্যাহত রেখেছে। এ ধরনের উদ্যোগের ভূয়শী প্রশংসা করেছেন তিনি। বর্তমান সরকার রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নের জন্য যেভাবে কাজ করে চলেছে তাতে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা সহ অন্যান্য সংগঠনগুলিকে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন প্রাক্তন বিধায়ক তথা আইজিএম হাসপাতালে রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান ডঃ দিলীপ দাস।। এদিন বক্তব্য রাখতে গিয়ে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা প্রাক্তন সভাপতি ডক্টর প্রদীপ ভৌমিক দিবসটি পালনের তাৎপর্য ব্যাখ্যা করে বিস্তারিত বক্তব্য রাখেন।

# ফের গাজায় মিসাইল হামলা চালাল ইজরায়েল আক্রমণের প্রত্যাঘাত বলেই অনুমান

গাজা, ৭ এপ্রিল (হি.স.): ফের প্যালেস্টাইনের গাজায় মিসাইল হামলা চালাল ইজরায়েল। শুক্রবার ভোরবেলা থেকেই গাজা ও লেবাননের দিকে ধেয়ে আসে একেরপর এক ইজরায়েলি মিসাইল। বৃহস্পতিবারের হামলার পালটা হিসেবেই ইজরারেয়েলের এই আক্রমণ বলে মনে করা হচ্ছে।

প্রসঙ্গত, গত বুধবার জেরুজালেমের আল-আকসা মসজিদে ঢুকে প্যালিস্টিনিয়ান প্রার্থনাকারীদের মারধর করার অভিযোগ ওঠে ইজরায়েলি পুলিশের বিরুদ্ধে। এরপরই আবারও উত্তপ্ত হয়ে ওঠে গোটা অঞ্চল। ইজরায়েলের দিকে পরপর কয়েকটি রকেট ছোঁড়া হয় গাজার দিক থেকে।

# মহিলা মোর্চার উদ্যোগে বৃক্ষরোপণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা,৭ এপ্রিল।।** রাজ্যে নানা সামাজিক কর্মসূচির মধ্যে দিয়ে বিজেপির প্রতিষ্ঠা দিবস পালিত হচ্ছে।। প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসেবে শুক্রবার আগরতলা পুরো নিগমের বাইশ নম্বর ওয়ার্ডে মহিলা মোর্চার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। এদিন ২২টি গাছের চারা রোপন পরে ওয়ার্ড এলাকায় বৃক্ষরোপণ উৎসব পালিত হয়েছে। এদিন এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মহিলা মোর্চার নেত্রীরা বলেন গাছ আমাদের জীবন রক্ষার অন্যতম দায়িত্ব পালন করে চলেছে।। সেজন্যই রাজনৈতিক কর্মসূচির অঙ্গ হিসেবে দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বৃক্ষ রোপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রাজ্যের সর্বত্র এ ধরনের কর্মসূচিতে শামিল হতে মহিলা কংগ্রেসের সর্বস্তরের নেতা কর্মী সমর্থকদের এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে। ৬ এপ্রিল বিজেপির প্রতিষ্ঠা দিবস। এই প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্র করে সপ্তাহ ব্যাপী নানান কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই সপ্তাহ ব্যাপী কর্মসূচীর অঙ্গ হিসাবে শুক্রবার আগরতলা পুর নিগমের ২২ নং ওয়ার্ডের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালন করা হয়। এইদিন লালবাহাদুর দীঘির পারে বৃক্ষ রোপণ করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি-র মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ঝর্ণা দেববর্মা, ২২ নং ওয়ার্ডের কাউন্সিলার হিমানী দেববর্মা, ওয়ার্ডের সভাপতি সহ অন্যানরা। এইদিন ৬০ টি গাছের চারা রোপণ করা হয়েছে বলে জানান বিজেপি-র মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী ঝর্ণা দেববর্মা।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।